# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

Srabon 19, 1433 Bangla, August 03, 2026, Monday, No. 209, 56th year

# H I G H L I G H T S

Prime Minister Tarique Rahman has ordered to activate waterways around Dhaka to reduce traffic congestion, protect environment and facilitate communication. (Jago News: 12)

Tarique Rahman has reaffirmed govt's commitment to support innovators, researchers & technology entrepreneurs, saying young innovators must lead country's journey towards a technology-driven future. (Jago News: 12)

Home Minister has said, Bangladesh Police must never function as political instrument, reaffirming government's commitment to ensure public safety & build accountable & service-oriented police force. (BBC: 05)

Information and Broadcasting Minister has said that criticising government is not a crime but speaking against state will be treated as an offence. (R. Today: 24)

State Minister for Foreign Affairs has said, government is maintaining close communication with UAE & has expressed optimism that former IGP Benazir Ahmed will be brought back to Bangladesh soon. (BBC: 04)

Amid security concerns across country over recovery of two bombs in a week in Dhaka & Ashulia, Police headquarters has issued nationwide alert over possible attacks targeting law enforcement vehicles. (BBC: 03)

Chief Prosecutor of International Crimes Tribunal has confirmed that a preliminary list of 85 people killed in front of Jatrabari Police Station during July 2024 mass uprising has been found. (BBC: 07)

BERC has increased price of LPG at consumer level setting new rate of a 12kg cylinder at Tk 1,598. (DW: 10)

US President Donald Trump has said, he has agreed to cancel planned attacks on Iran on condition that Iran will reach a deal "rapidly." (BBC: 08)

New York Times has claimed that US campaign against Iran is heading toward a "strategic defeat," eroding confidence of its allies. (R. Tehran: 09)

**Director: 44813046** | **Deputy News Controller: 44813048, 44813179** | **Assistant News Controller: 44813047, 44813178**

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**শ্রাবণ ১৯, বাংলা ১৪৩৩, আগস্ট ০৩, ২০২৬, সোমবার, নং- ২০৯, ৫৬তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী তারেক রহমান যানজট কমাতে, পরিবেশ রক্ষা করতে এবং যোগাযোগ সহজ করতে ঢাকার চারপাশের জলপথগুলো সক্রিয় করার নির্দেশ দিয়েছেন। (জাগো নিউজ: ১২)

প্রধানমন্ত্রী উদ্ভাবক, গবেষক ও প্রযুক্তি উদ্যোক্তাদের সমর্থনে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে বলেছেন, প্রযুক্তিনির্ভর ভবিষ্যতের পথে বাংলাদেশের যাত্রায় তরুণ উদ্ভাবকদেরই নেতৃত্ব দিতে হবে। (জাগো নিউজ: ১২)

একটি জবাবদিহিমূলক ও সেবামুখী পুলিশ বাহিনী গঠনে সরকারের অঙ্গীকার পুনর্ব্যক্ত করে স্বরাষ্ট্রমন্ত্রী বলেছেন, বাংলাদেশ পুলিশকে কখনোই রাজনৈতিক হাতিয়ার হিসেবে ব্যবহার করা যাবে না। (বিবিসি: ০৫)

সরকারের সমালোচনা করা অপরাধ নয়, কিন্তু রাষ্ট্রের বিরুদ্ধে কথা বলাকে অপরাধ হিসেবে গণ্য করা হবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী। (রেডিও টুডে: ২৪)

সরকার সংযুক্ত আরব-আমিরাতের সঙ্গে নিবিড় যোগাযোগ রাখছে এবং সাবেক আইজিপি বেনজির আহমেদকে শীঘ্রই বাংলাদেশে ফিরিয়ে আনা হবে বলে আশাবাদ ব্যক্ত করেছেন পররাষ্ট্র প্রতিমন্ত্রী। (বিবিসি: ০৪)

ঢাকা ও আশুলিয়ায় এক সপ্তাহে দুইটি বোমা উদ্ধারের ঘটনায় দেশজুড়ে নিরাপত্তা উদ্বেগের মধ্যে পুলিশ সদরদপ্তর দেশব্যাপী সতর্কতা জারি এবং পুলিশের ব্যবহৃত যানবাহন লক্ষ্যবস্তুতে পরিণত হতে পারে বলে সতর্ক করেছে। (বিবিসি: ০৩)

২৪ তারিখের গণঅভ্যুত্থানের সময় যাত্রাবাড়ী থানার সামনে নিহত ৮৫ জনের একটি প্রাথমিক তালিকা পাওয়া গেছে বলে নিশ্চিত করেছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর। (বিবিসি: ০৭)

ভোক্তাপর্যায়ে এলপিজির দাম বাড়িয়েছে বিইআরসি, ১২ কেজি সিলিন্ডারের নতুন মূল্য নির্ধারণ করা হয়েছে ১,৫৯৮ টাকা। (ডয়চে ভেলে: ১০)

ইরানের সঙ্গে দ্রুত একটি চুক্তি হলে দেশটির বিরুদ্ধে পরিকল্পিত হামলা বাতিল করা হবে বলে জানিয়েছেন ডোনাল্ড ট্রাম্প। (বিবিসি: ০৮)

নিউইয়র্ক টাইমসের দাবি, ইরানের বিরুদ্ধে মার্কিন অভিযান কৌশলগত পরাজয়ের দিকে এগোচ্ছে যা তার মিত্রদের আস্থা ক্ষুণ্ণ করছে। (রেডিও তেহরান: ০৯)

# বিবিসি

## পরপর দুটি বোমা উদ্ধারের মধ্যেই পুলিশের সতর্কতা জারি, পরিস্থিতি কতটা উদ্বেগজনক?

বাংলাদেশে মাত্র এক সপ্তাহের ব্যবধানে ঢাকা ও এর পার্শ্ববর্তী এলাকা সাভারের আশুলিয়া থেকে দুটি বোমা উদ্ধার হওয়ার পর নিরাপত্তা ঘিরে সাধারণ মানুষের মধ্যে উদ্বেগ লক্ষ্য করা যাচ্ছে। ঘটনাগুলোর নেপথ্যে কারা, সেটি নিয়ে তদন্ত শুরু করলেও, এখনও কাউকে গ্রেফতার করতে পারেনি পুলিশ। এর মধ্যেই আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর যানবাহনে হামলা আশঙ্কা থেকে সারা দেশে সতর্কতা জারি করেছে পুলিশ সদর দপ্তর। সব মিলিয়ে পরিস্থিতি এমন পর্যায়ে পৌঁছেছে যে, গত শনিবার ঢাকার ফার্মগেট ও মিরপুর এলাকায় মেট্রোরেল স্টেশনে মালভর্তি দুটি পরিত্যক্ত ব্যাগ পড়ে থাকতে দেখে যাত্রীদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়ে। এ অবস্থায় মিরপুর-১০ নম্বর মেট্রোরেল স্টেশনটির কার্যক্রম সাময়িক সময়ের জন্য বন্ধও রাখতে বাধ্য হয় কর্তৃপক্ষ। পরে পুলিশের বোমা নিষ্ক্রিয়কারী দল ঘটনাস্থলে গিয়ে ব্যাগের মুখ খুলে একটি মধ্যে পান-সুপারি, জর্দার কৌটা এবং আরেকটির মধ্যে ময়লা-আবর্জনা দেখতে পায়। তবে পরপর দুটি বোমা পেতে রাখার ঘটনা দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতিসহ সার্বিক নিরাপত্তার ক্ষেত্রে 'অশনিসংকেতের' ইঙ্গিত দিচ্ছে বলে মনে করেন নিরাপত্তা বিশ্লেষকরা। "আইন-শৃঙ্খলার জন্য এটা অশনিসংকেত, কারণ ঘটনাগুলো যেভাবে ঘটছে তাতে মনে হচ্ছে যে, ছিনতাইকারী বা চাঁদাবাজদের মতো সাধারণ অপরাধীরা এর সঙ্গে জড়িত নয়। বরং যারা বোমাগুলো পেতে রাখছে, তাদের উদ্দেশ্য জনমনে আতঙ্ক সৃষ্টি করা এবং দেশের নিরাপত্তা ব্যবস্থাকে হুমকির মধ্যে ফেলা," বিবিসি বাংলাকে বলছিলেন নিরাপত্তা বিশ্লেষক অবসরপ্রাপ্ত মেজর মো. এমদাদুল ইসলাম। যদিও সরকার বলছে, বোমা উদ্ধারের ঘটনায় আতঙ্কিত হওয়ার কিছু নেই। "আমরা একটা পরিসংখ্যান নিয়েছি, বিগত পাঁচ-ছয় মাসের এবং তার আগের পিরিয়ডের। এখানে যে অপরাধ প্রবণতা বা কোথাও এরকম বোম রেখে যাওয়ার ঘটনা- এগুলো তদন্ত করে আমরা দেখেছি যে, আনুপাতিক হারে তুলনামূলক বিচারে এটা খুবই কম," রোববার সাংবাদিকদের বলেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। এছাড়া আগস্ট মাস ঘিরে কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগ যাতে দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতিতে বিঘ্ন ঘটাতে না পারে, সেজন্য পুলিশকে সতর্ক থাকতে বলা হয়েছে বলে জানান মি.আহমদ।

**'প্রেসার কুকার' আকৃতির বোমা**

গত বৃহস্পতিবার রাতে আশুলিয়ার খেজুরবাগান এলাকা থেকে একটি বোমা উদ্ধার হয়েছে, যেটির আকৃতি প্রেসার কুকারের মতো বলে জানিয়েছে পুলিশ। কর্মকর্তারা বলছেন, এমন আকৃতির বোমা ওই এলাকায় এর আগে আর দেখার যায়নি। "মূলত রান্নার কাজে ব্যবহৃত একটি প্রেসার কুকারের মধ্যে বোমাটি রেখে সেটার ঢাকনা কালো রঙের টেপ দিয়ে মোড়ানো ছিল," বিবিসি বাংলাকে বলছিলেন আশুলিয়া থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) তরিকুল ইসলাম। পুলিশ বলছে, বৃহস্পতিবার রাতে ক্রেতা সেজে এসে এক ব্যক্তি খেজুরবাগান এলাকার একটি দোকানের বেঞ্চের ওপর ব্যাগ রেখে যায়। পরে দীর্ঘক্ষণ ব্যাগটি পড়ে থাকতে দেখে দোকানিসহ স্থানীয় বাসিন্দা ব্যাগটির মুখ খুলে প্রেসার কুকার আকৃতির বোমাটি দেখতে পান। "এরপর তারা ৯৯৯ নাম্বারে ফোন করলে পুলিশ ঘটনাস্থলে গিয়ে ঘিরে ফেলে এবং সাধারণ মানুষকে নিরাপদ দূরত্বে সরিয়ে দেয়," বলেন মি. ইসলাম। খবর পেয়ে বৃহস্পতিবার মধ্যরাতে ঢাকা থেকে পুলিশের বোমা বোমা নিষ্ক্রিয়করণ ইউনিটের সদস্যরা সেখানে হাজির হন। এরপর বোমাটি উদ্ধার করে পাশের একটি ফাঁকা এলাকায় নেওয়া হয়। "সেখানে শুক্রবার ভোরে সতর্কতার সঙ্গে বোমাটি বিস্ফোরণ ঘটানো হয়," বলেন আশুলিয়া থানার ওসি। এ ঘটনায় তদন্ত শুরু করলেও এখনও কেউ গ্রেফতার হয়নি। বোমাভর্তি ব্যাগটি যে ব্যক্তি দোকানের বেঞ্চে রেখে গিয়েছিলেন, তাকে শনাক্ত করার চেষ্টা চালাচ্ছে পুলিশ। "এক্ষেত্রে দোকানদারসহ যারা তাকে দেখেছিলেন, তাদের কাছ থেকে ওই ব্যক্তির চেহারার বর্ণনা নেওয়া হয়েছে। সেইসঙ্গে, আশপাশের ভবনগুলোর সিসিটিভি ক্যামেরা ফুটেজ সংগ্রহ করা হচ্ছে," বলেন পুলিশ কর্মকর্তা মি. ইসলাম। পুলিশ বলছে, যে এলাকায় বোমাটি পাওয়া গেছে, সেটা বেশ ঘনবসতিপূর্ণ এবং আশপাশে বেশকিছু গার্মেন্টস কারখানা রয়েছে। ফলে বোমাটি বিস্ফোরণ হলে 'ক্ষয়ক্ষতি বেশি হবে'- এমন ভাবনা থেকে দোকানটিতে বোমা রাখা হয়েছিল বলে ধারণা করছেন কর্মকর্তারা।

**আগের তদন্ত কতদূর?**

আশুলিয়ার ঘটনার সপ্তাখানেক আগে গত ২৪ জুলাই ঢাকার মতিঝিলে অবস্থিত মেট্রোরেল স্টেশনের নিচের রাস্তা থেকে আরেকটি বোমা উদ্ধার করেছিল পুলিশ। হিন্দু ধর্মাবলম্বীদের উল্টোরথ যাত্রা উপলক্ষ্যে ওই রাস্তা দিয়ে একটি শোভাযাত্রা যাওয়ার কথা ছিল। কিন্তু সেটার আগেই বোমাটি পুলিশের নজরে আসে। বোমাটি রাখা হয়েছিল একটি ছাতার ভেতরে। সেটার সঙ্গে একটি 'টাইমার' যুক্ত ছিল, যাতে 'মিটমিট' করে আলো জ্বলছিল বলে জানান কর্মকর্তারা। ওই আলো দেখে সন্দেহ হওয়ায় পুলিশকে খবর দেন পথচারীরা। পরে পুলিশের বোম ডিসপোজাল ইউনিট ঘটনাস্থলে গিয়ে সেটি নিষ্ক্রিয় করে। মতিঝিল ও আশুলিয়ায় ঘটনাটি তদন্ত করছে পুলিশের কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইম (সিটিটিসি) ইউনিট। কর্মকর্তারা বলছেন, দুটো ঘটনাতেই পাওয়া বোমা স্থানীয়ভাবে তৈরি। "এগুলোকে আমরা 'ইম্প্রোভাইজড এক্সপ্লোসিভ ডিভাইস' বা সংক্ষেপে 'আইইডি' বলে থাকি। স্থানীয়ভাবে উপাদান সংগ্রহ করেই এগুলো তৈরি করা হয়," বলছিলেন সিটিটিসি'র একজন কর্মকর্তা। মতিঝিল ও আশুলিয়ার ঘটনার প্রায় সাত মাস আগে ঢাকার কেরাণীগঞ্জে উম্মুল কুরা ইন্টারন্যাশনাল নামের একটি মাদ্রাসায় বড় ধরনের বিস্ফোরণ ঘটে। এতে কেউ হতাহত না হলেও, মাদ্রাসা ভবনের দুটি কক্ষের একাংশের দেয়াল ধ্বসে পড়ে। গত বছরের ২৬ ডিসেম্বরের ওই ঘটনার পর

ঘটনাস্থল থেকে বোমা তৈরির বিপুল পরিমাণ সরঞ্জাম উদ্ধার করে পুলিশ। পরে মাদ্রাসাটির পরিচালক শেখ আল আমিনসহ এখন পর্যন্ত ১৭ জনকে গ্রেফতার করেছে পুলিশ।

তদন্তকারী কর্মকর্তারা বলছেন, মি. আমিনের বিরুদ্ধে আগেও উগ্রপন্থায় জড়িত থাকার অভিযোগ পাওয়া গেছে। জঙ্গিবাদ সংশ্লিষ্টতার অভিযোগে তার বিরুদ্ধে সন্ত্রাস বিরোধী আইনে পাঁচটি মামলাও রয়েছে। মতিঝিল ও আশুলিয়ার ঘটনার সঙ্গেও উগ্রপন্থিরা জড়িত থাকতে পারে বলে ধারণা করছেন বিশ্লেষকরা। "অতীতে উগ্রপন্থি হামলার সঙ্গে সাম্প্রতিক এসব ঘটনার মিল খুঁজে পাওয়া যাচ্ছে। তাছাড়া জুলাই গণ-অভ্যুত্থানের সময় যে-সব জঙ্গিরা কারাগার ভেঙে পালিয়ে গিয়েছিল, তাদের মধ্যে অনেকেই এখনো গ্রেফতার হয়নি। ফলে পুলিশের উচিত, বিষয়টি গুরুত্ব সহকারে দেখা," বলেন নিরাপত্তা বিশ্লেষক অবসরপ্রাপ্ত মেজর মো. এমদাদুল ইসলাম। মতিঝিল ও আশুলিয়ায় বোমা উদ্ধারের ঘটনায় এখনো কাউকে গ্রেফতার করা সম্ভব হয়নি। তবে সিটিটিসিসহ পুলিশের একাধিক টিম তদন্ত করছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। "আমরা সর্বোচ্চ গুরুত্ব দিয়ে ঘটনাগুলো তদন্ত করছি। এক্ষেত্রে উগ্রপন্থিদের জড়িত থাকার বিষয়টিসহ অন্যান্য সবদিক বিবেচনায় রেখেই তদন্ত চলছে," বিবিসি বাংলাকে বলেন ডিএমপির কাউন্টার টেরোরিজম অ্যান্ড ট্রান্সন্যাশনাল ক্রাইমের (সিটিটিসি) প্রধান ও অতিরিক্ত পুলিশ কমিশনার মোহাম্মদ শামসুল হক।

**হঠাৎ সতর্কতা জারি কেন?**

একের পর এক বোমা উদ্ধারের মধ্যেই গত শনিবার সারা দেশের পুলিশ সদস্যদের সতর্ক থাকার জন্য নির্দেশনা দিয়েছে পুলিশ সদর দপ্তর। মূলত, দায়িত্ব পালনকালে পুলিশের বিভিন্ন যানবাহনের ওপর হামলা হতে পারে- এমন শঙ্কা থেকেই সতর্কতাটি জারি করা হয়েছে বলে জানিয়েছেন কর্মকর্তারা। এজন্য মাঠপর্যায়ে দায়িত্ব পালনের সময় যানবাহনের নিরাপত্তা নিশ্চিত করতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বনের নির্দেশনা দেওয়া হয়েছে। সেইসঙ্গে, রাস্তায় নিয়মিত টহল, প্রয়োজনীয় নজরদারি এবং সন্দেহজনক ব্যক্তি বা বস্তু তল্লাশির সময় পুলিশ সদস্যদের বিশেষভাবে সতর্কতা অবলম্বন করতে বলা হয়েছে। এছাড়া থানা, পুলিশ লাইন্সসহ অন্যান্য নির্ধারিত স্থানে রাখা সব সরকারি যানবাহনের ক্ষেত্রেও একইভাবে নিরাপত্তা জোরদার করতে নির্দেশনা দেওয়া হয়েছে। এমন একটি সময় এই নির্দেশনা দেওয়া হলো, যার আগে এক সপ্তাহের মধ্যে দুটি বোমা উদ্ধারের ঘটনা ঘটেছে। তবে পুলিশ সদর দপ্তর বলছে, নিয়মিত দায়িত্বের অংশ হিসেবেই নতুন সতর্কতাবার্তাটি জারি করা হয়েছে। "পুলিশ নিয়মিতই কিছু নিরাপত্তা নির্দেশিকা ও কিছু নির্দেশনা সব সময়ই দেয় আর কী। এটা সেরকমই একটা নিয়মিত বার্তা, যার মূল লক্ষ্য হলো পুলিশের কাজ সক্রিয় রাখা এবং সতর্ক করা। কাজেই এতে আতঙ্কিত হওয়ার কিছু নেই," বিবিসি বাংলাকে বলেন পুলিশ সদর দফতরের মুখপাত্র এএইচএম শাহাদাত হোসাইন।

এদিকে, দেশের আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক আছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তারপরও নাশকতার ঠেকাতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী সতর্ক রয়েছে বলেন জানান। "তবে আমরা এখন পর্যন্ত যেটা দেখেছি, সেটা আমাদের এখনও বিপজ্জনক কোনো পরিস্থিতির ইঙ্গিত দেয় না," সোমবার সাংবাদিকদের বলেন মি. আহমদ। পুলিশ বাহিনীর সদস্যদের জন্য সতর্কবার্তা জারির বিষয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আমরা এই যে আওয়ামী ফ্যাসিবাদী গোষ্ঠী, যেটা নিষিদ্ধ ঘোষিত রাজনৈতিক গোষ্ঠী, তাদের বিভিন্ন কার্যক্রম আগস্ট মাসে পরিলক্ষিত হচ্ছে। তো সেজন্য আমরা সবাইকে সতর্ক থাকতে বলেছি।" (বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ নারগীস)

## বেনজীর ইস্যুতে আরব আমিরাতের সাথে সরকারের যোগাযোগ চলছে : পররাষ্ট্র প্রতিমন্ত্রী

সাবেক আইজিপি বেনজীর আহমেদকে ফিরিয়ে আনা ইস্যুতে সংযুক্ত আরব আমিরাত সরকারের সাথে আলোচনা চলছে বলে জানিয়েছেন বাংলাদেশের পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। তিনি দাবি করেছেন, খুব শীঘ্রই সাবেক আইজিপি বেনজীর আহমেদকে দেশে ফিরিয়ে এনে বিচার সম্পন্ন করা হবে। রোববার দুপুরে প্যান প্যাসিফিক সোনারগাঁও হোটেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে বেনজীর আহমেদকে ফিরিয়ে আনার অগ্রগতি প্রসঙ্গে এক প্রশ্নের জবাবে প্রতিমন্ত্রী এ কথা বলেন। এর আগে, বাংলাদেশের বিভিন্ন গণমাধ্যমে খবর প্রকাশ করা হয়েছে যে, বেনজীর আহমেদ সংযুক্ত আরব আমিরাতে জামিন পেয়েছেন। তবে এমন কোনো তথ্য পুলিশ সদর দপ্তরের কাছে নেই বলে জানিয়েছেন মুখপাত্র এ এইচ এম শাহাদাত হোসেন। পরে আরেকটি অনুষ্ঠানে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ বলেন, "বাংলাদেশ সরকারের সাথে সংযুক্ত আরব আমিরাতের সরকারের সাথে যোগাযোগ চলছে এবং কাগজপত্র আদান-প্রদান হয়েছে। তারা কিছু তথ্য আমাদের কাছ থেকে স্পেসিফিক জানতে চেয়েছে স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পররাষ্ট্র মন্ত্রণালয়ের কাছ থেকে। সেটা আমরা তাদেরকে সরবরাহ করেছি, কাজ চলছে। আমরা আশা করছি, খুবই শীঘ্রই এই অভিযুক্ত আসামিকে বেনজীরকে ঢাকায় বাংলাদেশে ফিরিয়ে এনে তার বিচার কাজ সুস্পন্ন করা যাবে।" দুবাইতে বেনজীর আহমেদের জামিন নিয়ে আরেক প্রশ্নের জবাবে এই প্রতিমন্ত্রী বলেন, "সেটা তো সংযুক্ত আরব আমিরাতের আইনানুযায়ী তারা ব্যবস্থা নিচ্ছে। সেটা অবশ্যই আমাদের সরকার তাদের সাথে কথা বলবে, আমাদের হোম মিনিস্ট্রি তাদের সাথে কথা বলবে। কথা বলে পরবর্তী কী পদক্ষেপ আমরা নিতে পারি, সেটা আমরা সিদ্ধান্ত নেব।" এর আগে, জুন মাসে স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ জাতীয় সংসদের অধিবেশনে বেনজীর আহমেদকে গ্রেফতারের খবর জানিয়েছিলেন। একইসঙ্গে, তাকে দ্রুত দেশে ফিরিয়ে আনার কথাও জানিয়েছিলেন স্বরাষ্ট্রমন্ত্রী। সেসময় বিবিসি বাংলার এক প্রতিবেদনে বেনজীর আহমেদ যে জামিন চাইবেন সেই তথ্য উল্লেখ করা হয়েছিল। গত ১৬ জুন, চিফ প্রসিকিউটর

আমিনুল ইসলামও প্রত্যার্পণ চুক্তি না থাকলেও কূটনৈতিক চ্যানেলে মি. আহমেদকে ফেরানোর কথা জানিয়েছিলেন। তিনি বলেছিলেন, "ইন্টারপোলের কাছে ওয়ারেন্টের কপি যাবে। সেই কপি চেয়ে আমাদের পক্ষ থেকে সরকার ইতোমধ্যে আমার জানা মতে তাকে প্রত্যর্পণ চেয়ে, বিনিময় চেয়ে, ইতোমধ্যে তাকে ফেরত চেয়ে আবেদন জানানো হয়েছে।" সাবেক আইজিপি মি. আহমেদের বিরুদ্ধে মানবতাবিরোধী অপরাধের প্রায় ছয় থেকে সাতটি মামলার তদন্ত চলছে বলেও জানান তিনি। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ আলী আহমেদ)

## কার্যক্রম নিষিদ্ধ আওয়ামী লীগের কার্যক্রম ঘিরে সবাইকে সতর্ক থাকতে বলা হয়েছে : স্বরাষ্ট্রমন্ত্রী

বাংলাদেশের স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, আগস্ট মাসে নিষিদ্ধ ঘোষিত রাজনৈতিক গোষ্ঠী আওয়ামী লীগের কার্যক্রম পরিলক্ষিত হচ্ছে, সেজন্য সবাইকে সতর্ক থাকতে বলা হয়েছে। এছাড়া ঢাকায় বোমা সদৃশ কয়েকটি বস্তু পাওয়ার ঘটনাগুলো তদন্ত করে দেখা হচ্ছে বলেও জানিয়েছেন তিনি। রোববার রাজশাহী জেলার সারদায় বাংলাদেশ পুলিশ অ্যাকাডেমিতে '২৭তম বিসিএস (পুলিশ) ব্যাচ ১ম পর্যায়ের প্রশিক্ষণ সমাপনী কুচকাওয়াজ' অনুষ্ঠানের পর সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন। আগস্ট মাসে পুলিশ সারাদেশে সতর্কতা জারি করেছে কী-না এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "আওয়ামী ফ্যাসিবাদী গোষ্ঠী, যেটা নিষিদ্ধ ঘোষিত রাজনৈতিক গোষ্ঠী- তাদের বিভিন্ন কার্যক্রম আগস্ট মাসে পরিলক্ষিত হচ্ছে। সেজন্য আমরা সবাইকে সতর্ক থাকতে বলেছি।" এদিকে, ঢাকায় গত কয়েকদিনে বোমা সদৃশ বস্তু পাওয়ার কয়েকটি ঘটনা ঘটেছে, এর মধ্যে শনিবার দুপুরে মিরপুর-১০ মেট্রো স্টেশনে সন্দেহজনক বস্তা পড়ে থাকার ঘটনাও ঘটে। এ নিয়ে প্রশ্ন করা হলে স্বরাষ্ট্রমন্ত্রী জানিয়েছেন, পুলিশের বম্ব ডিসপোজাল ইউনিট পরীক্ষা-নীরিক্ষা করে সেটিতে কোনো বিস্ফোরক দ্রব্য নেই বলে জানিয়েছে। তবে, প্রতিটি ঘটনাই তদন্ত করে দেখা হচ্ছে বলে জানিয়েছেন তিনি। স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ বলেছেন, "আমরা সবসময়ই সতর্ক থাকি। পুলিশ বাহিনী সতর্ক থাকি এবং বম্ব ডিসপোজাল ইউনিট ২৪ ঘণ্টা আমরা রেডি রাখি- কোথাও এই রকম কোনো নাশকতার কোনো পরিকল্পনা কেউ করছে কিনা?" এর আগে শনিবার, পুলিশ সদর দপ্তর পুলিশের ব্যবহৃত যানবাহন হামলার লক্ষ্যবস্তু হতে পারে বলে সারাদেশে সতর্কতা জারি করেছে। পুলিশ সদর দপ্তরের অপারেশন্স নিয়ন্ত্রণকক্ষ থেকে এক জরুরি বার্তায় তাৎক্ষণিকভাবে মাঠ পর্যায়ের সকল ইউনিটকে নিরাপত্তা জোরদার করার নির্দেশ দিয়েছে।
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ আলী আহমেদ)

## বিদ্যুৎ বিতরণের দায়িত্ব বেসরকারি খাতে গেলে সমাধান নাকি নতুন দুর্ভোগ?

খাতা কলমে দেশে বিদ্যুৎ উৎপাদন সক্ষমতা বাড়লেও লোডশেডিং কমেনি। দিনের পর দিন বেশি দামে বিদ্যুৎ কিনে কম দামে বিক্রিতে বাড়ছে ভর্তুকির পরিমাণও। এর সঙ্গে যুক্ত হয়েছে ৬৭ হাজার কোটি টাকা বকেয়া বিলের চাপ। সব মিলিয়ে নানামুখী সংকটে দেশের বিদ্যুৎ খাত। ২০২৬-২৭ অর্থবছরের বাজেটে সরকার যে ১৫টি খাতকে সর্বাধিক গুরুত্ব দিয়েছে, তার একটি বিদ্যুৎ। যেখানে বরাদ্দ রাখা হয়েছে ১৪ হাজার ৯৯৬ কোটি টাকা। কিন্তু এরপরও চলতি অর্থবছরে বিদ্যুৎ খাতে ৪১ হাজার কোটি টাকা ভর্তুকি দেওয়া লাগতে পারে বলে সরকারের পক্ষ থেকে জানানো হয়েছে। পরিস্থিতি সামলাতে এবার বিদ্যুৎ খাতের সবচেয়ে স্পর্শকাতর অংশ- বিতরণ ব্যবস্থাপনা বেসরকারি খাতে ছেড়ে দেওয়ার কথা ভাবছে সরকার। বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ জানিয়েছেন, উৎপাদন ও পাইকারি সরবরাহ সরকারের হাতে থাকলেও খুচরা পর্যায়ে গ্রাহকের কাছে বিদ্যুৎ পৌঁছানো এবং এর ব্যবস্থাপনার দায়িত্ব দেওয়া হতে পারে বেসরকারি কোম্পানিকে। এ বিষয়ে প্রধানমন্ত্রীর সম্মতির কথাও জানিয়েছেন বিদ্যুৎমন্ত্রী। কিন্তু বিদ্যুৎ বিতরণের মতো গুরুত্বপূর্ণ এই দায়িত্ব ব্যক্তিখাতে ছেড়ে দেওয়ার এই আলোচনা নানা প্রশ্নের জন্ম দিয়েছে। দায়িত্ব বদলালেই কি বিদ্যুৎ খাতে অব্যবস্থাপনার সমাধান মিলবে, নাকি নতুন করে বাড়বে গ্রাহকের বিল আর ভোগান্তি? এমন প্রশ্নও তুলেছেন কেউ কেউ।

বেসরকারি প্রতিষ্ঠানের হাতে দায়িত্ব দিলেই যে বিদ্যুৎ খাতের অস্থিরতা কমে আসবে, এটি মনে করেন না জ্বালানি খাতের বিশেষজ্ঞরা। বরং এর ফলে বিদ্যুতের দাম আরও বাড়তে পারে বলেই মত তাদের। বিশেষজ্ঞদের অনেকেই বলছেন, বিদ্যুৎ খাতে সরকারের নীতিগত দুর্বলতার কারণেই গত ১৫ বছরে উৎপাদন সক্ষমতা বাড়লেও লোডশেডিং কমেনি। এক্ষেত্রে, বিতরণ ব্যবস্থাপনার দায়িত্ব বেসরকারি খাতে দেওয়ার থেকে এই খাতের নিয়ন্ত্রক সংস্থাকে শক্তিশালী করা এবং জবাবদিহি জরুরি বলেই মনে করেন বিশেষজ্ঞরা। বিদ্যুৎমন্ত্রী অবশ্য বলছেন, লাভক্ষতির হিসাব মাথায় রেখেই সিদ্ধান্ত নেবে সরকার। পুরো প্রক্রিয়াটি ধাপে ধাপে এগিয়ে নেওয়ার কথাও জানান তিনি। "ভর্তুকি যেটা দিচ্ছি, সেটাও সাধারণ মানুষের টাকা, আবার বিদ্যুতের দাম বাড়লে সেটাও দিচ্ছে ওই গ্রাহকই, দুই জায়গায় তারা ক্ষতিগ্রস্ত। এই পরিস্থিতি ঠিক করতেই সরকার চিন্তাভাবনা করছে," বলেও বিবিসি বাংলাকে জানান মন্ত্রী।

### বিশেষজ্ঞদের সতর্কবার্তা

অব্যবস্থাপনা, ক্যাপাসিটি চার্জের বোঝা এবং বিশাল অঙ্কের আর্থিক লোকসানের মধ্য দিয়ে যাওয়া দেশের বিদ্যুৎ খাতে বড়ো ধরনের নীতিগত পরিবর্তনের আলোচনা নতুন নয়। বাংলাদেশে বিদ্যুৎ উৎপাদন পর্যায়ে বেসরকারি খাতের ওপর নির্ভরশীলতা এবং আমদানি প্রবণতা দুটোই বেড়েছে। এবার বিদ্যুতের খুচরা বিতরণ ব্যবস্থাপনাও বেসরকারি খাতে ছেড়ে দেওয়া যায় কি না, এই আলোচনা সামনে আনলো সরকার। কিন্তু প্রশ্ন উঠেছে, বিদ্যুৎ ও তেলের মতো রাষ্ট্রীয় কৌশলগত উপাদান বেসরকারি খাতে ছেড়ে দেওয়া কতটা যৌক্তিক হবে? এছাড়া আর্থিক চাপ কমাতে এই উদ্যোগ

কতটা কার্যকর এবং সাধারণ গ্রাহক পর্যায়ে বা শিল্প খাতে এর প্রভাব কেমন হতে পারে? বিশেষজ্ঞরা বলছেন, গত দেড় দশকে বাংলাদেশের বিদ্যুৎ খাতের চিত্রটি ছিল মূলত অপরিকল্পিত মেগা প্রকল্প আর আমদানি নির্ভরতার এক বিশৃঙ্খল পরিস্থিতি। বিশেষ করে, কুইক রেন্টালের নামে যত্রতত্র বিদ্যুৎকেন্দ্র স্থাপন এবং অলস বসিয়ে রেখে হাজার কোটি টাকার 'ক্যাপাসিটি চার্জ' পরিশোধের সংস্কৃতি পুরো অর্থনীতিতেই নেতিবাচক প্রভাব ফেলেছে বলে মনে করেন জ্বালানি খাতের বিশেষজ্ঞরা। কনজ্যুমারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশ বা ক্যাব-এর জ্বালানি উপদেষ্টা অধ্যাপক এম শামসুল আলম বিবিসি বাংলাকে বলছেন, "দেশের জ্বালানি খাতে ভয়াবহ জরুরি অবস্থা বিরাজ করছে, যা উত্তরণে সরকারের নিয়ন্ত্রণ জরুরি।" তার মতে, নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা ঠিক না করে বেসরকারিকরণে বরং গ্রাহকের ব্যয় আরও বাড়বে। এক্ষেত্রে তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাস বা এলপিজির দামের প্রসঙ্গ টানছেন এই বিশেষজ্ঞ। "পুরোপুরি বেসরকারি খাতের নিয়ন্ত্রণে থাকা এলপিজির দাম নিয়ন্ত্রণ কখনই সম্ভব হয়নি। বরং প্রাইভেটাইজেশনের চাপে রেগুলেটরি কালচারও ধ্বংস হয়ে গেছে," বিবিসি বাংলাকে বলেন মি. আলম। এছাড়া জ্বালানির মতো রাষ্ট্রীয় কৌশলগত উপাদান বেসরকারি নিয়ন্ত্রণে গেলে সার্বভৌম বিপন্ন হওয়ার শঙ্কা তৈরি হতে পারে বলেও মনে করেন বিশেষজ্ঞরা। জ্বালানি খাতের নিয়ন্ত্রক সংস্থা- বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন বা বিইআরসির ক্ষমতা ও কর্মকাণ্ড নিয়েও আপত্তি রয়েছে অনেক বিশেষজ্ঞের। "বিইআরসির ক্ষমতা কেড়ে নিয়ে নির্বাহী আদেশে জ্বালানির দাম বাড়ানো হচ্ছে, রেগুলেটরি সিস্টেম ধ্বংস করা হয়েছে। এখন পুরো সেক্টর পুনর্গঠন না করে যদি বেসরকারি হাতে ছেড়ে দেওয়া হয়, তাহলে বড়ো ধরনের সর্বনাশ হবে। এর ফলে সরকারও রাজনৈতিক চাপের মুখে পড়বে," বলেন মি. আলম। অবশ্য ঠিকভাবে নিয়ন্ত্রণ করা গেলে বেসরকারিকরণের কিছু সুফলও রয়েছে বলে মনে করেন বিশেষজ্ঞদের কেউ কেউ। তাদের মতে, বেসরকারি নিয়ন্ত্রণে সরকারি দীর্ঘসূত্রিতা ও রাজনৈতিক হস্তক্ষেপ কমতে পারে। এর পাশাপাশি সিস্টেম লস ও বকেয়া আদায়ও দ্রুত হতে পারে। যুক্তরাজ্য, ভারত ও তুরস্ক এই মডেলে সফল হয়েছে বলেও উল্লেখ করেন বিশেষজ্ঞদের অনেকে। কিন্তু এক্ষেত্রে শর্ত একটাই- শক্তিশালী, স্বাধীন ও দাঁত-নখওয়ালা রেগুলেটর। তাই বেসরকারি খাতে না দিয়ে বরং নিয়ন্ত্রক সংস্থাকে শক্তিশালী করে কীভাবে বিদ্যুৎ খাতের অব্যবস্থাপনা দূর করা যায়, সরকারকে সেই পথে হাঁটতে বলছেন তারা। "প্রতি মুহূর্তে এই সেক্টরে ফৌজদারি কর্মকাণ্ড ঘটছে- সরকার নিজে বলছে চুরি হচ্ছে। কোনো একটা অপরাধের শাস্তি, কোনো রেগুলেটরি বডি দিয়েছে? যে-সব দেশের উদাহরণ সরকার দিচ্ছে, সেখানে রেগুলেটরি ব্যবস্থাপনা এতটা নিষ্ক্রিয় নয়," বিবিসি বাংলাকে বলেন অধ্যাপক শামসুল আলম। এ বিষয়ে একমত বুয়েটের অধ্যাপক আব্দুল হাসিব চৌধুরীও। তিনি বলছেন, "ডেসকো, পিজিসিবির শেয়ার সরকারের হাতেও আছে, মার্কেটেও ছাড়া হয়েছে। এতে কী উন্নতি হয়েছে, তার আলোচনা প্রয়োজন। প্রাইভেটে গেলেই বড়ো পরিবর্তন আসবে- এটা ঠিক না।" এক্ষেত্রে বাংলাদেশের ব্যাংক খাতে লুটপাটের উদাহরণ দিচ্ছেন এই বিশেষজ্ঞ। "ব্যাংকে লুটপাটের পর আমানতকারীর টাকা সরকারকে ফেরত দিতে হচ্ছে, বিদ্যুতের ক্ষেত্রেও একই ঘটনা ঘটতে পারে," বিবিসি বাংলাকে বলেন তিনি।

**বেসরকারি নিয়ন্ত্রণে যে-সব শঙ্কা**

বিদ্যুতের বিতরণ ব্যবস্থাপনার দায়িত্ব ব্যক্তিমালিকানাধীন প্রতিষ্ঠানের হাতে দেওয়ার ক্ষেত্রে বেশ কিছু চ্যালেঞ্জ দেখছেন এই খাতের বিশেষজ্ঞরা। তারা বলছেন, বেসরকারি কোম্পানির মূল লক্ষ্য মুনাফা। তারা যদি কোনো অঞ্চলের একচেটিয়া দায়িত্ব পায়, তাহলে খুচরা পর্যায়ে বিদ্যুতের দাম বাড়ানোর চাপ তৈরি হতে পারে। এছাড়া বিদ্যুৎ পাওয়ার ক্ষেত্রে এক ধরনের বৈষম্য তৈরি হতে পারে বলেও মনে করেন বিশেষজ্ঞদের কেউ কেউ। তারা বলছেন, পাহাড়ি, দুর্গম বা কম জনবহুল এলাকায় বিদ্যুৎ দিতে খরচ বেশি, মুনাফা কম। ফলে বেসরকারি কোম্পানি সেখানে বিনিয়োগে আগ্রহ নাও দেখাতে পারে। সরকারের নিয়ন্ত্রণে থাকা ছয়টি বিদ্যুৎ বিতরণ সংস্থাকে বেসরকারিকরণ করা হলে সেখানে কর্মরতদের ভবিষ্যৎ কী হবে, তা নিয়ে শ্রমিক অসন্তোষের শঙ্কাও রয়েছে। এছাড়া, বিদ্যুৎ বিতরণ বেসরকারিকরণের নামে কুইক রেন্টালের মতো অস্বচ্ছ চুক্তি করা হলে বিদ্যুৎ খাত জিম্মি করার সুযোগও তৈরি হতে পারে বলেও মনে করেন বিশেষজ্ঞরা। জ্বালানি বিশেষজ্ঞ অধ্যাপক শামসুল আলম বলছেন, কাঠামোগত সমস্যার সমাধান না করে শুধু দায়িত্ব হস্তান্তর করলে রাষ্ট্রের আর্থিক চাপ কমবে না। "আগে চুক্তিগুলো রিভাইস করা দরকার। নীতিগত দুর্বলতা দূর না করে শুধু বিতরণ বেসরকারি খাতে দিলে লাভ হবে না," বিবিসি বাংলাকে বলেন তিনি। বিশেষজ্ঞরা বলছেন, বিশ্বের যে-সব দেশে বিদ্যুৎ বিতরণ বেসরকারিকরণ হয়েছে, সেখানে প্রথম কাজ ছিল শক্তিশালী নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা গড়ে তোলা। যাতে গ্রাহক হয়রানি এবং অন্যায় মূল্যবৃদ্ধি কঠোরভাবে দমন করা যায়। "বাংলাদেশের বর্তমান প্রেক্ষাপটে বিইআরসির ক্ষমতা ও সক্ষমতা নিয়ে প্রশ্ন আছে। রেগুলেটর দুর্বল রেখে বাজার ছেড়ে দিলে তেলের মতো বিদ্যুতের দামও নিয়ন্ত্রণহীন হতে পারে," বলে শঙ্কা মি. আলমের।

**যে যুক্তি দিচ্ছে সরকার**

বর্তমানে সব উৎপাদন কেন্দ্র থেকে বিদ্যুৎ কিনে বিইআরসি নির্ধারিত দামে ছয়টি বিতরণ সংস্থার কাছে বিক্রি করে বিদ্যুৎ উন্নয়ন বোর্ড বা পিডিবি। সমস্যা হলো, পিডিবি যে দামে বিদ্যুৎ কেনে, তার চেয়ে কম দামে বিক্রি করে। যে লোকসান ভর্তুকির মাধ্যমে পুষিয়ে দেয় সরকার। সম্প্রতি বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ দাবি করেছেন, বিদ্যুৎ খাতে ৬৭ হাজার কোটি টাকা বকেয়া বিলের দায় নিয়েই যাত্রা শুরু করেছে বর্তমান সরকার।

পরিস্থিতি সামাল দিতে বিদ্যুৎ বিতরণ ব্যবস্থাপনার দায়িত্ব বেসরকারি খাতে ছেড়ে দেওয়া হতে পারে বলেও জানিয়েছেন তিনি। এমনকি জ্বালানি তেলের আমদানি ও বিতরণ ব্যবস্থাপনার দায়িত্বও বেসরকারি খাতে দেওয়ার কথা সরকার ভাবছে বলেও জানান মন্ত্রী। বিদ্যুৎমন্ত্রী বলছেন, "ডিস্ট্রিবিউশনটা আমরা প্রাইভেট করতে চাই এবং প্রাইম মিনিস্টার হ্যাজ গিভেন মি কনসেন্ট, ইউ গো অ্যাহেড।" এক্ষেত্রে কয়েকটি যুক্তি দিচ্ছেন মন্ত্রী। তার মতে, বেসরকারি প্রতিষ্ঠানের হাতে দায়িত্ব দিলে দক্ষতা বাড়বে, বিল আদায় নিশ্চিত হবে, যা সহায়ক হবে এই খাতে সরকারের ভর্তুকির বোঝা কমাতে। উদাহরণ হিসেবে ভারতের মুম্বাইয়ে রিলায়েন্স ও দিল্লিতে আদানির মডেলের কথা টেনেছেন তিনি। মন্ত্রী বলছেন, "কলকাতায় গোয়েঙ্কারা চালাচ্ছে, বোম্বেতে রিলায়েন্স চালাচ্ছে, দিল্লিতে আদানি- দে আর রানিং ভেরি ওয়েল, তো আমাদের কোম্পানিরা কেন পারবে না চালাতে?" বিতরণ ব্যবস্থাপনা বেসরকারি প্রতিষ্ঠানের হাতে দেওয়া হলে বিদ্যুৎ বিল আরও বাড়বে কিনা, এমন প্রশ্নের জবাবে মন্ত্রী বলেন, "বিদ্যুৎ বিল তো এমনিতেই বাড়াতে হবে, আমরা ১৭ টাকায় কিনে আট টাকায় বিক্রি করছি- সরকার আর কত ভর্তুকি দিতে পারবে?" বিদ্যুতের সরবরাহ, চুরি ঠেকানো এবং বিল আদায় কার্যক্রমে দক্ষতা বাড়াতে বেসরকারি খাত ভালো ভূমিকা রাখতে পারবে বলেই মনে করেন বিদ্যুৎমন্ত্রী। "আমরা তো চেষ্টা করলাম, সরকার নিজেই কোম্পানি পলিসিতে গিয়ে বিদ্যুৎ বিতরণ কার্যক্রম চালালো, কই খুব একটা তো লাভ হলো না। তাই আমরা বেসরকারি খাতে এই দায়িত্ব দেওয়া যায় কিনা ভাবছি, যাতে মানুষ সেবাটা ঠিক মতো পায়," বিবিসি বাংলাকে বলেন তিনি। এক্ষেত্রে নিয়ন্ত্রক সংস্থাকে আরও শক্তিশালী করার কথাও জানিয়েছেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী। তিনি বলছেন, বিদ্যুৎ ও তেলের বিষয়ে গুরুত্বপূর্ণ এই পদক্ষেপ যে এখনই বাস্তবায়ন হয়ে যাচ্ছে বিষয়টি এমন নয়। "আমরা এই বিষয়টি নিয়ে ভাবছি, স্টাডি করছি যে, কীভাবে বিষয়টিকে যৌক্তিক করা যায়," বলেন মি. মাহমুদ।(বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ আলী আহমেদ)

## বেনজীর আহমেদের জামিন বাতিলে দুবাইয়ে ল ফার্ম নিয়োগ করেছে সরকার

পুলিশের সাবেক মহাপরিদর্শক বেনজীর আহমেদের জামিন বাতিলে কাজ করার জন্য দুবাইয়ে বাংলাদেশ সরকার ল' ফার্ম নিয়োগ করেছে বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। রোববার দুপুরে রাজশাহীর সারদায় পুলিশ অ্যাকাডেমির এক অনুষ্ঠানের পরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এ কথা জানান তিনি। বেনজীর আহমেদ জামিনের বিষয়ে প্রশ্ন করলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আমি এখন শুনলাম স্টেজে বসে। সাথে সাথেই আমি হোম সেক্রেটারির সাথে কথা বলেছি। হোম সেক্রেটারি দুবাইয়ে আমাদের যে ইউএই অ্যাম্বাসেডার তার সাথে কথা বলেছেন। আমরা কয়েকদিন আগেই ল ফার্ম নিয়োগ করেছি, এই বিষয়টার জন্য শুধুমাত্র। তাকে ইন্সট্রাকশন দেওয়া হয়েছে, যেন বেইল ক্যানসেলেশনের জন্য সে পারসু করবে।" বাংলাদেশে দুর্নীতির বেশ কয়েকটি মামলায় অভিযুক্ত পুলিশের সাবেক এই উর্ধ্বতন কর্মকর্তা মি. আহমেদ আসলেই মুক্তি পেয়েছেন কি না সাংবাদিকরা এমন প্রশ্নও করেন স্বরাষ্ট্রমন্ত্রীকে। এই তথ্য সঠিক জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ বলেন, জামিন বাতিলের জন্য উদ্যোগ নেওয়া হবে। তিনি বলেন, "আমি খবর পেয়েছি তাকে অন কন্ডিশনে এখানে তার ইউএই লিভ না করার শর্তে বেইল দিয়েছে। কী কী শর্ত সেটা আমি সার্টিফাইড কপিটা জোগাড় করতে বলেছি এবং আমাদের যে ল ফার্ম রয়েছে, তাদেরকে আমরা ইন্সট্রাকশন দিয়েছি যেন এই বেইল ক্যানসেলেশনের জন্য তারা পারসু করে।" এখন বাংলাদেশ সরকার এখন কোন আইনি প্রক্রিয়া অবলম্বন করবে- এমন আরেক প্রশ্নে স্বরাষ্ট্রমন্ত্রী মি. আহমদ তার জামিন বাতিল করা যাবে বলে আশা প্রকাশ করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "তারা আইনানুগভাবে গিয়েছে আমরা ল ফার্ম নিয়োগ করেছি। আমাদের চেষ্টা আমরা করছি এবং আমরা আশা করছি, এগুলো আমরা বেইল ক্যানসেল করতে পারবো এবং দ্রুততম সময়ে তাকে ফেরত নিতে পারবো।"
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ আলী আহমেদ)

## চব্বিশের গণ-অভ্যুত্থানের সময় যাত্রাবাড়িতে ৮৫ জন নিহত হওয়ার প্রাথমিক তথ্য পাওয়া গেছে

চব্বিশের গণ-অভ্যুত্থানের সময় যাত্রাবাড়ি থানার সামনের ঘটনা তদন্তে গণশুনানিতে ৮৫ জন নিহত হওয়ার তালিকা পাওয়া গেছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। রোববার দুপুর ২টা থেকে বিকেল পর্যন্ত ওই গণশুনানি অনুষ্ঠিত হয়। চব্বিশে আন্দোলনের সময় যাত্রাবাড়ি থানার সামনে আহত ও নিহতদের স্বজনরা এই গণশুনানিতে অংশ নেন। চিফ প্রসিকিউটর বলেন, "আমরা প্রাথমিকভাবে প্রায় ৮৫ জনের একটা তালিকা পেয়েছি। এই তালিকায় আরো সংযোজন হতে পারে।" একইসঙ্গে, যাত্রাবাড়ির ঘটনার বিচার দ্রুত শেষ করতে একটি তদন্ত রিপোর্ট দেওয়া হবে বলেও জানান তিনি। মি. ইসলাম বলেন, "সিরিজ অফ অকারেন্স যেগুলো হয়েছে, এগুলো আমরা একটা ইনভেস্টিগেশনে এনে একটা ইনভেস্টিগেশন রিপোর্ট সাবমিট করবো এবং একটা বিচার প্রক্রিয়ার মধ্যদিয়ে আমরা সেই বিচার প্রক্রিয়াটা শেষ করবো।" নিহত ও আহতদের পরিবারকে সান্ত্বনা দিয়ে বিচার নিশ্চিত করা হবে বলে আশ্বাস দেন চিফ প্রসিকিউটর আমিনুল ইসলাম। যাত্রাবাড়ি থানার সামনে নিহত হওয়া তাইউম ভুঁইয়া হত্যার মামলাটি এরই মধ্যে সাক্ষ্যগ্রহণ শেষ হয়েছে বলেও উল্লেখ করেন চিফ প্রসিকিউটর।
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ নারগীস)

## দুই মামলায় জামিন হলেও আপাতত মুক্তি পাচ্ছেন না চিন্ময় কৃষ্ণ দাস

সম্মিলিত সনাতন জাগরণ জোটের মুখপাত্র ও পুণ্ডরিক ধামের অধ্যক্ষ চিন্ময় কৃষ্ণ দাস দুইটি মামলায় জামিন পেয়েছেন। তবে আরো মামলা থাকায় আপাতত তার মুক্তি মিলছে না বলে জানিয়েছেন আইনজীবীরা। রোববার দুপুরে হাইকোর্টের

একটি দ্বৈত বেঞ্চ তার জামিন প্রশ্নে দেওয়া রুল যথাযথ ঘোষণা করে রায় দেয়। হত্যা চেষ্টা ও ভাঙচুর এবং হামলা ও সরকারি কাজে বাধা দেওয়ার অভিযোগের দুই মামলায় গত বছরের সেপ্টেম্বরে রুল দেন হাইকোর্ট। পরে রোববার ওই রায় দেওয়া হয়। মি. দাসের আইনজীবী অপূর্ব কুমার ভট্টাচার্য সাংবাদিকদের জানান, চিন্ময়ের বিরুদ্ধে মূলত ছয়টি ফৌজদারি মামলা রয়েছে। এর মধ্যে চট্টগ্রামে আইনজীবী হত্যা মামলার বিচার ট্রাইব্যুনালে চলছে। রাষ্ট্রদ্রোহের মামলায় তার জামিন স্থগিত হয়েছে। এছাড়া বাকি চার মামলার মধ্যে দুইটিতে জামিন প্রশ্নে রুল যথাযথ ঘোষণা করে রায় দিয়েছেন হাইকোর্ট, অর্থাৎ এই দুই মামলায় জামিন পেলেন মি. দাস। তবে আরো দুইটি মামলায় জামিনের বিষয়ে দেওয়া রুলে শুনানি আগামী ১৬ আগস্ট। উল্লেখ্য, জাতীয় পতাকা অবমাননা সংক্রান্ত রাষ্ট্রদ্রোহের অভিযোগের মামলায় ২০২৪ সালের ২৬ নভেম্বর সনাতন জাগরণ জোটের মুখপাত্র চিন্ময় দাসের জামিনকে ঘিরে চট্টগ্রামের আদালতে হওয়া সংঘর্ষে আইনজীবী সাইফুল ইসলাম নিহত হন।
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ আলী আহমেদ)

## সমকামিতার অভিযোগে গঠিত তদন্ত কমিটির বৈঠক চলাকালেই ঢাকা বিশ্ববিদ্যালয়ে দুই পক্ষের সংঘর্ষ

সমকামিতার অভিযোগে গঠিত তদন্ত কমিটির বৈঠক চলাকালেই ঢাকা বিশ্ববিদ্যালয়ের শহীদুল্লাহ হলে ছাত্রদল ও ছাত্রশিবিরের মধ্যে সংঘর্ষের ঘটনা ঘটেছে। সন্ধ্যার পর থেকে এই ঘটনাকে কেন্দ্র করে থমথমে রয়েছে সেখানকার পরিবেশ। রোববার সন্ধ্যায় শহীদুল্লাহ হলের প্রভোস্ট কার্যালয়ের সামনে এই সংঘর্ষ ঘটে। তবে বিশ্ববিদ্যালয়ের প্রভোস্ট ইসরাফিল রতন পরিস্থিতি এখন শান্ত রয়েছে বলে দাবি করেছেন। অধ্যাপক রতন বিবিসি বাংলাকে বলেন, “এটা অনাকাঙ্খিত, হল প্রভোস্ট মহোদয় তাৎক্ষণিকভাবে কমিটি করে দিয়েছিলেন। সেই কমিটি বসছিল। সেটা নিয়ে পক্ষ-বিপক্ষ হওয়ার কোনো কারণ দেখি না। পরবর্তী পর্যায়ে শুনলাম যে, দুই পক্ষ মুখোমুখি অবস্থান করছে। পরে হল প্রভোস্ট জানালে প্রক্টরিয়াল টিম পাঠানো হয়েছে। এখন পরিস্থিতি স্বাভাবিক আছে।” উল্লেখ্য, শনিবার ওই হল সংসদের এজিএস ইব্রাহিম খলিলের রুমে অবস্থান করা বহিরাগত দুইজন যুবকের বিরুদ্ধে সমকামিতার অভিযোগ ওঠে। এই অভিযোগে এরই মধ্যে ছাত্রশিবিরের এই নেতাকে হল থেকে বহিষ্কার করা হয়েছে বলে জানান বিশ্ববিদ্যালয়ের প্রক্টর। অধ্যাপক রতন বলেন, “আমরা চাচ্ছি যে, সুষ্ঠু তদন্ত করে যথাযথ ব্যবস্থা যাতে নেওয়া যায়। তদন্ত পক্ষপাতিত্বহীন হওয়া জরুরি। এই ঘটনার সাথে বিশ্ববিদ্যালয়ের মানসম্মান জড়িত। এই ধরনের ঘটনা ঘটতে থাকা কোনোভাবে আমরা উৎসাহিত করতে পারি না।” বিশ্ববিদ্যালয়ে রুলস অনুযায়ী, বহিরাগত কোনো ব্যক্তি বিশ্ববিদ্যালয়ের হলে থাকতে পারেন কিনা- এমন প্রশ্নে তিনি জানান, রুলসে কোনোভাবেই বহিরাগতদের হলে থাকার নিয়ম নেই। “ছেলেদের হলে এ ধরনের থাকবার রেওয়াজ নাই। কিন্তু ছেলেদের হল মেয়েদের হলের চাইতে কিছুটা অরক্ষিত। কোনো গেস্ট আসলে হয়তে অনেক সময় থেকে যায়। তবে রুলসে কোনোভাবেই বাইরের কারো হলে থাকার কোনো নিয়ম নাই,” বলেন প্রক্টর অধ্যাপক রতন। একইসঙ্গে, “অভিযোগ প্রমাণের আগেই তাৎক্ষণিক এই বিষয়টিকে জরুরি ভেবে ওই রুমের যিনি লিগ্যাল বোর্ডার, তাকে হল থেকে বহিষ্কার করা হয়েছে। যদি তদন্তে প্রমাণিত হয়, তখন হয়ত অন্যান্য শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে,” বলেও জানান তিনি। উল্লেখ্য, শনিবার সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে এই ঘটনা ছড়িয়ে পড়লে মি. খলিল দুঃখপ্রকাশ করে ফেসবুক পোস্ট দিয়ে লিখেছেন, তারা চিকিৎসার জন্য এসেছিল বলে রুমে থাকতে দিয়েছেন তিনি। ওই ঘটনার সময় তিনি রুমে ছিলেন না এবং বিষয়টি কেউ তাকে জানায়নি বলেও উল্লেখ করেন তিনি। ঘটনাটির নিন্দা করে মি. খলিল, এ বিষয়ে প্রয়োজনীয় আইনি ব্যবস্থা নিতে সহায়তা করবেন বলেও ফেসবুকে লিখেছেন। পরে শনিবারই ঘটনার প্রতিবাদে কিছু শিক্ষার্থী হলে মিছিল করেন। মি. খলিল ডাকসুর হল সংসদ নির্বাচনে ছাত্রশিবিরের সমর্থনে হলের সহ-সাধারণ সম্পাদক (এজিএস) নির্বাচিত হন।
(বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ নারগীস)

## দ্রুত চুক্তি হওয়ার শর্তে ইরানের বিরুদ্ধে হামলা বাতিল করছেন ডোনাল্ড ট্রাম্প

ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরানের সঙ্গে দ্রুত একটি চুক্তি হলে তিনি দেশটির বিরুদ্ধে পরিকল্পিত হামলা বাতিল করবেন। নিজের সামাজিক মাধ্যম ট্রুথ সোশ্যালে দেওয়া এক পোস্টে মার্কিন প্রেসিডেন্ট লিখেছেন যে, তিনি ইরানের সাথে 'দ্রুত একটি চুক্তি করতে সক্ষম হওয়ার শর্তে হামলা বাতিল করার' সিদ্ধান্ত নিয়েছেন। এ চুক্তির মধ্যে হরমুজ প্রণালি তাৎক্ষণিকভাবে খুলে দেওয়া এবং 'ইরানের পারমাণবিক হামলার হুমকির' অবসান অন্তর্ভুক্ত থাকবে। তবে, ট্রাম্পের এই ঘোষণার বিষয়ে ইরান এখনো কোনো প্রতিক্রিয়া জানায়নি। ট্রাম্প বলেছেন, এ সিদ্ধান্ত ইসরায়েলের সঙ্গে যৌথভাবে নেওয়া হয়েছে। এর আগে, যুক্তরাষ্ট্রের গণমাধ্যমে প্রকাশিত খবরে বলা হয়েছিল, ওয়াশিংটন সপ্তাহান্তে ইরানের বিরুদ্ধে নতুন ও ব্যাপক হামলার পরিকল্পনা করে থাকতে পারে। ওই আলোচনার মধ্যেই নতুন এ ঘোষণা এলো। এর আগে, তেহরান যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে উত্তেজনা বৃদ্ধির অভিযোগ তুলে বলেছিল, ওয়াশিংটনকে সহযোগিতা করা যে-কোনো আঞ্চলিক রাষ্ট্র 'যুদ্ধের আগুনে গ্রাস হবে' মানে তাদের ওপর হামলার প্রচ্ছন্ন হুমকি দিয়েছিল তেহরান।

পোস্টে ট্রাম্প বলেন, যুক্তরাষ্ট্র “ইসলামিক রিপাবলিক অব ইরানের ওপর হামলা চালাতে পুরোপুরি প্রস্তুত ছিল এবং হামলা চালানোর জন্য সম্পূর্ণ প্রস্তুত অবস্থায় ছিল - এমন মাত্রার সামরিক শক্তি ও ক্ষমতা নিয়ে যে দ্বিতীয় বিশ্বযুদ্ধের পরে এমন হামলা আর দেখা যায়নি।” কিন্তু ইরান এবং মধ্যপ্রাচ্যের আরো কয়েকটি দেশের অনুরোধে তিনি হামলা স্থগিত করেছেন, যাতে একটি চুক্তিতে পৌঁছানোর সুযোগ তৈরি হয়, বলেন ট্রাম্প। তিনি ইঙ্গিত দেন যে, পরিস্থিত

একটি সমঝোতার দিকে অগ্রগতি হয়েছে এবং বলেন, “চুক্তির পরিধি নিয়ে উভয় পক্ষ সম্মত হয়েছে।” তিনি লেখেন, “এর মধ্যে হরমুজ প্রণালি তাৎক্ষণিকভাবে, সম্পূর্ণভাবে এবং পুরোপুরি খুলে দেওয়া এবং ইরানের পারমাণবিক হুমকির অবসান অন্তর্ভুক্ত থাকবে।” এর আগে, যুক্তরাষ্ট্র সরকার মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে অবস্থানরত মার্কিন নাগরিকদের সতর্ক থাকতে এবং ওই “অঞ্চলে উত্তেজনা বৃদ্ধি পেলে” সেখান থেকে দেশ ত্যাগের জন্য প্রস্তুত থাকতে আহ্বান জানিয়েছিল। শনিবার প্রকাশিত নিরাপত্তা সতর্কবার্তায় বলা হয়, “বর্তমানে মধ্যপ্রাচ্যে অবস্থানরত মার্কিন নাগরিকদের সতর্কতা ও বাড়তি সজাগ থাকা উচিত, এবং ভ্রমণের সময় ফ্লাইট বাতিল, আকাশপথ আংশিকভাবে বন্ধ হয়ে যাওয়া এবং সম্ভাব্য ভ্রমণ বিঘ্নের জন্য প্রস্তুত থাকা উচিত।” এর আগে, যুক্তরাষ্ট্রে বিবিসির সংবাদ অংশীদার সিবিএস নিউজকে একাধিক সূত্র জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের জ্বালানি অবকাঠামোকে লক্ষ্য করে এখন পর্যন্ত সবচেয়ে কঠোর বোমা হামলা অভিযানের একটি চালানোর পরিকল্পনা করছিল। সূত্রগুলো সিবিএস নিউজকে জানিয়েছে, শুক্রবার ট্রাম্পের মন্ত্রিসভার বৈঠকে ওই পরিকল্পনা উত্থাপিত হয়। সিবিএস নিউজের তথ্য অনুযায়ী, ওই বৈঠকে সাংবাদিকেরা তখনও কক্ষে থাকার সময় ট্রাম্পকে বলতে শোনা যায়, “আমরা তাদের (ইরানিদের) কঠোরভাবে আঘাত করব। এক পর্যায়ে তারা নিজেরা বলবে, আমরা আর সহ্য করতে পারছি না।”

মার্কিন সংবাদমাধ্যম অ্যাক্সিওস জানিয়েছে, সৌদি যুবরাজ মোহাম্মদ বিন সালমান শনিবার মি. ট্রাম্পের সঙ্গে কথা বলেছেন এবং ইরানের সম্ভাব্য হামলা নিয়ে 'উদ্বেগ প্রকাশ করেছেন। বার্তা সংস্থা রয়টার্সও ট্রাম্পের সাথে সৌদি যুবরাজের ওই ফোনালাপের খবর দিয়েছে। এপ্রিল মাসে যুদ্ধ স্থগিত করার লক্ষ্যে করা যুদ্ধবিরতি জুন মাসে এসে ভেঙে যাওয়ার পর থেকে ওয়াশিংটন ও তেহরান পরস্পরের ওপর ধারাবাহিক হামলা ও পাল্টা হামলায় জড়িয়ে রয়েছে। এ সপ্তাহের শুরুতে যুক্তরাষ্ট্র বলেছিল, মধ্যপ্রাচ্য অঞ্চলে মার্কিন বাহিনীর ওপর সম্ভাব্য ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র হামলার জবাবে তারা ইরানের বিরুদ্ধে 'ভারী মাত্রার' হামলার একটি ধাপ সম্পন্ন করেছে। সেই সাথে যুক্তরাষ্ট্র ইরানের বন্দরগুলো অবরোধ করেছে এবং দেশটির বিভিন্ন স্থাপনায় বোমা হামলা চালিয়েছে। আর অন্যদিকে, ইরান মধ্যপ্রাচ্যের বিভিন্ন দেশে থাকা মার্কিন সম্পদের দিকে ক্ষেপণাস্ত্র ও ড্রোন নিক্ষেপ করেছে এবং বৈশ্বিক তেল পরিবহণের জন্য গুরুত্বপূর্ণ নৌপথ হরমুজ প্রণালিতে জাহাজ চলাচলকে লক্ষ্যবস্তু করেছে। গত ২৮শে ফেব্রুয়ারি যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের বিরুদ্ধে হামলা শুরু করে। যুদ্ধ শুরুর ফলে বিশ্বব্যাপী তেলের দামে ব্যাপক ওঠানামা দেখা দেয়, অনেক দেশে জ্বালানি সংকট শুরু হয়।(বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ আলী আহমেদ)

### 'ইরানকে হামলা করতে নয়, হুথিদের চ্যালেঞ্জ মোকাবিলায় সৌদি জোটে বাংলাদেশের যোগদান'

ইরানকে হামলার জন্য নয় বরং হুথিদের প্রতিরোধ করতে সৌদি নেতৃত্বাধীন জোটে বাংলাদেশ যোগ দিয়েছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্র বিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। বিকেলে পররাষ্ট্র মন্ত্রণালয়ে সাংবাদিকদের এক প্রশ্নে এ কথা জানান তিনি। তিনি বলেন, “হুথিদেরকে মোকাবিলা করতে যে ধরনের সহযোগিতা লাগবে, বাংলাদেশের সে রিসোর্সেস রয়েছে, সে অনুযায়ী আমরা সেটা দেব।” “মূলত এটা সেখানে হুথি চ্যালেঞ্জ মোকাবিলার জন্য। ওইদিকে, আমরা কিন্তু ইরানের সাথেও কথা বলেছি। সুতরাং এটা এমন নয় যে, ইরানকে হামলা করতে হবে,” বলেন মি. কবির। (বিবিসি ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ নারগীস)

## রেডিও তেহরান

### প্রতিবেশী দেশগুলোর বিরুদ্ধে যেকোনো হুমকি প্রতিহত করা হবে : ইরাক

ইরাক সরকার এক বিবৃতিতে জানিয়েছে, দেশটির সশস্ত্র বাহিনী ইরাকের ভূখণ্ড ব্যবহার করে প্রতিবেশী দেশগুলোর বিরুদ্ধে যে-কোনো ধরনের হুমকির প্রচেষ্টা প্রতিহত করতে সম্পূর্ণ প্রস্তুত রয়েছে। ইরানের রাষ্ট্রীয় সংবাদমাধ্যমের বরাত দিয়ে পার্সটুডের বলা হয়েছে, ইরাক সরকার এক বিবৃতিতে জানিয়েছে, প্রধানমন্ত্রী ও সশস্ত্র বাহিনীর সর্বাধিনায়ক আলি ফালিহ আল-জাইদি-এর সভাপতিত্বে অনুষ্ঠিত এক বৈঠকে ইরাকের ভূখণ্ড থেকে প্রতিবেশী দেশগুলোর বিরুদ্ধে সম্ভাব্য যে-কোনো হুমকি প্রতিরোধের উপায় নিয়ে আলোচনা করা হয়েছে। বিবৃতিতে আরও বলা হয়, ইরাকের সশস্ত্র বাহিনী পুনরায় অঙ্গীকার করেছে, দেশটির ভূখণ্ডকে প্রতিবেশী রাষ্ট্রগুলোর বিরুদ্ধে কোনো ধরনের কর্মকাণ্ড পরিচালনায় ব্যবহার করতে দেওয়া হবে না। বিবৃতির শেষে ইরাক সরকার জোর দিয়ে বলেছে, দেশটির সশস্ত্র বাহিনী ইরাকের আশপাশের অঞ্চলে প্রতিবেশী দেশগুলোর নিরাপত্তার বিরুদ্ধে যে-কোনো হুমকির প্রচেষ্টা নস্যাৎ করতে সম্পূর্ণ প্রস্তুত।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ নারগীস)

### ইরান যুদ্ধ যুক্তরাষ্ট্রকে কৌশলগত পরাজয়ের মুখে ঠেলে দিচ্ছে : নিউইয়র্ক টাইমস

মার্কিন দৈনিক নিউইয়র্ক টাইমস এক প্রতিবেদনে দাবি করেছে, ইরানের বিরুদ্ধে যুদ্ধে যুক্তরাষ্ট্র তার ঘোষিত লক্ষ্য অর্জনে ব্যর্থ হচ্ছে। এতে বলা হয়েছে, এই যুদ্ধ শুধু যুক্তরাষ্ট্রকে একটি কৌশলগত পরাজয়ের দ্বারপ্রান্তে নিয়ে যায়নি, বরং তার মিত্রদের আস্থাকেও মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করেছে। পার্সটুডে জানিয়েছে, প্রতিবেদনে বলা হয়েছে-পশ্চিমা কর্মকর্তা ও বিশ্লেষকদের মতে, যুক্তরাষ্ট্রের মিত্ররা মনে করছেন ইরানের সঙ্গে সংঘাত কৌশলগত ব্যর্থতার দিকে এগোচ্ছে। প্রতিবেদনে আরও বলা হয়, মিত্র দেশগুলো আশঙ্কা করছে যে, ইরানে স্থায়ী কোনো পরিবর্তন আনতে যুক্তরাষ্ট্রের সামরিক ব্যর্থতা এমন দুর্বলতাকে প্রকাশ করেছে, যা রাশিয়া ও চীন নিজেদের কৌশলগত সুবিধার জন্য

কাজে লাগাতে পারে। নিউইয়র্ক টাইমস আরও উল্লেখ করেছে, ইরানের বিরুদ্ধে অভিযানে ডোনাল্ড ট্রাম্পের ঘোষিত লক্ষ্য পূরণ হয়নি এবং যুক্তরাষ্ট্রের সামরিক বাহিনীর গুরুত্বপূর্ণ গোলাবারুদও উল্লেখযোগ্যভাবে কমে গেছে। প্রতিবেদনের দাবি অনুযায়ী, ইরান আগের চেয়ে আরও দৃঢ় অবস্থানে রয়েছে, তাদের পারমাণবিক ও ক্ষেপণাস্ত্র কর্মসূচি ধ্বংস হয়নি এবং হরমুজ প্রণালির ওপর কার্যত তেহরানের প্রভাব বেড়েছে। এতে যুক্তরাষ্ট্র ও ইসরায়েল উভয়ই দুর্বল অবস্থানে পড়েছে এবং সংকটের জন্য একে অপরকে দোষারোপ করছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ নারগীস)

## হরমুজ প্রণালি খুলে দেওয়ার বিষয়ে ইরানের সম্মতির খবর ভিত্তিহীন : ফার্স নিউজ

হরমুজ প্রণালি আবার খুলে দেওয়ার বিষয়ে ইরান সমঝোতায় পৌঁছেছে বলে যে খবর ছড়িয়েছে, তা ভিত্তিহীন বলে জানিয়েছে ইরানের ফার্স নিউজ এজেন্সি। কৌশলগত এই জলপথ নিয়ে ইরানের নীতিতেও কোনো পরিবর্তন আসেনি। এর আগে, ইসরায়েলি সাংবাদিক বারাক রাভিদের বরাত দিয়ে কয়েকটি বিদেশি গণমাধ্যম দাবি করে, হরমুজ প্রণালি দিয়ে জাহাজ চলাচল স্বাভাবিক করতে ইরান একটি প্রস্তাবে সম্মতি দিয়েছে। প্রস্তাব অনুযায়ী, জাহাজগুলো ইরানের জলসীমা দিয়ে পারস্য উপসাগরে প্রবেশ করবে এবং ওমানের জলসীমা দিয়ে বের হবে বলে দাবি করা হয়। তবে ইরানের পারমাণবিক আলোচনা দলের ঘনিষ্ঠ একটি সূত্র ফার্স নিউজকে জানিয়েছে, হরমুজ প্রণালি খুলে দেওয়ার বিষয়ে ইরান কোনো চুক্তি করেনি। এ ধরনের খবরকে তিনি সরাসরি মিথ্যা বলে উল্লেখ করেন। একজন ইরানি সামরিক সূত্রও একই কথা জানিয়েছেন। তার দাবি, হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে ইরানের সম্মতির খবরের কোনো ভিত্তি নেই এবং এ বিষয়ে দেশটির নীতিতেও কোনো পরিবর্তন হয়নি। ওই সামরিক সূত্র বলেন, যুক্তরাষ্ট্রের বৈরী কর্মকাণ্ড ও শত্রুতামূলক পদক্ষেপ অব্যাহত থাকলে হরমুজ প্রণালি বন্ধ থাকবে। তিনি জানান, নির্ধারিত পথ দিয়ে জাহাজ চলাচলের ক্ষেত্রে ইরানের ইসলামি বিপ্লবী গার্ড বাহিনীর নৌবাহিনীর সঙ্গে সমন্বয় করতে হবে এবং হরমুজ প্রণালি অতিক্রমের অনুমতি নিতে হবে। এর বাইরে অন্য কোনো পথ ব্যবহার নিরাপদ নয় বলেও সতর্ক করেন তিনি। হরমুজ প্রণালি বিশ্বের অন্যতম গুরুত্বপূর্ণ জ্বালানি পরিবহনপথ। পারস্য উপসাগর থেকে আন্তর্জাতিক বাজারে তেল ও গ্যাস পরিবহনের ক্ষেত্রে এই জলপথের গুরুত্ব অনেক। ফলে এটি বন্ধ বা খোলার বিষয়ে যে-কোনো সিদ্ধান্ত আন্তর্জাতিক জ্বালানি বাজারেও প্রভাব ফেলতে পারে। ইরানি সূত্রের বক্তব্য অনুযায়ী, হরমুজ প্রণালি পুনরায় খুলে দেওয়ার বিষয়ে এখন পর্যন্ত কোনো নতুন সিদ্ধান্ত নেওয়া হয়নি এবং ইরানের অবস্থান অপরিবর্তিত রয়েছে।
(রেডিও তেহরান ওয়েব পেজ : ০২.০৮.২০২৬ নারগীস)

# এনএইচকে

## দ্রুত চুক্তি সম্পাদনের শর্তে ইরানের বিরুদ্ধে হামলা বাতিল করলেন ট্রাম্প

মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প বলেছেন, ইরান 'দ্রুত' একটি চুক্তিতে পৌঁছাবে, এই শর্তে তিনি দেশটির ওপর পরিকল্পিত হামলা বাতিল করতে সম্মত হয়েছেন। সিদ্ধান্তটি এমন এক সময়ে এসেছে, যখন মার্কিন গণমাধ্যমের খবরে বলা হচ্ছে যে, ওয়াশিংটন এই সপ্তাহান্তে ইরানের বিরুদ্ধে নতুন করে আক্রমণ চালানোর পরিকল্পনা করতে পারে। মার্কিন সম্প্রচারকারী সংস্থা সিবিএস নিউজ জানিয়েছে, যুক্তরাষ্ট্র ও ইসরায়েল ইরানের একাধিক জ্বালানি-সম্পর্কিত স্থাপনায় হামলা চালানোর পরিকল্পনা করছে। শনিবার সামাজিক যোগাযোগ মাধ্যমে দেওয়া এক পোস্টে ট্রাম্প বলেছেন, ইরানসহ মধ্যপ্রাচ্যের অন্যান্য দেশগুলো ওয়াশিংটনকে "যে-কোনো হামলা থেকে বিরত থাকতে" বলেছে, "কারণ একটি চুক্তির শর্তাবলীতে সম্মত হওয়া গেছে।" তিনি আরও বলেছেন, এই চুক্তিতে হরমুজ প্রণালির "অবিলম্বে, সম্পূর্ণ ও সার্বিক" উন্মোচন এবং "ইরানের পারমাণবিক হুমকির অবসান" অন্তর্ভুক্ত থাকবে। তিনি জানিয়েছেন, "দ্রুত একটি চুক্তি সম্পাদনের শর্তে" তিনি হামলাটি বাতিল করতে সম্মত হয়েছেন। তিনি আরও জানিয়েছেন, "ইসরায়েলও এই অঙ্গীকারে আমার সঙ্গে রয়েছে।" ট্রাম্পের সর্বশেষ এই সিদ্ধান্ত, দৃশ্যত দুইপক্ষের মধ্যে অব্যাহত পাল্টাপাল্টি আক্রমণের মতো আরও জটিল পরিস্থিতির স্পষ্ট ঝুঁকি এড়াতে পেরেছে। হরমুজ প্রণালি খুলে দেওয়া এবং অন্যান্য গুরুত্বপূর্ণ অমীমাংসিত বিষয়গুলোর সমাধানে যুক্তরাষ্ট্র-ইরান আলোচনা কোনো অগ্রগতি সাধন করবে কি না, সেদিকেই এখন সবার দৃষ্টি নিবদ্ধ রয়েছে। (এনএইচকে ওয়েব পেজঃ ০২.০৮.২০২৬ রুবাইয়া)

# ডয়চে ভেলে

## বাংলাদেশে গ্যাস সংকটের মধ্যে দাম বাড়ল এলপিজির

বাংলাদেশের পাইপলাইনে গ্যাসের সরবরাহ সংকটের মধ্যেই ভোক্তাপর্যায়ে বেসরকারি খাতের তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম বাড়ানো হয়েছে। এবার প্রতি কেজিতে বেড়েছে ৫ টাকা ৮৫ পয়সা। এর ফলে বাজারে সবচেয়ে বেশি প্রচলিত ১২ কেজি এলপিজি সিলিন্ডারের দাম বেড়েছে ৭০ টাকা। এক হাজার ৫২৮ টাকার মূল্য গ্যাসের দাম বেড়ে হয়েছে এক হাজার ৫৯৮ টাকা। রোববার নতুন দাম ঘোষণা করেছে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। নতুন দাম এদিনই সন্ধ্যা ৬টা থেকে কার্যকর হয়েছে। মধ্যপ্রাচ্যে যুদ্ধ ছড়িয়ে পড়ার পর বিশ্ববাজারে এলপিজির দাম বেড়ে যায়। এপ্রিলে দেশটির ইতিহাসেও সর্বোচ্চ দাম বেড়েছিল এলপিজির। এপ্রিলের শুরুতে ১২ কেজি এলপিজি সিলিন্ডারে দাম বাড়ানো হয় ৩৮৭ টাকা। এরপর ওই মাসের ১৯ এপ্রিল আবার বাড়ানো হয় ২১২

টাকা। তবে জুন ও জুলাইয়ে টানা দুই মাস দাম কমানো হয় দেশে। জুলাইয়ে ৩৫৭ টাকা কমে ১২ কেজির এলপিজি সিলিন্ডারের দাম হয়েছিল ১ হাজার ৫২৮ টাকা। বিইআরসি বলছে, বাজারে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডার পাওয়া যায়। এখন থেকে প্রতি কেজি এলপিজির দাম ১৩৩ টাকা ১৫ পয়সা। এই হিসাবে বিভিন্ন আকারের এলপিজি সিলিন্ডারের দাম নির্ধারিত হবে, যা আগে ছিল ১২৭ টাকা ৩০ পয়সা। তবে অভিযোগ রয়েছে, বাজারে নির্ধারিত দামে এলপিজি বিক্রি হচ্ছে না। এলপিজির ১২ কেজি সিলিন্ডার সবচেয়ে বেশি ব্যবহৃত হয় গৃহস্থালির কাজে। অভিযোগ আছে, প্রতি সিলিন্ডারে বেশি দাম নিচ্ছেন এলপিজি বিক্রেতারা। গ্যাস সংকটে পড়ে অনেকেই বাসায় রান্না করতে এলপিজি সিলিন্ডার ব্যবহারের দিকে ঝুঁকছেন। সরকারি কোম্পানির সরবরাহ করা এলপিজির সাড়ে ১২ কেজি সিলিন্ডারের দাম ৮২৫ টাকা অপরিবর্তিত রাখা হয়েছে। অন্যদিকে গাড়িতে ব্যবহৃত এলপিজির (অটো গ্যাস) দাম প্রতি লিটার ৭০ টাকা ৪০ পয়সা নির্ধারণ করা হয়েছে। এর আগে, দাম ছিল ৮৬ টাকা ৯৩ পয়সা। এলপিজি তৈরির মূল উপাদান প্রোপেন ও বিউটেন বিভিন্ন দেশ থেকে আমদানি করা হয়। প্রতি মাসে এলপিজির এই দুই উপাদানের মূল্য প্রকাশ করে সৌদি আরবের প্রতিষ্ঠান আরামকো। এটি সৌদি কার্গো মূল্য (সিপি) নামে পরিচিত। এই সৌদি সিপিকে ভিত্তিমূল্য ধরে দেশে এলপিজির দাম সমন্বয় করে বিইআরসি। আমদানিকারক কোম্পানির চালান (ইনভয়েস) মূল্য থেকে গড় করে পুরো মাসের জন্য ডলারের দাম হিসাব করে বিইআরসি।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রনি)

## দুবাইয়ে বেনজীরের জামিন বাতিলে বাংলাদেশ সরকারের 'ল' ফার্ম নিয়োগ

বাংলাদেশ পুলিশের সাবেক মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ দুবাইয়ের আদালত থেকে শর্তসাপেক্ষে জামিন পেয়েছেন বলে জানতে পেরেছেন দেশটির স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তার জামিন আদেশ বাতিলের জন্য বাংলাদেশ সরকার দুবাইয়ে 'ল' ফার্ম নিয়োগ করেছে। রোববার বিকেলে রাজশাহী পুলিশ লাইনসে এক মতবিনিময় সভা শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে স্বরাষ্ট্রমন্ত্রী এ কথা বলেন। এ সময় স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "আমি এখন শুনলাম, এটা স্টেজে বসে। সাথে সাথে হোম সেক্রেটারির সাথে কথা বলেছি। হোম সেক্রেটারি দুবাইয়ে আমাদের যে অ্যাম্বাসেডর, তার সাথে কথা বলেছেন।" স্বরাষ্ট্রমন্ত্রী আরও বলেন, "কয়েকদিন আগেই আমরা 'ল' ফার্ম নিয়োগ করেছি, এই বিষয়টার জন্য শুধুমাত্র। তাকে ইনস্ট্রাকশন (নির্দেশনা) দেওয়া হয়েছে বেইল ক্যানসিলেশনের জন্য সে পার্সিউ করবে। আমি খবর পেয়েছি, তাকে অন কন্ডিশন, ইউএই লিভ না করার শর্তে বেইল দিয়েছে। কী শর্ত, আমি সার্টিফায়েড কপিটা জোগাড় করতে বলেছি এবং আমাদের যে 'ল' ফার্ম নিয়োগ হয়েছে, তাদেরকে আমরা ইন্সট্রাকশন দিয়েছি, যেন এই বেইল ক্যানসিলেশনের জন্য তারা পার্সিউ করে।" এখন বাংলাদেশ কী করবে, এমন প্রশ্নে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "তারা (বেনজীর আহমেদ) আইনানুগভাবে গেছে, আমরা 'ল' ফার্ম নিয়োগ করেছি। আমাদের চেষ্টা আমরা করছি। আমরা আশা করছি, বেইল ক্যানসেল করতে পারব এবং দ্রুত সময়ের মধ্যে তাকে ফেরত নিতে পারব।" গত ১৪ জুন সংযুক্ত আরব আমিরাতের দুবাইয়ে বেনজীর আহমেদের গ্রেফতার বিষয়টি জানিয়েছেন পুলিশ সদর দপ্তর। বেনজীর আহমেদ ২০২০ সালের ১৫ এপ্রিল থেকে ২০২২ সালের ৩০ সেপ্টেম্বর পর্যন্ত প্রধান পুলিশ কমিশনার ছিলেন। এর আগে, তিনি ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) কমিশনার ও র‍্যাপিড অ্যাকশন ব্যাটালিয়নের (র‍্যাব) মহাপরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন। গুরুতর মানবাধিকার লঙ্ঘনের অভিযোগে ২০২১ সালের ডিসেম্বরে র‍্যাবের সাবেক ও তৎকালীন সাত কর্মকর্তার ওপর নিষেধাজ্ঞা দেয় যুক্তরাষ্ট্র। তাদের মধ্যে বেনজীর আহমেদও ছিলেন। ২০২৪ সালে গণ-অভ্যুত্থানে আওয়ামী লীগ ক্ষমতাচ্যুত হওয়ার কয়েক মাস আগে বেনজীর ও তার পরিবারের বিপুল সম্পদের তথ্য সামনে আসে। এরপর তার বিরুদ্ধে অনুসন্ধানে নামে দুদক। ওই সময় তিনি দেশ ছাড়েন। পরে তার বিরুদ্ধে একাধিক মামলা হয় এবং আদালত গ্রেফতারি পরোয়ানা জারি করে। ২০২৫ সালের ১০ ফেব্রুয়ারি বেনজীর আহমেদের বিরুদ্ধে ইন্টারপোলের মাধ্যমে গ্রেফতারি পরোয়ানা কার্যকর করার আদেশ দেন আদালত।

(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রনি)

## যুক্তরাষ্ট্রের রেস্তোরাঁয় বন্দুক হামলা, কয়েকজন নিহত

যুক্তরাষ্ট্রের দক্ষিণ আইডাহোর একটি ইন-এন-আউট বার্গার রেস্তোরাঁয় বন্দুকধারীর গুলিতে একাধিক ব্যক্তি নিহত হয়েছেন। সন্দেহভাজন হামলাকারীও নিহত হয়েছে বলে জানিয়েছে পুলিশ। সংবাদ সম্মেলনে পুলিশ প্রধান ম্যাথিউ হিকস জানান, শনিবার টুইন ফলসের একটি ব্যস্ত শপিং এলাকার কাছে এ ঘটনা ঘটে, যেখানে শত শত মানুষ উপস্থিত ছিলেন। হিকস বলেন, নিহতদের মধ্যে সন্দেহভাজন বন্দুকধারীও রয়েছে। তবে, হামলাকারীর পরিচয় এবং হামলার কারণ ও উদ্দেশ্য সম্পর্কে এখনও কোনো তথ্য জানাতে পারেনি পুলিশ। ম্যাথিউ হিকস বলেন, "হামলাকারীর পরিচয় এবং এই হামলার পেছনের কারণ খুঁজে বের করার চেষ্টা করছি আমরা। আগামী কয়েক দিনের মধ্যে বিষয়টি পরিষ্কার হবে বলে আশা করছি।" এমনকি, এই হামলায় কতজন নিহত হয়েছেন, তা নিয়েও নিশ্চিত কোনো তথ্য এখনও দেয়নি পুলিশ। তবে তারা আশ্বস্ত করেছেন, নিহতের সংখ্যা নির্ধারণে কর্তৃপক্ষ কাজ করছে। হিকস বলেন, ঘটনাস্থলটি ছিল "খুবই বিশৃঙ্খল।" স্থানীয় পাবলিক রেডিও স্টেশন কেটিভিবি জানিয়েছে, এ ঘটনায় তিনজন নিহত এবং দু-জন আহত হয়েছেন। তবে শহর প্রশাসনের এক মুখপাত্র বলেছেন, হতাহতের সংখ্যা আরও বাড়তে পারে। আহতদের কয়েকজনের চিকিৎসা নিশ্চিত করতে নিকটস্থ সেইন্ট লুক'স ম্যাজিক ভ্যালি মেডিক্যাল সেন্টারে নেওয়ার হয়েছে বলে জানিয়েছে

পুলিশ। স্থানীয় সংবাদমাধ্যমে ওই ঘটনা নিয়ে প্রকাশিত এক ভিডিওতে দেখা যায়, এক ব্যক্তি রেস্তোরাঁটির বাইরে একটি আগ্নেয়াস্ত্র বহন করছিল। টুইন ফলসের এই রেস্তোরাঁটি মাত্র এক সপ্তাহ আগে চালু হয়েছিল।
(ডয়চে ভেলে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রনি)

## জাগো নিউজ

### আন্ডারওয়াটার রোবট নির্মাণে বিশ্বচ্যাম্পিয়নদের প্রধানমন্ত্রীর অভিনন্দন

আন্ডারওয়াটার রোবটিক্স প্রতিযোগিতা 'মেট রোভপ্রতিযোগিতা ২০২৬'-এ বিশ্বচ্যাম্পিয়ন মিলিটারি ইনস্টিটিউট অব সায়েন্স অ্যান্ড টেকনোলজির (এমআইএসটি) শিক্ষার্থীদের অভিনন্দন জানিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২ আগস্ট) বিকেলে সচিবালয়ে প্রধানমন্ত্রীর কার্যালয়ে বিশ্ব চ্যাম্পিয়ন দলের সদস্যদের সঙ্গে সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী তাদের অভিনন্দন জানান। পাশাপাশি তাদের ভবিষ্যৎ গবেষণা, প্রযুক্তি উন্নয়ন ও উদ্ভাবনী উদ্যোগে সরকারের সর্বাত্মক সহযোগিতার আশ্বাস দেন প্রধানমন্ত্রী। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি সুজাউদ্দৌলা সুজন মাহমুদ এসব তথ্য জানিয়েছেন। সরকারপ্রধান বলেন, তরুণ উদ্ভাবকরাই বাংলাদেশের ভবিষ্যৎ। তাদের গবেষণা, প্রযুক্তি উদ্ভাবন ও স্টার্ট-আপ উদ্যোগে সরকার সব সময় পাশে থাকবে। একইসঙ্গে তিনি সেমি-কন্ডাক্টর, ঔষধ শিল্প, আসবাব শিল্প ও প্রসাধনী শিল্পের মতো নতুন রপ্তানি খাত গড়ে তুলে দেশের অর্থনীতিকে আরও শক্তিশালী করার ওপর গুরুত্বারোপ করেন। সাক্ষাৎকালে এমআইএসটির শিক্ষার্থীরা প্রতিযোগিতায় চ্যাম্পিয়ন হওয়া তাদের উদ্ভাবিত আন্ডারওয়াটার রোবটটি প্রধানমন্ত্রীর সামনে প্রদর্শন করেন। এ সময় প্রধানমন্ত্রী রোবটটির নকশা, প্রযুক্তিগত সক্ষমতা ও ব্যবহারিক দিক সম্পর্কে খুঁটিনাটি জানতে চান এবং শিক্ষার্থীদের সঙ্গে বিস্তারিত কথা বলেন। আন্তর্জাতিক অঙ্গনে বাংলাদেশের জন্য গৌরব বয়ে আনার জন্য দলটির সদস্যদের অভিনন্দন জানিয়ে তিনি বলেন, এ ধরনের উদ্ভাবন দেশের প্রযুক্তিগত সক্ষমতাকে নতুন উচ্চতায় নিয়ে যাবে। তিনি বলেন, রোবটটির আরও প্রযুক্তিগত উন্নয়ন, বাণিজ্যিকীকরণ এবং আন্তর্জাতিক পর্যায়ে ভবিষ্যতে অংশগ্রহণের ক্ষেত্রে প্রয়োজনীয় সরকারি সহায়তা দেওয়া হবে।
এমআইএসটির উদ্ভাবকদের ভবিষ্যৎ পরিকল্পনাও জানতে চান প্রধানমন্ত্রী। জবাবে শিক্ষার্থীরা জানান, পড়াশোনা শেষে তারা প্রযুক্তি খাতেই কাজ করতে এবং নিজেদের উদ্যোগে নতুন কিছু করতে আগ্রহী। এর পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রী বলেন, তারা যদি প্রযুক্তিনির্ভর নতুন উদ্যোগ গড়ে তুলতে চান, তাহলে সরকারের স্টার্ট-আপ কর্মসূচির মাধ্যমে প্রয়োজনীয় সহায়তা দেওয়া হবে। তরুণদের উদ্দেশ্যে তারেক রহমান বলেন, বাংলাদেশকে আরও এগিয়ে নিতে হলে উদ্ভাবক, গবেষক ও প্রযুক্তি উদ্যোক্তাদের এগিয়ে আসতে হবে এবং সরকার তাদের পাশে থাকবে। তিনি বলেন, তৈরি পোশাকশিল্প দেশের প্রধান রপ্তানি খাত হলেও এর পাশাপাশি সেমি-কন্ডাক্টর, ঔষধ শিল্প, আসবাবশিল্প ও প্রসাধনীসহ নতুন সম্ভাবনাময় শিল্পকে শক্তিশালী করে বহুমুখী রপ্তানি অর্থনীতি গড়ে তুলতে সরকার কাজ করছে। প্রধানমন্ত্রী আরও বলেন, সেমি-কন্ডাক্টর শিল্পকে অগ্রাধিকার দিয়ে সরকার দেশি-বিদেশি বিনিয়োগ এবং দক্ষ জনশক্তি গড়ে তোলার উদ্যোগ নিয়েছে। বিদেশে কর্মরত বাংলাদেশি সেমি-কন্ডাক্টর বিশেষজ্ঞদেরও দেশে এসে এ খাতের বিকাশে অবদান রাখার আহ্বান জানানো হয়েছে। (জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

### ঢাকার চারপাশে সচল হবে নৌপথ, দূষণরোধে প্রধানমন্ত্রীর নির্দেশনা

রাজধানীর চারপাশের নৌপথগুলো সচল করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। একইসঙ্গে আগ্রহী বেসরকারি কোম্পানিগুলোর প্রস্তাব বিবেচনা করে নৌপথে ওয়াটার বাস পরিচালনার সুযোগ দেওয়ার সিদ্ধান্ত হয়েছে। পাশাপাশি নদী দূষণ প্রতিরোধ, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন এবং নদীর নাব্যতা ও পানিপ্রবাহ স্বাভাবিক রাখতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দিয়েছেন প্রধানমন্ত্রী তারেক রহমান। রোববার (২ আগস্ট) সকাল ১০টা ৩০ মিনিটে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের বিশেষ সভাকক্ষে প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ঢাকার চারপাশে নৌপথ চালু-সংক্রান্ত এক সভায় এসব সিদ্ধান্ত নেওয়া হয়। প্রধানমন্ত্রীর ডেপুটি প্রেস সেক্রেটারি শাহাদাৎ স্বাধীন এ তথ্য জানান। সভায় ঢাকার চারপাশের নৌপথ সচল করার বিষয়টি নিয়ে আলোচনা হয়। এসময় আগ্রহী বেসরকারি কোম্পানিগুলোর প্রস্তাব বিবেচনা করে নৌপথে তাদের ওয়াটার বাস পরিচালনার সুযোগ দেওয়ার বিষয়েও সিদ্ধান্ত হয়। এছাড়া নৌপথ সচল করার পাশাপাশি কীভাবে ঢাকার নদীগুলোর দূষণ প্রতিরোধ করা যায়, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করা যায় এবং নদীর নাব্যতা ও পানিপ্রবাহ স্বাভাবিক রাখা যায়, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। সভায় প্রধানমন্ত্রী নদীর চারপাশে নির্মিত ওয়াকওয়ের পাশে বিভিন্ন প্রজাতির গাছ লাগানোরও নির্দেশনা দেন, যাতে পরিবেশ সুরক্ষা নিশ্চিত হয় এবং নদীর তীরের সৌন্দর্য বৃদ্ধি পায়। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

### দুবাইয়ের কারাগার থেকে মুক্তি পেলেন বেনজীর

সংযুক্ত আরব আমিরাতের (ইউএই) দুবাইয়ে জামিনে মুক্তি পেয়েছেন বাংলাদেশের সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদ। সোমবার (২৭ জুলাই) দুবাইয়ের একটি আদালত তার জামিন আবেদন মঞ্জুর করেন। পরে বৃহস্পতিবার (৩০ জুলাই) আইনি প্রক্রিয়া শেষে কারামুক্ত হন তিনি। রোববার (২ আগস্ট) বেনজীর আহমেদের ঘনিষ্ঠ সূত্র বিষয়টি নিশ্চিত করেছে। জানা গেছে, তিনি সংযুক্ত আরব আমিরাত ত্যাগ করতে পারবেন না। ফলে জামিনে মুক্তি পেলেও, তার দেশত্যাগে বিধিনিষেধ বহাল রয়েছে। খোঁজ নিয়ে জানা গেছে, বাংলাদেশ সরকারের পক্ষ থেকে

পাঠানো প্রত্যর্পণ-সংক্রান্ত নথিপত্র এবং আইনি প্রক্রিয়া নিয়ে আদালতে উভয়পক্ষের শুনানি অনুষ্ঠিত হয়। পরে তাকে শর্তসাপেক্ষে জামিন দেওয়ার সিদ্ধান্ত নেন বিচারক। তবে, এ বিষয়ে আনুষ্ঠানিকভাবে দুবাই কর্তৃপক্ষের কোনো বক্তব্য পাওয়া যায়নি। বেনজীর আহমেদের দুবাই পুলিশের হাতে গ্রেফতার হওয়ার তথ্য গত ১৪ জুন প্রথম জাতীয় সংসদে জানান স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেন, ১২ জুন সংযুক্ত আরব আমিরাতের স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধীন ন্যাশনাল সেন্ট্রাল ব্যুরো (এনসিবি) আবুধাবি থেকে পাঠানো এক ই-মেইলে বাংলাদেশ সরকারকে জানানো হয়, দুর্নীতির মামলায় অভিযুক্ত বেনজীর আহমেদকে দুবাইয়ে আটক করা হয়। এরপর বাংলাদেশ সরকার আন্তর্জাতিক পুলিশ সংস্থা ইন্টারপোলের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বেনজীরের প্রত্যার্পণ চায়। এজন্য দুর্নীতি দমন কমিশনের (দুদক) প্রস্তুত করা প্রায় ১৪৪ পৃষ্ঠার নথি আরবি ভাষায় অনুবাদ করে কূটনৈতিক মাধ্যমে দুবাইয়ে পাঠানো হয়। সেখানে তার বিরুদ্ধে দেশে গ্রেফতারি পরোয়ানা, মামলার তথ্য ও প্রত্যার্পণের প্রয়োজনীয় নথিপত্র সংযুক্ত করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## বাংলাদেশের জন্য আসিয়ানের দরজা বন্ধ, কারণ জানালেন মহাসচিব

দক্ষিণ-পূর্ব এশিয়ার আঞ্চলিক জোট আসিয়ানের সদস্য হওয়ার ক্ষেত্রে বাংলাদেশের সম্ভাবনা প্রায় নেই বললেই চলে। শুধু বাংলাদেশ নয়, পাপুয়া নিউগিনির (পিএনজি) জন্যও কার্যত বন্ধ আন্তর্জাতিক এই জোটে যোগদানের পথ। আসিয়ানের নীতিমালায় বড়ো ধরনের পরিবর্তন না আসলে এ দুই দেশকে সদস্য করা অসম্ভব বলে জানিয়েছেন জোটের মহাসচিব কাও কিম হোর্ন। তিনি বলেছেন, ভৌগোলিক অবস্থানের কারণে বাংলাদেশ এবং পাপুয়া নিউগিনি (পিএনজি) আসিয়ানের সদস্য হওয়ার যোগ্যতা পূরণ করে না। সম্প্রতি ফিলিপাইনের রাজধানী ম্যানিলায় অনুষ্ঠিত ১০ম আসিয়ান মিডিয়া ফোরামে এ কথা জানান জোটের মহাসচিব। গত ৩১ জুলাই ইন্দোনেশিয় সংবাদমাধ্যম জাকার্তা গ্লোবের এক প্রতিবেদনে এ তথ্য জানানো হয়েছে। তবে আর কোনো গণমাধ্যমে এ বিষয়ে প্রতিবেদন পাওয়া যায়নি। মিডিয়া ফোরামে কাও কিম হোর্ন বলেন, তিমুর-লেস্তেকে অন্তর্ভুক্ত করার মাধ্যমে আসিয়ানের সম্প্রসারণ কার্যত শেষ হয়েছে। তিনি বলেন, আসিয়ান সনদ অনুযায়ী দক্ষিণ-পূর্ব এশিয়ায় অবস্থিত স্বীকৃত ১১টি দেশই এ জোটের আওতায় রয়েছে। বাংলাদেশ ও পাপুয়া নিউগিনি এই ভৌগোলিক অঞ্চলের বাইরে অবস্থান করায় তাদের সদস্য হওয়ার সুযোগ নেই। আসিয়ান সনদই এই জোটের আইনি ভিত্তি নির্ধারণ করে। সেখানে নতুন সদস্য হওয়ার অন্যতম শর্ত হিসেবে উল্লেখ রয়েছে, সংশ্লিষ্ট দেশকে দক্ষিণ-পূর্ব এশিয়ার স্বীকৃত ভৌগোলিক অঞ্চলে অবস্থিত হতে হবে। কিন্তু ভৌগোলিকভাবে বাংলাদেশ দক্ষিণ এশিয়ার অংশ। অন্যদিকে পাপুয়া নিউগিনি ওশেনিয়া অঞ্চলের অন্তর্ভুক্ত। কাও কিম হোর্ন বলেন, বাংলাদেশ বা পাপুয়া নিউগিনিকে সদস্য করতে চাইলে প্রথমে আসিয়ান সনদ সংশোধন করতে হবে। এ জন্য জোটের সদস্যদেশগুলোর সর্বসম্মত অনুমোদন প্রয়োজন হবে। সনদে ভৌগোলিক সংজ্ঞা পরিবর্তন না হলে বর্তমান ১১টি দেশই আসিয়ানের সদস্য হিসেবে থাকবে বলে জানান তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## এনসিপির মামলায় ছাত্রদল নেতা রিংগনসহ ১১ জনের জামিন

হবিগঞ্জ জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) করা মামলায় জামিন পেয়েছেন জেলা ছাত্রদল সভাপতি শাহ রাজিব আহমেদ রিংগনসহ ১১ নেতা। রোববার (২ আগস্ট) হবিগঞ্জের জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আব্দুল মান্নান তাদের জামিন আবেদন মঞ্জুর করেন। এর আগে, তারা আদালতে হাজির হয়ে জমিন আবেদন করেন। বিষয়টি নিশ্চিত করে আসামিপক্ষের আইনজীবী কুতুব উদ্দিন জুয়েল বলেন, মামলায় ঘটনার সময়, তারিখ ও স্থান উল্লেখ নেই। আসামিদের বিরুদ্ধেও কোনো সুনির্দিষ্ট অভিযোগের উল্লেখ নেই। বিষয়টি বিবেচনায় নিয়ে বিচারক তাদের জামিন আবেদন মঞ্জুর করেছেন। জেলা ছাত্রদল সভাপতি শাহ রাজিব আহমেদ রিংগন বলেন, “আমরা আইনের প্রতি শ্রদ্ধাশীল। তাই আমরা আইনি প্রক্রিয়া অনুসরণ করে আদালতে জামিন আবেদন করেছিলাম। আদালত শুনানি শেষে জামিন আবেদন মঞ্জুর করেছেন।” আদালত সূত্র জানায়, মঙ্গলবার (২৮ জুলাই) দিনব্যাপী হবিগঞ্জের আজমিরীগঞ্জ ও জেলা শহরে এনসিপির কর্মসূচি ছিল। এতে দলটির নেতা নাসীরুদ্দীন পাটওয়ারী বিএনপি চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী তারেক রহমান, জাতীয় সংসদের হুইপ জি কে গউছসহ কেন্দ্রীয় নেতাদের কটাক্ষ করে বক্তব্য দেন। সন্ধ্যায় জেলা শহরের সমাবেশ শেষ করে পাটওয়ারী ও দলের উত্তরাঞ্চলের মুখ্য সংগঠক সারজিস আলম সার্কিট হাউজের উদ্দেশ্যে রওয়ানা হন। পথে কোর্ট মসজিদের সামনে পৌঁছালে তাদের গাড়িবহরে একদল যুবক হামলা করে। গাড়িতেও ব্যাপক ভাঙচুর চালানো হয়। একপর্যায়ে সারজিস আলমসহ নেতাকর্মীরা সোনালী ব্যাংকের প্রধান শাখায় গিয়ে আশ্রয় নেন। তখন দুইপক্ষের মধ্যে ধাওয়া-পাল্টাধাওয়া হয়। এতে অন্তত ২০ জন আহত হন। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## ৭ মাত্রার বেশি ভূমিকম্প হলে ফায়ার সার্ভিস নিজেও ক্ষতিগ্রস্ত হবে : ডিজি

৭ বা তার বেশি মাত্রায় ঢাকায় ভূমিকম্প হলে ফায়ার সার্ভিস নিজেও ক্ষতিগ্রস্ত হবে বলে জানিয়েছেন ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্সের মহাপরিচালক (ডিজি) ব্রিগেডিয়ার জেনারেল মুহাম্মদ জাহেদ কামাল। রোববার (২ আগস্ট) দুপুরে রাজধানীর বঙ্গবাজার ফায়ার সার্ভিসের সদর দপ্তরে আয়োজিত ‘অগ্নিনিরাপত্তা বিষয়ক প্রশিক্ষণ’ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এ মন্তব্য করেন। বাংলাদেশ ক্রাইম রিপোর্টার্স অ্যাসোসিয়েশনের (কর্‍্যাব) সদস্যদের জন্য দুই দিনব্যাপী এই প্রশিক্ষণের আয়োজন করে ফায়ার সার্ভিস। ফায়ার সার্ভিসের ডিজি বলেন, যদি ৭ মাত্রা বা তার বেশি

ভূমিকম্প ঢাকায় আঘাত হানে, তাহলে ফায়ার সার্ভিস নিজেও ক্ষতিগ্রস্ত হবে। একই সময়ে অসংখ্য স্থানে উদ্ধার তৎপরতা চালানো কঠিন হয়ে পড়বে। তিনি বলেন, এ ধরনের পরিস্থিতি মোকাবিলায় ফায়ার সার্ভিস দেশের বিভিন্ন অঞ্চলের প্রায় ১০০টি স্টেশনকে নির্দিষ্ট পরিকল্পনার আওতায় এনেছে। বড়ো ধরনের ভূমিকম্প হলে এসব স্টেশন থেকে জনবল ও সরঞ্জাম দ্রুত ক্ষতিগ্রস্ত এলাকায় পাঠানো হবে। এ পরিকল্পনার অংশ হিসেবে একটি ড্রাই এক্সারসাইজও সম্পন্ন করা হয়েছে। প্রয়োজনে হেলিকপ্টারের মাধ্যমে ছোটো আকারের উদ্ধার সরঞ্জাম ও ফায়ার ফাইটার পরিবহণের বিষয়েও কাজ চলছে। তিনি আরও বলেন, শুধু ফায়ার সার্ভিস নয়, দুর্যোগকালে গণমাধ্যমেরও আগাম প্রস্তুতি থাকা প্রয়োজন। বিভিন্ন টেলিভিশন ও সংবাদমাধ্যম নিজেদের মধ্যে এলাকা ভাগ করে পরিকল্পনা করলে সরকারের কাছে দ্রুত ও নির্ভুল তথ্য পৌঁছানো সহজ হবে এবং উদ্ধার কার্যক্রমও আরও কার্যকর হবে। গণমাধ্যমকর্মীদের উদ্দেশ্যে তিনি বলেন, ভূমিকম্পে ক্ষতিগ্রস্ত ভবনে প্রবেশের আগে নিরাপত্তা নিশ্চিত করতে হবে। কারণ ধসে পড়া ভবনের ধরণ অনুযায়ী উদ্ধার কার্যক্রমও ভিন্ন হয়ে থাকে। তাই রিপোর্টিংয়ের সময় নিজেদের নিরাপত্তাকেও সর্বোচ্চ গুরুত্ব দিতে হবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## প্রাথমিকে নতুন শিক্ষকদের যোগদান ১ অক্টোবর, পদায়নের পর প্রশিক্ষণ

সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে নিয়োগ পরীক্ষায় চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত শিক্ষকদের যোগদানের দিনক্ষণ জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। রোববার (২ আগস্ট) বেলা ১১টায় প্রাথমিক শিক্ষা মন্ত্রণালয়ের উপসচিব রাজীব কুমার সরকারের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫'-এর নিয়োগযোগ্য শূন্য পদে নির্বাচিত প্রার্থীরা আগামী ১ অক্টোবর সংশ্লিষ্ট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগদান করবেন। এতে আরও বলা হয়, চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যথাসময়ে নিয়োগপত্র পাঠানো হবে। চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের যোগদানের পর পদায়ন এবং পরবর্তী সময়ে প্রশিক্ষণে পাঠানো হবে। বিষয়টি সকলের অবগতির জন্য পাঠানো হলো।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## পরিস্থিতি অনুকূলে এলে রোহিঙ্গা প্রত্যাবাসন : মিয়ানমারের রাষ্ট্রদূত

পরিস্থিতি অনুকূলে এলে রোহিঙ্গাদের প্রত্যাবাসন কার্যক্রম এগিয়ে নেওয়ার উদ্যোগ নেওয়া হবে বলে জানিয়েছেন বাংলাদেশে নিযুক্ত মিয়ানমারের রাষ্ট্রদূত কিয়াও সোয়ে মোয়ে। তিনি জানান, প্রত্যাবাসনের জন্য প্রাপ্ত তালিকার যাচাই-বাছাই প্রক্রিয়া চলমান রয়েছে। নিরাপত্তা ও মাঠপর্যায়ের পরিস্থিতি অনুকূলে এলে প্রত্যাবাসন কার্যক্রম এগিয়ে নেওয়ার উদ্যোগ নেওয়া হবে। রোববার (২ আগস্ট) বাণিজ্য মন্ত্রণালয়ে বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদিরের সঙ্গে অনুষ্ঠিত বৈঠকে এ তথ্য জানান মিয়ানমারের রাষ্ট্রদূত। বৈঠকে বাংলাদেশে আশ্রয় নেওয়া জোরপূর্বক বাস্তুচ্যুত রোহিঙ্গা জনগোষ্ঠীর নিরাপদ, স্বেচ্ছামূলক, টেকসই ও মর্যাদাপূর্ণ প্রত্যাবাসনের বিষয়টি আলোচনায় উঠে আসে। বাংলাদেশ পক্ষ দ্রুত প্রত্যাবাসনের অনুকূল পরিবেশ সৃষ্টি এবং এ বিষয়ে কার্যকর ও দৃশ্যমান অগ্রগতির ওপর গুরুত্বারোপ করেন বাণিজ্যমন্ত্রী। উভয়পক্ষ দুই দেশের মধ্যে নিয়মিত প্রাতিষ্ঠানিক আলোচনা ও যৌথ কমিটির বৈঠক আয়োজনের বিষয়ে একমত পোষণ করেন। বাংলাদেশে পরবর্তী যৌথ বৈঠক আয়োজনের প্রস্তাব নিয়েও আলোচনা হয়। এদিকে, বৈঠকে বাংলাদেশ ও মিয়ানমারের মধ্যে বিদ্যমান দ্বিপাক্ষিক বাণিজ্য সম্প্রসারণ, পণ্য আমদানি-রপ্তানি বৃদ্ধি, নৌপরিবহণ যোগাযোগ জোরদার, এলএনজি আমদানি এবং পারস্পরিক বিনিয়োগের সুযোগ সম্প্রসারণসহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয়। পাশাপাশি আলোচনায় রোহিঙ্গা প্রত্যাবাসন বিষয়টি গুরুত্ব পায়। বাণিজ্যমন্ত্রী খন্দকার আব্দুল মুক্তাদির বলেন, প্রতিবেশী দেশগুলোর সঙ্গে পারস্পরিক সম্মান, আস্থা ও অর্থনৈতিক সহযোগিতার ভিত্তিতে সম্পর্ক আরও শক্তিশালী করতে বাংলাদেশ প্রতিশ্রুতিবদ্ধ। বাণিজ্য, পরিবহণ, বিনিয়োগ ও সীমান্ত যোগাযোগসংক্রান্ত যে-সব বিষয় অন্যান্য মন্ত্রণালয়ের সঙ্গে সম্পৃক্ত, সেগুলো আন্তঃমন্ত্রণালয় সমন্বয়ের মাধ্যমে পর্যালোচনা করা হবে। মন্ত্রী বলেন, ভৌগোলিক নৈকট্য ও বিদ্যমান সম্ভাবনা কাজে লাগিয়ে দুই দেশের বাণিজ্য আরও বাড়ানো সম্ভব। পারস্পরিক স্বার্থসংশ্লিষ্ট বিষয়গুলো আলোচনার মাধ্যমে সমাধান করে বাংলাদেশ ও মিয়ানমারের অর্থনৈতিক সম্পর্ককে আরও অর্থবহ ও গতিশীল করতে উভয় দেশ একসঙ্গে কাজ করবে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## সুনামগঞ্জে নৌকা ডুবে নিখোঁজ ৪ জনের মরদেহ উদ্ধার

সুনামগঞ্জের জগন্নাথপুরে কীর্তন থেকে বাড়ি ফেরার পথে মইয়ার হাওরের বালুচর এলাকায় নৌকা ডুবে নিখোঁজ চারজনের মরদেহ উদ্ধার হয়েছে। রোববার (০২ আগস্ট) দুপুরে উপজেলার মইয়ার হাওরের রোয়ারকারা নামক স্থানে বাকি দুইজনের ভাসমান মরদেহ পায় স্থানীয়রা। পরে পুলিশ গিয়ে তাদের লাশ উদ্ধার করে। তারা হলেন- জগন্নাথপুর পৌরসভার পূর্ব ভবানীপুর এলাকার মৃত জগিন্দ্র দেবনাথের ছেলে হেমেন্দ্র দেব নাথ (৩৭) ও একই এলাকার মৃত অনিল দেব নাথের ছেলে অধীর দেবনাথ (৩৫)। এর আগে, শনিবার একই এলাকার মৃত সুবল দেব নাথের ছেলে সত্যেন্দ্র নাথ সতী (৬৫) ও মৃত অনিল দেব নাথের ছেলে অরুণ দেবনাথের (৪৫) মরদেহ উদ্ধার করে ডুবুরিদল। বিষয়টি নিশ্চিত করে জগন্নাথপুর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) শফিকুল ইসলাম বলেন, নিহতদের পরিবারের কারো কোনো অভিযোগ না থাকায় মরদেহ ময়নাতদন্ত ছাড়াই পরিবারের নিকট হস্তান্তর করা হয়েছে। তথ্যানুযায়ী, শুক্রবার পূর্ব

ভবানীপুর এলাকার ১০জন নৌকাযোগে কীর্তন থেকে রাত ৩টার সময় বাড়ি ফেরার পথে মইয়ার হাওরের বালুচর নামক স্থানে নৌকাটি ডুবে যায়। নৌকায় থাকা ছয়জন সাঁতার কেটে তীরে উঠলেও চারজন নিখোঁজ হন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## চট্টগ্রামে ডেভিড ইমনসহ ৫ আসামির ১০ দিনের রিমান্ড মঞ্জুর

চট্টগ্রামের ফটিকছড়ি থানায় দায়ের করা হত্যা ও অস্ত্র আইনের দুটি মামলায় মোবারক হোসেন ইমন ওরফে ডেভিড ইমনসহ পাঁচ আসামির পাঁচদিন করে মোট ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন আদালত। রোববার (২ আগস্ট) দুপুরে চট্টগ্রামের সিনিয়র জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত এ আদেশ দেন। এর আগে হত্যা ও অস্ত্র আইনের পৃথক দুটি মামলার প্রতিটি মামলায় সাতদিন করে মোট ১৪ দিনের রিমান্ড আবেদন করে পুলিশ। শুনানি শেষে আদালত পাঁচদিন করে মোট ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেন। হাটহাজারী সার্কেলের অতিরিক্ত পুলিশ সুপার কাজী মো. তারেক আজিজ বলেন, ফটিকছড়ি থানার হত্যা ও অস্ত্র আইনের দুই মামলায় ডেভিড ইমনসহ পাঁচ আসামির বিরুদ্ধে রিমান্ড আবেদন করা হয়েছিল। আদালত দুই মামলায় পাঁচদিন করে মোট ১০ দিনের রিমান্ড মঞ্জুর করেছেন। গত ২৯ জুলাই যশোরের কোতোয়ালী থানার ঝুমঝুমপুর এলাকা থেকে ডেভিড ইমনসহ চারজনকে গ্রেফতার করা হয়। পরে তাদের দেওয়া তথ্যের ভিত্তিতে ৩০ জুলাই ভোরে ফটিকছড়ির কাঞ্চননগর ইউনিয়নের মানিকপুর এলাকার একটি পরিত্যক্ত বাড়িতে অভিযান চালিয়ে একটি বিদেশি পিস্তল, দুটি দেশীয় এলজি ও অন্যান্য দেশীয় অস্ত্র উদ্ধার করে পুলিশ।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## সাবেক স্ত্রীকে পেট্রোল ঢেলে পুড়িয়ে হত্যা, স্বামী আটক

দিনাজপুরের বিরলে বিবাহবিচ্ছেদের জেরে সাবেক স্ত্রীকে শরীরে পেট্রোল ঢেলে আগুনে পুড়িয়ে হত্যা করেছে সাবেক স্বামী। এ ঘটনায় অভিযুক্ত সাবেক স্বামী মাহবুবুর রহমানকে (৫০) আটক করেছে বিরল থানা পুলিশ। শনিবার (১ আগস্ট) রাত সাড়ে ১০টার দিকে উপজেলার ৭ নম্বর বিজোড়া ইউনিয়নের বিজোড়া (সুতারপাড়া) গ্রামে এ ঘটনা ঘটে। নিহত সুমাইয়া আক্তার শ্যামলী (২৫) ওই গ্রামের সিরাজুল ইসলামের মেয়ে। সুমাইয়া আক্তার শ্যামলীর সাত বছর বয়সের একটি ছেলে ও চার বছর বয়সের একটি মেয়ে রয়েছে। আটক মাহবুবুর রহমান রংপুর কোতোয়ালি থানার লালবাগ এলাকার স্থায়ী বাসিন্দা। তিনি মৃত সফি উদ্দীনের ছেলে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, প্রায় দুই মাস আগে মাহবুবুর রহমান ও সুমাইয়া আক্তার শ্যামলীর বিবাহবিচ্ছেদ হয়। এরপর শনিবার রাতে মাহবুবুর রহমান জোরপূর্বক সাবেক স্ত্রীর বাবার বাড়িতে প্রবেশ করেন। এ সময় তাদের মধ্যে কথা কাটাকাটির একপর্যায়ে তিনি শ্যামলীর শরীরে পেট্রোল ঢেলে লাইটার দিয়ে আগুন ধরিয়ে দেন। এ সময় শ্যামলীর চিৎকারে বাড়ির অন্যান্য সদস্য ও প্রতিবেশীরা এগিয়ে আসেন। অভিযুক্ত মাহবুবুর রহমান ঘটনাস্থল থেকে দ্রুত পালিয়ে যান। পরে স্থানীয়রা দগ্ধ শ্যামলীকে উদ্ধার করে দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে নিয়ে যান। অবস্থার অবনতি হলে কর্তব্যরত চিকিৎসক তাকে উন্নত চিকিৎসার জন্য রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে পাঠান। রাতেই রংপুর নেওয়ার পথে তার মৃত্যু হয়। পরে তাকে পুনরায় দিনাজপুর মেডিকেল কলেজ হাসপাতালে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক ভোর ৪টার দিকে মৃত ঘোষণা করেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## বিপিসি চেয়ারম্যানের দায়িত্বে জ্বালানি বিভাগের অতিরিক্ত সচিব জিয়াউল

বাংলাদেশ পেট্রোলিয়াম করপোরেশনের (বিপিসি) চেয়ারম্যানের দায়িত্ব জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিব মো. জিয়াউল হককে দেওয়া হয়েছে। রোববার (২ আগস্ট) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রশাসন-১ শাখার সিনিয়র সহকারী সচিব সাবরিনা আফরিন মুস্তাফা স্বাক্ষরিত এক অফিস আদেশে এ তথ্য জানানো হয়। পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত জিয়াউল হক জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অতিরিক্ত সচিবের নিজ দায়িত্বের পাশাপাশি বিপিসির চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করবেন বলে অফিস আদেশে বলা হয়। এর আগে, গত ২৬ জুলাই বিপিসির চেয়ারম্যান (অতিরিক্ত সচিব) মো. রেজানুর রহমানকে বিশেষ ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওএসডি) করা হলে গত সপ্তাহজুড়ে পদটি খালি ছিল। তবে, কী কারণে রেজানুর রহমানকে জনপ্রশাসন মন্ত্রণালয়ে ওএসডি করা হয়, সে সম্পর্কে তাৎক্ষণিকভাবে নিশ্চিত হওয়া যায়নি। এর আগে, আগের চেয়ারম্যান আমিন উল আহসানকেও ওএসডি করেছিল জনপ্রশাসন মন্ত্রণালয়। মন্ত্রণালয় সূত্রে জানা গেছে, গত ২ ফেব্রুয়ারি রেজানুর রহমানকে বিপিসি চেয়ারম্যান হিসেবে পদায়ন করে প্রজ্ঞাপন জারি করা হয়। এর আগে, তিনি পেট্রোবাংলার চেয়ারম্যান হিসেবে পদায়িত ছিলেন। অতিরিক্ত সচিব রেজানুর রহমান ৫ ফেব্রুয়ারি বিপিসি চেয়ারম্যান হিসেবে আনুষ্ঠানিকভাবে দায়িত্বভার গ্রহণ ও যোগদান করেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## ঢাকায় ডিএমপির অভিযান, ২৪ ঘণ্টায় গ্রেফতার ৪৩১

রাজধানীতে বিভিন্ন অপরাধ প্রবণ এলাকায় অভিযান চালিয়ে গত ২৪ ঘণ্টায় ৪৩১ জনকে গ্রেফতার করেছে ঢাকা মেট্রোপলিটন পুলিশ (ডিএমপি)। একই সময়ে ৭০টি মামলা করা হয়েছে। রোববার (২ আগস্ট) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশনস বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। নিয়াজ মেহেদী বলেন, গত ২৪ ঘণ্টায় রাজধানীর বিভিন্ন থানা এলাকায় অভিযান পরিচালনা করে

মাদকদ্রব্যসহ তাদের গ্রেফতার করা হয়। গ্রেফতারকৃতদের মধ্যে রমনা বিভাগ ৩৯ জন, লালবাগ বিভাগ ২৪ জন, ওয়ারী বিভাগ ৪৫ জন, মতিঝিল বিভাগ ৪০ জন, তেজগাঁও বিভাগ ৭৯ জন, মিরপুর বিভাগ ১০১ জন, গুলশান বিভাগ ৪৪ জন, উত্তরা বিভাগ ৪৭ জন, গোয়েন্দা বিভাগ ৯ জন এবং সিটিটিসি ৩ জনকে গ্রেফতার করে। এসময় তাদের কাছ থেকে ১টি বিদেশি পিস্তল, ২টি খালি ম্যাগাজিন, ২৩০ গ্রাম গাঁজা, ১৪ হাজার ১৪২ পিস ইয়াবা, ১৫৬ গ্রাম হেরোইন, ৩১টি মোবাইল ফোন, ১টি প্রাইভেটকার, ১টি পুরাতন ক্যামেরা ও ১ জন ভিকটিমকে উদ্ধার করা হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## পানির দাম ৫ শতাংশ বাড়ানোর প্রস্তাব চট্টগ্রাম ওয়াসার রাজস্ব বিভাগের

চট্টগ্রাম ওয়াসার আবাসিক ও বাণিজ্যিক গ্রাহক পর্যায়ে পানির দাম ৫ শতাংশ বাড়ানোর প্রস্তাব দিয়েছে সংস্থাটির রাজস্ব বিভাগ। তবে এ বিষয়ে তাৎক্ষণিক কোনো সিদ্ধান্ত না নিয়ে গ্রাহকসহ সংশ্লিষ্ট পক্ষের মতামত নেওয়ার সিদ্ধান্ত নিয়েছে ওয়াসা বোর্ড। শনিবার (১ আগস্ট) ওয়াসার প্রধান কার্যালয়ে অনুষ্ঠিত বোর্ড সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভায় পানির দাম বৃদ্ধির প্রস্তাব পর্যালোচনার জন্য উপব্যবস্থাপনা পরিচালক বিষ্ণু কুমার দে কে আহ্বায়ক করে চার সদস্যের একটি কমিটি গঠন করা হয়েছে। কমিটির অন্য সদস্যরা হলেন- প্রধান রাজস্ব কর্মকর্তা রুমন দে এবং বোর্ড সদস্য বেগম সৈয়দা জেরিন হোসেন ও রাসেল মিয়া। ওয়াসা সূত্র জানায়, প্রচলিত আইন অনুযায়ী বোর্ডের অনুমোদনে বছরে সর্বোচ্চ ৫ শতাংশ পর্যন্ত পানির দাম বাড়ানো যায়। এর বেশি বাড়াতে হলে সরকারের অনুমোদন প্রয়োজন হয়। এ বিধান অনুযায়ী রাজস্ব বিভাগ আবাসিক ও বাণিজ্যিক উভয় শ্রেণির গ্রাহকের জন্য ৫ শতাংশ মূল্যবৃদ্ধির প্রস্তাব দিয়েছে। চট্টগ্রাম ওয়াসার ব্যবস্থাপনা পরিচালক সেলিম মো. জানে আলম বলেন, প্রস্তাবটি নিয়ে বোর্ড এখনই কোনো সিদ্ধান্ত নেয়নি। বিভিন্ন শ্রেণি-পেশার প্রতিনিধি ও গ্রাহকদের মতামত নিয়ে কমিটি সুপারিশ দেবে। এরপর বোর্ড চূড়ান্ত সিদ্ধান্ত নেবে। ওয়াসা সর্বশেষ ২০২২ সালের সেপ্টেম্বরে এক দফায় ৩৮ শতাংশ পানির দাম বাড়ায়। বর্তমানে আবাসিক গ্রাহকদের প্রতি এক হাজার লিটার পানির মূল্য ১৮ টাকা এবং বাণিজ্যিক গ্রাহকদের জন্য ৩৭ টাকা। সংস্থাটির সর্বশেষ তথ্য অনুযায়ী, মোট গ্রাহকসংযোগ ১ লাখ ৪ হাজার ৫১১টি, যার প্রায় ৯৩ শতাংশই আবাসিক।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## প্রবাসীদের নতুন পাসপোর্ট নিয়ে আবেদন দ্রুত নিষ্পত্তির নির্দেশ

প্রবাসীদের নতুন পাসপোর্ট বা পাসপোর্ট নবায়ন সংক্রান্ত আবেদন দ্রুত নিষ্পত্তি করার নির্দেশ দিয়েছেন হাইকোর্ট। আগামী দুই মাসের মধ্যে পেন্ডিং আবেদন নিষ্পত্তি করে ৯০ দিনের মধ্যে প্রতিবেদন দাখিলের জন্য নির্দেশ দেন আদালত। একইসঙ্গে প্রবাসীদের নতুন পাসপোর্ট বা নবায়নের আবেদন দ্রুত নিষ্পত্তিতে প্রশাসনের নিষ্ক্রিয়তা ও দায়িত্বহীনতা কেন বেআইনি অবৈধ ঘোষণা করা হবে না, তা জানতে চেয়ে রুল জারি করেছেন হাইকোর্ট। আগামী চার সপ্তাহের মধ্যে সংশ্লিষ্টদের এর জবাব দিতে বলা হয়েছে। এই সংক্রান্ত বিষয়ে দায়ের করা আবেদন শুনানি নিয়ে রোববার (২ আগস্ট) হাইকোর্টের বিচারপতি হাবিবুল গনি এবং বিচারপতি সৈয়দ মোহাম্মদ তাজরুল হোসেনের সমন্বয়ে গঠিত বেঞ্চ এই আদেশ দেন। আদালতে রিটের পক্ষের শুনানি করেন সিনিয়র অ্যাডভোকেট মনজিল মোরসেদ। তাকে সহায়তা করেন আইনজীবী সঞ্জয় মন্ডল। সরকার পক্ষে ছিলেন ডেপুটি অ্যাটর্নি জেনারেল (ডিএজি) মোহাম্মদ জিসান হায়দার। আদেশের বিষয়টি জাগো নিউজকে নিশ্চিত করে মনজিল মোরসেদ জানান, প্রবাসীদের নতুন পাসপোর্ট বা পাসপোর্ট নবায়নের আবেদন দীর্ঘদিন থেকে সরবরাহ করা হচ্ছে না- এমন অভিযোগের খবর দেশের বিভিন্ন গণমাধ্যমে প্রকাশের পর জনস্বার্থে হিউম্যান রাইটস অ্যান্ড পিচ ফর বাংলাদেশ (এইচ আর পিবি)-এর পক্ষ থেকে এক রিট পিটিশন দায়ের করা হয়। শুনানি শেষে আদালত আগামী ৬০ দিনের মধ্যে প্রবাসীদের নতুন পাসপোর্ট বা নবায়নের পেন্ডিং আবেদন নিষ্পত্তির আদেশ দিয়েছেন এবং ৯০ দিনের মধ্যে কম্প্লাইন্স রিপোর্ট দাখিল করতে বলা হয়েছে। তিনি বলেন, অন্য এক আদেশে আদালত পররাষ্ট্র মন্ত্রণালয়কে ২১ দিনের মধ্যে চিঠি ইস্যু করে দেশের বিভিন্ন হাইকমিশনকে ও এম্বেসিকে প্রবাসীদের নতুন পাসপোর্ট বা পাসপোর্ট নবায়নের আবেদন দ্রুত নিষ্পত্তির জন্য পাসপোর্ট অফিসে প্রেরণ করার নির্দেশ দিয়েছেন এবং ৩০ দিনের মধ্যে আদালতে কম্প্লাইন্স রিপোর্ট দাখিলের নির্দেশ দিয়েছেন।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## ডিএনসিসি প্রশাসক-এমপির ওপর হামলার অভিযোগ

রাজধানীর উত্তরখানে পরিচ্ছন্নতাকর্মীদের সঙ্গে সংঘর্ষের সময় ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) প্রশাসক ও স্থানীয় সংসদ সদস্যের ওপর স্থানীয়দের হামলার অভিযোগ উঠেছে। রোববার (২ আগস্ট) ডিএনসিসির জনসংযোগ বিভাগ থেকে পাঠানো এক জরুরি বার্তায় এ তথ্য জানানো হয়। ডিএনসিসি প্রশাসক মো. শফিকুল ইসলাম খান, স্থানীয় সংসদ সদস্য জাহাঙ্গীর হোসেন, পুলিশের ঊর্ধ্বতন কর্মকর্তাসহ সংশ্লিষ্টরা ঘটনাস্থলে উপস্থিত ছিলেন। ডিএনসিসির দাবি, রাজাবাড়ি এসটিএস এলাকায় পরিচ্ছন্নতাকর্মীদের ওপর স্থানীয় সন্ত্রাসীরা হামলা চালায়। পরিস্থিতি নিয়ন্ত্রণে এবং স্থানীয়দের সঙ্গে কথা বলতে ঘটনাস্থলে যান ডিএনসিসির প্রশাসক মো. শফিকুল ইসলাম খান, স্থানীয় এমপি জাহাঙ্গীর হোসেন, পুলিশের উপ-কমিশনারসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা। এ সময় প্রশাসক ও এমপির উপরও হামলার ঘটনা ঘটে বলে অভিযোগ করেছে সংস্থাটি। ঘটনার পর পরিস্থিতি উত্তপ্ত হয়ে ওঠে। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্যরা ঘটনাস্থলে অবস্থান নিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে কাজ করছেন। জানতে চাইলে ডিএনসিসির জনসংযোগ কর্মকর্তা

জাকির হোসেন জাগো নিউজকে বলেন, স্থানীয়দের একটি পক্ষ সেখানে সিটি করপোরেশনের এসটিএসের কার্যক্রমে বাধা দেয়। এ সময় তারা সিটি করপোরেশনের প্রায় ১৪ জন কর্মীকে মারধর করেন। তাদের প্রত্যেককে হাসপাতালে প্রাথমিক চিকিৎসা দেওয়া হয়েছে। তিনি বলেন, প্রশাসক ও স্থানীয় এমপি যখন বিষয়টি সমাধান করতে যান, তখন তাদের উপরও ইট-পাটকেল নিক্ষেপ করে স্থানীয়রা। তবে প্রশাসক ও স্থানীয় এমপি আহত হননি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## বাড়লো এলপিজির দাম, ১২ কেজির সিলিন্ডার এখন ১৫৯৮ টাকা

আগস্ট মাসের জন্য তরলীকৃত পেট্রোলিয়াম গ্যাসের (এলপিজি) দাম নির্ধারণ করেছে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। ১২ কেজির এলপিজি সিলিন্ডারের নতুন খুচরা মূল্য ১ হাজার ৫৯৮ টাকা নির্ধারণ করা হয়েছে। গত মাসে এর দাম ছিল ১ হাজার ৫২৮ টাকা। রোববার (২ আগস্ট) নতুন এই দাম ঘোষণা করে সংস্থাটি বিইআরসি। একইসঙ্গে যানবাহনে ব্যবহৃত অটোগ্যাসের দামও বাড়ানো হয়েছে। নতুন দাম নির্ধারণ করা হয়েছে প্রতি লিটার ৭৩ টাকা ৬৭ পয়সা। আগের মাসে এর দাম ছিল ৭০ টাকা ৪০ পয়সা। সংস্থাটি জানিয়েছে, নতুন দাম আজ সন্ধ্যা ৬টা থেকে কার্যকর হবে। পরবর্তী আদেশ না দেওয়া পর্যন্ত নতুন এই দাম বহাল থাকবে। আন্তর্জাতিক বাজারে এলপিজির মূল্য এবং সংশ্লিষ্ট অন্যান্য ব্যয়ের ওপর ভিত্তি করে প্রতি মাসে এলপিজি ও অটোগ্যাসের নতুন দাম নির্ধারণ করে থাকে বাংলাদেশ অ্যানার্জি রেগুলেটরি কমিশন (বিইআরসি)। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## বেনজীরের মুক্তির বিষয়ে দুদকের কাছে আনুষ্ঠানিক কোনো তথ্য নেই : ডিজি

সাবেক পুলিশ মহাপরিদর্শক (আইজিপি) বেনজীর আহমেদের দুবাইয়ে জামিনে মুক্তি পাওয়ার বিষয়ে দুর্নীতি দমন কমিশনের (দুদক) কাছে আনুষ্ঠানিক কোনো তথ্য নেই বলে জানিয়েছেন সংস্থার মহাপরিচালক (ডিজি) মীর মো. জয়নুল আবেদীন শিবলী। তবে বেনজীরের ব্যাপারে সব ধরনের আইনি পদক্ষেপ নেওয়া হয়েছে বলে জানান তিনি। রোববার (২ আগস্ট) বিকেলে সাংবাদিকদের সঙ্গে আলাপকালে দুদকের ডিজি জানান, বেনজীরের মুক্তির বিষয়টি দুদক পত্রপত্রিকার মাধ্যমে জেনেছে। তবে এক্ষেত্রে আইনগতভাবে যা যা করার প্রয়োজন, দুদক তা করবে। তিনি বলেন, “আপনারা যেভাবে মিডিয়ার, পত্রপত্রিকার মাধ্যমে জেনেছেন, আমরাও জেনেছি। আইনি যে পদক্ষেপ নেওয়া দরকার, সংশ্লিষ্ট বিভাগ নেবে।” দুদকের কোনো গাফিলতি ছিল কি না- জানতে চাইলে জয়নুল আবেদীন শিবলী বলেন, “আমার মনে হয় না। আমাদের কিছু আইনি পদক্ষেপের কেন্দ্রীয় কর্তৃপক্ষ হলো স্বরাষ্ট্র মন্ত্রণালয়। আমরা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পাঠাই, সেখানে থেকে পররাষ্ট্র মন্ত্রণালয় হয়ে সংশ্লিষ্ট দেশে যায়। আন্তঃদেশীয় অনুসন্ধানের ক্ষেত্রে স্বরাষ্ট্র মন্ত্রণালয় বাংলাদেশের কেন্দ্রীয় কর্তৃপক্ষ হিসেবে কাজ করে। আমাদের এখান থেকে যা যা করা দরকার, যা পাঠানো দরকার, আমরা সব করেছি,” যোগ করেন তিনি। কীসের ভিত্তিতে বেনজীরকে ছাড়া হয়েছে- জানতে চাইলে দুদকের ডিজি বলেন, “এটা না জেনে বলতে পারছি না।” (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## যাত্রাবাড়ীতে ৭৫ জনকে হত্যার তথ্য পাওয়া গেছে : চিফ প্রসিকিউটর

২০২৪ সালের জুলাই-আগস্টে ছাত্র-জনতার আন্দোলনে যাত্রাবাড়ীতে ৭৫ জনকে হত্যার তথ্য পাওয়া গেছে বলে জানিয়েছেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর মো. আমিনুল ইসলাম। এর মধ্যে শেখ হাসিনা পালিয়ে যাওয়ার দিন ৫ আগস্টেই ৫০-৫৫ জন শহীদ হয়েছেন বলে জানান তিনি। রোববার (২ আগস্ট) যাত্রাবাড়ী নবী টাওয়ার কনফারেন্স রুমে ‘জুলাই গণঅভ্যুত্থানে যাত্রাবাড়ী : শহিদ পরিবার ও আহতদের গণশুনানিতে তিনি এসব কথা বলেন। আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের চিফ প্রসিকিউটর কার্যালয় এই গণশুনানির আয়োজন করে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## পুলিশের ওপর হামলা হতে পারে, এমন সুনির্দিষ্ট তথ্য নেই : ডিবি

সম্প্রতি রাজধানীসহ দেশের বিভিন্ন স্থানে বোমা-আতঙ্ক ও সন্দেহজনক বস্তু উদ্ধারের ঘটনায় পুলিশ সদর দপ্তর থেকে সতর্কবার্তা জারি করা হয়েছে। বার্তায় পুলিশের যানবাহনে হামলার শঙ্কা জানানো হয়। তবে পুলিশের এ সতর্কতা কোনো নির্দিষ্ট গোয়েন্দা তথ্যের ভিত্তিতে নয়, বরং নিয়মিত নিরাপত্তাব্যবস্থার অংশ হিসেবে দেওয়া ‘রিমাইন্ডার’ বা মনে করিয়ে দেওয়ার বার্তা বলে জানিয়েছেন ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) অতিরিক্ত পুলিশ কমিশনার (ডিবি) মো. শফিকুল ইসলাম। রোববার (২ আগস্ট) ডিএমপির মিডিয়া সেন্টারে আয়োজিত সংবাদ সম্মেলনে এক প্রশ্নের জবাব তিনি এ কথা বলেন। পুলিশের ওপর হামলার সতর্কবার্তার বিষয়ে শফিকুল ইসলাম বলেন, “আমরা জনগণের জানমালের নিরাপত্তার বিধান করে থাকি। পাশাপাশি তো নিজেদের নিরাপত্তাটাও দেখতে হয়। কাজেই এই সতর্ক আমরা সবসময় থাকি। তবুও সাম্প্রতিককালে আপনারা দেখছেন যে, কয়েকটা বোমার বিষয় এসেছে এবং মিথ্যা কিছু গুজব ছড়ানো হচ্ছে। এ বিষয় নিয়ে আমরা তৎপর এবং সব মিলিয়ে আমাদের নিজেদের নিরাপত্তাটা যেন বজায় থাকে, এজন্য এমন সতর্কতা। আগেও এমন নির্দেশনা দেওয়া হয়েছে, যেন পুলিশের সব যানবাহন থেকে শুরু করে স্থাপনা নিরাপদ থাকে। তাই পুলিশকে আবারও নির্দেশনা দিয়ে রিমাইন্ডার দেওয়া হয়েছে, যেন পুলিশ অধিক সতর্ক থাকে। যেহেতু ইদানিং বিভিন্ন সত্য-মিথ্যা মিলিয়ে একটা ঘটনা ঘটানোর চেষ্টা করা হয়েছে, সেজন্য সতর্কতা জারি করা হয়েছে। এটা একটা রিমাইন্ডার,” যোগ করেন তিনি। আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর ওপর হামলার কোনো সুনির্দিষ্ট

গোয়েন্দা তথ্য রয়েছে কি না- এমন প্রশ্নের জবাবে তিনি বলেন, "না, এমন সুনির্দিষ্ট কিছু নাই, তবে আমরা সবসময় সতর্ক থাকি। আমরা যারা ফিল্ডে বিচরণ করি, তারা যেন আরেকটু সতর্ক থাকি, সেই জন্য এই রিমাইন্ডার।" মতিঝিলে বোমা উদ্ধারের ঘটনায় জড়িত কাউকে শনাক্ত করা হয়েছে কি না- জানতে চাইলে শফিকুল ইসলাম বলেন, "এটার তদন্ত সিটিটিসি করছে। আমরা আসলে ছায়া তদন্ত করছি। এই ঘটনার সঙ্গে যারা জড়িত তাদের শনাক্ত করে গ্রেফতারের চেষ্টা করছি। তবে এ বিষয়ে তদন্ত চলমান রয়েছে তাই এখন কিছু বলা যাবে না।" এর পেছনে জড়িত কোনো সংগঠনের নাম পাওয়া গেছে কি না- এমন প্রশ্নে তিনি বলেন, "এরকম দু-একজন তো থাকবে। এটা তো ধরেন, একক ব্যক্তি হিসেবে কেউ করবে না। কেউ করলে কোনো একটা ম্যান্ডেট বা তার মতাদর্শ প্রচারের জন্য এরকম কর্মকাণ্ড করে থাকে।" (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## সরকারি ডায়ালাইসিস মেশিন বন্ধ, নেপথ্যে 'অসম' চুক্তি

পাবলিক প্রাইভেট পার্টনারশিপ (পিপিপি) প্রকল্পের আওতায় চুক্তি করে দেশের ডায়ালাইসিস সেবাকে কার্যত জিম্মি করে ফেলেছে ভারতীয় প্রতিষ্ঠান স্যানডোর ডায়ালাইসিস সার্ভিসেস। ঢাকার জাতীয় কিডনি রোগ ও ইউরোলজি ইনস্টিটিউট (নিকডু) এবং চট্টগ্রাম মেডিকেল কলেজ (চমেক) হাসপাতালে সরকারি ডায়ালাইসিস মেশিনগুলো অব্যবহৃত অবস্থায় ফেলে রেখে একচ্ছত্রভাবে ব্যবসা চালিয়ে যাচ্ছে এ বিদেশি প্রতিষ্ঠান। সরকারি হাসপাতালের জায়গা, বিদ্যুৎ ও পানি ব্যবহার করে কোটি কোটি টাকা আয় করলেও বিপরীতে কোনো বিল পরিশোধ করছে না স্যানডোর। উল্টো ডায়ালাইসিসের খরচ জ্যামিতিক হারে বাড়িয়ে সাধারণ রোগীদের জন্য সরকারি বরাদ্দের অর্থ লোপাট করছে প্রতিষ্ঠানটি। অনুসন্ধানে জানা যায়, নিকডু ও চমেক হাসপাতালে ডায়ালাইসিস সেবা কার্যক্রম পরিচালনা করে স্যানডোর। নিজেদের মেশিন বসিয়ে এবং জনবল দিয়ে হাসপাতাল দুটোর পুরো ডায়ালাইসিস ব্যবস্থার নিয়ন্ত্রণ নিজেদের হাতে নিয়েছে। অথচ হাসপাতাল দুটোর নিজস্ব ডায়ালাইসিস মেশিন সম্পূর্ণ অচল বা ফেলে রাখা হয়েছে শুধু ভারতীয় কোম্পানির ব্যবসার সুবিধার্থে। স্বাস্থ্য অধিদপ্তরের সঙ্গে ২০১৬ সালের ২৬ নভেম্বর পিপিপি প্রকল্পের আওতায় চুক্তি করে স্যানডোর। চুক্তিটির মেয়াদ শেষ হবে চলতি বছরের ২৫ নভেম্বর। এ চুক্তির আওতায় নিকডু ও চমেক হাসপাতালের সেবা দিচ্ছে স্যানডোর। চুক্তি অনুযায়ী, স্যানডোর শুধু তাদের নিজস্ব জনবল, সার্ভিস ও মেশিনের খরচ বহন করে। এর বাইরে হাসপাতালের অবকাঠামো, মূল্যবান জায়গা, বিদ্যুৎ ও পানি ব্যবহারের বিপরীতে প্রতিষ্ঠানটি রাষ্ট্রকে কোনো অর্থ পরিশোধ করে না। অথচ রোগীদের কাছ থেকে আদায় এবং সরকারি ভর্তুকির মাধ্যমে সব বিল শতভাগ আদায় করে নিচ্ছে তারা। তথ্য অনুযায়ী, শুধু নিকডুতে এক বছরের কার্যক্রমে স্যানডোরের ব্যবহারের কারণে হাসপাতালের নিজস্ব তহবিল থেকে বিদ্যুৎ বিল বাবদ ৩৫ লাখ টাকা খরচ হয়েছে। তবে ভারতীয় প্রতিষ্ঠানটি এ খরচের এক টাকাও পরিশোধ করেনি। স্যানডোরের জালিয়াতি ও অসম চুক্তি নিয়ে মুখ খুলেছেন প্রতিষ্ঠানটির সাবেক প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও) অবসরপ্রাপ্ত কর্নেল আব্দুস সালাম। তিনি বলেন, 'এটি একটি সম্পূর্ণ একতরফা ও বাকওয়াস চুক্তি। আমি জয়েন করার আগেই এ চুক্তি এবং প্রাথমিক লুটপাট সম্পন্ন হয়েছিল। ভারতের এ কোম্পানির শুরুতে মাত্র ১০ কোটি টাকার মতো বিনিয়োগ করার কথা ছিল। কিন্তু অত্যন্ত আশ্চর্যজনক বিষয় হলো, তারা ভারত থেকে যেসব ডায়ালাইসিস সরঞ্জাম বা জিনিসপত্র এনেছিল, সেগুলোর ওভার-ইনভয়েসিং করে ৫ টাকার জিনিস ইনভয়েসে ৫০ টাকা দেখিয়েছে! এ প্রক্রিয়ায় শুরুতেই জালিয়াতি করেছে তারা।' তিনি অভিযোগ করেন, "সবচেয়ে বড় জালিয়াতি হলো, চুক্তি অনুযায়ী মূল বিনিয়োগ ভারতীয় কোম্পানির করার কথা থাকলেও, তারা বাংলাদেশে এসে এ দেশের ব্যাংক থেকেই লোন (ঋণ) নিয়েছে। অর্থাৎ, এ দেশের টাকা দিয়েই তারা ব্যবসা ফাঁদ পেতে বসেছে, যেটাকে বলে 'কইয়ের তেলে কই ভাজা'। অথচ চুক্তিতে তাদের সবরকম একতরফা সুবিধা দেওয়া হয়েছে। জায়গা দিচ্ছে সরকার, বিদ্যুৎ দিচ্ছে সরকার, সব সুবিধা দিচ্ছি আমরা, আর লাভ নিয়ে যাচ্ছে তারা।"

(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## শুধু চীনারাই ভাড়া থাকতেন এই ভবনে, মাসে পাচার হতো ২০০-২৫০ কোটি টাকা

রাজধানীর বসুন্ধরা আবাসিক এলাকায় অভিযান চালিয়ে অনলাইন প্রতারণার অভিযোগে চীনা নাগরিকসহ ৪ জনকে গ্রেফতার করেছে ঢাকা মহানগর পুলিশের (ডিএমপি) গোয়েন্দা বিভাগ (ডিবি)। ডিবি বলছে, বাংলাদেশি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর নারী ঝর্নার ভাড়া বাসা ব্যাবহার করে জুয়া ও ওয়েবসাইটের মাধ্যমে প্রতারণামূলক কার্যক্রম পরিচালনা করে আসছিল চক্রটি। তাদের মাধ্যমে মাসে অন্তত ২০০ থেকে ২৫০ কোটি টাকা পাচার হতো। গ্রেফতাররা হলেন- ঝর্না চাকমা জিয়ানা (২৭), লিউ হুই জাং (৪৬), ওয়ে ইউজি (৩০) ও শে ই রান (৪২)। রোববার (২ আগস্ট) ডিএমপি মিডিয়া সেন্টারে আয়োজিত 'অনলাইন প্রতারণার অভিযোগে বিদেশি নাগরিকসহ চারজন গ্রেফতার' সংক্রান্ত এক সংবাদ সম্মেলনে এসব জানান ডিএমপির অতিরিক্ত পুলিশ কমিশনার (গোয়েন্দা) মো. শফিকুল ইসলাম। মো. শফিকুল ইসলাম বলেন, শনিবার (১ আগস্ট) রাত ৮টার দিকে ডিবি সাইবার ক্রাইম বিভাগের একটি চৌকস দল গোপন সংবাদের ভিত্তিতে বসুন্ধরা আবাসিক এলাকার একটি ফ্ল্যাটে অভিযান চালায়। ওই ফ্ল্যাটটি ঝর্না চাকমা নামে এক নারী ভাড়া নিয়ে থাকতেন এবং ছয় তলা বিল্ডিং পুরাটাই চীনাদের ভাড়া দিয়েছেন। ডিএমপির এই কর্মকর্তা বলেন, একতলায় উনি (ঝর্না) থাকেন। পাঁচটা ফ্লোর উনি চীনের নাগরিকদের ভাড়া দিয়েছেন। সেখানে চীনারা বিভিন্ন সময় এসে হোটেলের মতো থাকে। তিনি বলেন, আমরা ওই বিল্ডিংয়ের চারতলা এবং পাঁচতলায় যাই। গিয়ে দেখি, ওখানে

অনলাইন গেটওয়ে জুয়াসহ অন্যান্য প্রতারণামূলক কাজ হয়। সেখান থেকে অনেকগুলো ডিভাইস জব্দ করছি। এই অবৈধ কাজে ব্যবহারের জন্য ১৪টা ল্যাপটপ, ১৬টা মোবাইলসহ ৬ হাজার সিম জব্দ করা হয়। এছাড়া বিভিন্ন প্রোভাইডারের সিম ও ২০টি গেটওয়ে মেশিন এবং বিদেশি মদ জব্দ করা হয়। এ সময় নগদ ২ লাখ ৯ হাজার ৭০০ টাকাও জব্দ করা হয়। চক্রটির কাজের প্রক্রিয়া জানিয়ে তিনি বলেন, বিভিন্ন সময় মোবাইলে বিভিন্ন মেসেজ আসে। যেখানে বলা হয়, অফার পেতে হলে এখানে ক্লিক করুন, চাকরির জন্য এখানে ক্লিক করুন বা অতিরিক্ত ইনকামের জন্য এখানে ক্লিক করুন। আপনি যখন ওখানে ক্লিক করবেন, তখন আপনার কাছে অফার আসে। এই অফারগুলোর জন্য আপনাকে যে পেমেন্ট করতে হবে, সেটা গেটওয়ের জন্য প্রায় ৬ হাজার সিম ব্যবহার করে। আমরা ৬ হাজার সিম পেয়েছি এবং প্রোভাইডারের প্রায় ১০-১২ হাজার সিমের যে স্লটগুলো আছে, সেগুলো পেয়েছি। চক্রটি একটা মোবাইল দিয়ে ১২টা সিম ব্যবহার করে প্রতারণা করতো বলেও জানান তিনি। তিনি আরও জানান, প্রযুক্তির ব্যবহারের মাধ্যমে তাদের ইএমআই নাম্বার পরিবর্তন করার ফলে চক্রটিকে শনাক্ত করা সম্ভব হয় না। এই চক্রকে আমরা গ্রেফতার করতে সক্ষম হয়েছি। এক মাসে এই একটা মাত্র গেটওয়ের মাধ্যমে ২০০ থেকে ২৫০ কোটি টাকা বাংলাদেশ থেকে জুয়া ও অবৈধ ইনকামের মাধ্যমে পাচার করা হতো। তাদের বিরুদ্ধে নিয়মিত মামলা দায়ের করেছি।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## আন্দোলন স্থগিত করে শাহবাগ ছাড়লেন প্রাথমিকের সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা

রাজধানীর শাহবাগে চলমান অবস্থান কর্মসূচি প্রত্যাহারের সিদ্ধান্ত নিয়েছেন সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক পদে চূড়ান্তভাবে সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা। রোববার (২ আগস্ট) দুপুর আড়াইটার দিকে শাহবাগ মোড়ে এ ঘোষণা দেন আন্দোলনরত সুপারিশপ্রাপ্ত শিক্ষকরা। যোগদান ও পদায়নের সময় একমাস এগিয়ে আনা এবং এ বিষয়ে প্রজ্ঞাপন জারির আশ্বাস পাওয়ার পর অবস্থান কর্মসূচি প্রত্যাহার করেন তারা। আন্দোলনকারীদের প্ল্যাটফর্মের নেতা দেবব্রত সরকার বলেন, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সুনির্দিষ্ট আশ্বাসে আমরা কর্মসূচি স্থগিত করেছি। সুপারিশপ্রাপ্তরা আন্দোলনে নামার পর তাদের যোগদান ও পদায়নের তারিখ সংশোধন করে বিজ্ঞপ্তিতে দেয় প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এতে ১ অক্টোবর নিজ নিজ জেলা শিক্ষা অফিসে যোগদান এবং ৪ অক্টোবর তাদের পদায়ন হবে বলে উল্লেখ করা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, সরকারি প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক নিয়োগ ২০২৫-এর শূন্যপদে সুপারিশপ্রাপ্ত ১৪ হাজার ৩৮৪ জন শিক্ষকের যোগদানের তারিখ ২৯ অক্টোবরের পরিবর্তে ১ অক্টোবর ধার্য করা হয়েছে। ৪ অক্টোবর তাদের পদায়ন হবে। এতে আরও জানানো হয়, নির্বাচিত প্রার্থীরা ১ অক্টোবর সংশ্লিষ্ট জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসে যোগ দেবেন। নির্বাচিতদের যথাসময়ে নিয়োগপত্র পাঠানো হবে। যোগদানের পর ৪ অক্টোবর পদায়ন পরবর্তী সময়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য পাঠানো হবে।
(জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## শ্যোন অ্যারেস্টের অপব্যবহার বন্ধে কার্যকর ব্যবস্থা নিতে লিগ্যাল নোটিশ

ফৌজদারি কার্যবিধি ১৮৯৮ এর ১৬৭ (এ) ধারার অধীনে শ্যোন অ্যারেস্ট পদ্ধতির 'অপব্যবহার' বন্ধে কার্যকর নির্দেশিকা প্রণয়ন ও বাস্তবায়নের দাবিতে সরকারের সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে আইনি নোটিশ পাঠানো হয়েছে। রোববার (২ আগস্ট) আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের আইন ও সংসদ বিষয়ক বিভাগের সচিব, সুপ্রিম কোর্টের রেজিস্ট্রার জেনারেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের সচিব এবং বাংলাদেশ পুলিশের মহাপরিদর্শককে (আইজিপি) বিবাদী করে রেজিস্টার্ড ডাকযোগে এ নোটিশ পাঠানো হয়। ল অ্যান্ড লাইফ ফাউন্ডেশন ট্রাস্ট এবং তিনজন আইনজীবী ব্যারিস্টার মোহাম্মদ কাউছার, মো. মাকসুদুর রহমান ও মারুফ হাসান তমালের পক্ষে সুপ্রিম কোর্টের আপিল বিভাগের আইনজীবী ব্যারিস্টার মোহাম্মদ হুমায়ন কবির পল্লব নোটিশটি পাঠান। নোটিশ পাওয়ার পাঁচদিনের মধ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ না করা হলে সংবিধানের ১০২ অনুচ্ছেদের অধীনে হাইকোর্ট বিভাগে রিট পিটিশন দায়েরসহ অন্যান্য আইনি পদক্ষেপ নেওয়া হবে বলে নোটিশে উল্লেখ করা হয়েছে। নোটিশে বলা হয়েছে, ব্রিটিশ আমল থেকেই জামিনকে রাজনৈতিক উদ্দেশ্যে ব্যবহার করার নজির রয়েছে। পাকিস্তান আমল পেরিয়ে স্বাধীন বাংলাদেশেও বিভিন্ন সময়ে একই ধরনের প্রবণতা দেখা গেছে। অথচ আইনের সাধারণ নীতি হলো- জামিনই হবে স্বাভাবিক নিয়ম। কিন্তু বর্তমানে অনেক ক্ষেত্রে দেখা যাচ্ছে, একজন ব্যক্তি একটি মামলায় জামিন পাওয়ার পর আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনী তাকে অন্য মামলায় গ্রেফতার দেখিয়ে আবার হেফাজতে রাখছে। এর ফলে আদালতের দেওয়া জামিনের কার্যকারিতা নষ্ট হচ্ছে এবং বিচার প্রার্থীদের সংবিধান-স্বীকৃত মৌলিক অধিকার ক্ষুণ্ণ হচ্ছে। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## টেকসই উন্নয়ন করতে হলে দুর্নীতিকে নির্বাসনে পাঠাতে হবে : দুদক সচিব

টেকসই উন্নয়ন করতে হলে দুর্নীতিকে নির্বাসনে পাঠাতে হবে বলে মন্তব্য করেছেন দুর্নীতি দমন কমিশনের (দুদক) সচিব মো. সাইদুর রহমান খান। রোববার (২ আগস্ট) দুদক সচিব হিসেবে যোগদান করেন মো. সাইদুর রহমান খান। বিকেল সাড়ে ৩টায় সাংবাদিকদের সঙ্গে কথা বলেন তিনি। চলতি মাসেই নতুন কমিশন আসতে পারে বলেও আশাবাদ ব্যক্ত করেন নতুন সচিব। সার্চ কমিটি গঠন হয়েছে জানিয়ে মো. সাইদুর রহমান খান বলেন, দ্রুততম সময়েই কমিশন গঠন হবে। নতুন সরকার গঠন হয়েছে। সরকারের নির্বাচনি অঙ্গীকার আছে। সংস্কারে কিছু উদ্যোগ গ্রহণ করা হয়েছে। তিনি বলেন, আমরা রূপান্তরের মধ্যদিয়ে যাচ্ছি। এর অংশ হিসেবে এখানে যোগ দিয়েছি। সুশাসনের জন্য

দুর্নীতি নির্মূল করা প্রয়োজন উল্লেখ করে দুদক সচিব বলেন, দুদক সম্পর্কে নানান রকম রটনা রয়েছে, দুর্নাম রয়েছে। আমরা চাই, এই দুর্নামগুলো দূর করে দুদককে কীভাবে আরও জনবান্ধব করা যায়, মানুষের কাছে নিয়ে যাওয়া যায়- আমাদের যে ইমেজ সংকট ছিল, সেটা যেন দূর করতে পারি। এই ব্যাপারে সততা ও নিষ্ঠা নিয়ে আমরা একসঙ্গে কাজ করবো। নতুন সচিব বলেন, দুদকের প্রাতিষ্ঠানিক সক্ষমতা বাড়ানো দরকার। এ ব্যাপারে যা যা পদক্ষেপ নেওয়া দরকার, সেটা নিয়ে আমরা কর্মকর্তাদের সঙ্গে আলোচনা করবো। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## মুগদা হাসপাতালে নির্মাণাধীন ভবন থেকে পড়ে শ্রমিক নিহত

রাজধানীর মুগদা মেডিকেল কলেজ হাসপাতালের নির্মাণাধীন আবাসিক ভবনে কাজ করার সময় নিচে পড়ে এক শ্রমিক নিহত হয়েছেন। রোববার (২ আগস্ট) দুপুর সাড়ে ১২টার দিকে এ ঘটনা ঘটে। পরে ওই শ্রমিককে উদ্ধার করে প্রথমে মুগদা হাসপাতাল ও সেখান থেকে ঢাকা মেডিকেল কলেজ (ঢামেক) হাসপাতালের জরুরি বিভাগে নেওয়া হলে কর্তব্যরত চিকিৎসক সোয়া ২টার দিকে তাকে মৃত ঘোষণা করেন। নিহত শ্রমিকের নাম মোহাম্মদ ইউসুফ (৩০)। তিনি গাইবান্ধার ফুলছড়ি উপজেলার খনচপাড়ার পিয়ার মোল্লার ছেলে। তিনি ওই নির্মাণাধীন ভবনে থেকে রাজমিস্ত্রির কাজ করতেন। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## সৌদি সামরিক জোটে অংশগ্রহণ স্বাধীন পররাষ্ট্রনীতির বরখেলাপ

ইরানের বিরুদ্ধে সৌদি আরবের নেতৃত্বে সমুদ্র প্রতিরক্ষা জোটে বাংলাদেশের অংশগ্রহণ স্বাধীন পররাষ্ট্রনীতির বরখেলাপ বলে অভিযোগ করেছেন বাংলাদেশের ওয়ার্কার্স পার্টির ভারপ্রাপ্ত সভাপতি মাহমুদুল হাসান মানিক ও ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক নুর আহমদ বকুল। রোববার (২ আগস্ট) এক বিবৃতিতে তারা এ অভিযোগ করেন। ওই জোটে বাংলাদেশকে জড়িয়ে ফেলায় গভীর উদ্বেগ ও তীব্র ক্ষোভও প্রকাশ করেন নেতারা। দলটির মিডিয়া বিভাগের আহ্বায়ক মোস্তফা আলমগীর রতন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিবৃতিতে নেতারা বলেন, ইরান-ইসরাইল-মার্কিন যুদ্ধে সাম্রাজ্যবাদী মার্কিন কৌশলে ইরানের বিরুদ্ধে সৌদি আরবের নেতৃত্বে সমুদ্র প্রতিরক্ষা জোট মধ্যপ্রাচ্যে এক নতুন যুদ্ধ উন্মাদনা তৈরি করলো। সেই উন্মাদনায় জনগণকে না জানিয়ে ইরানের বিরুদ্ধে ওই জোটে বাংলাদেশকে অন্তর্ভুক্ত করার অর্থই হলো একটি অনাকাঙ্ক্ষিত যুদ্ধে বাংলাদেশকে জড়িয়ে ফেলা, যা দেশের স্বাধীন পররাষ্ট্রনীতির বরখেলাপ। মাহমুদুল হাসান মানিক ও নুর আহমদ বকুল আরও বলেন, বর্তমান সরকার মার্কিন আক্রমণের শিকার ইরানি জনগণের পাশে না দাঁড়িয়ে মার্কিন নির্দেশিত পথে হেঁটে বাংলাদেশকে বিপদগ্রস্ত করে তুলবে। এটি হবে আত্মঘাতী সিদ্ধান্ত। তারা অনতিবিলম্বে এই জোটে অংশ না নেওয়ার আহ্বান জানান। মার্কিন নীতির তল্পিবাহক হওয়ারও তীব্র নিন্দা জানান তারা। (জাগো নিউজ ওয়েব পেজ:০২.০৮.২০২৬ রিহাব)

## দেশের সব মাদরাসার অ্যাডহক কমিটি বাতিল

দেশের সব বেসরকারি দাখিল ও আলিম মাদরাসার বিদ্যমান অ্যাডহক কমিটি বাতিল করেছে বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড। একইসঙ্গে সংশোধিত প্রবিধানমালা অনুযায়ী প্রয়োজনীয় অনুমোদন নিয়ে আগামী ১৫ কার্যদিবসের মধ্যে নতুন অ্যাডহক কমিটি গঠনের নির্দেশ দেওয়া হয়েছে। রোববার (২ আগস্ট) বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ডের রেজিস্ট্রার অধ্যাপক এস এম তৌহিদুজ্জামানের সই করা জরুরি বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদরাসার ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি) প্রবিধানমালা, ২০২৫-এর প্রবিধি ৬৪ অনুযায়ী মেয়াদোত্তীর্ণ কমিটিসহ দেশের সব বেসরকারি দাখিল ও আলিম মাদরাসার বিদ্যমান অ্যাডহক কমিটি বাতিল ঘোষণা করা হয়েছে। এতে আরও বলা হয়, একইসঙ্গে সংশোধিত প্রবিধানমালা (এসআরও নং ৮৯-আইন/২০২৬) অনুসারে নতুন অ্যাডহক কমিটি গঠনের পদ্ধতি ও শর্তও নির্ধারণ করে দিয়েছে বোর্ড। শিক্ষা মন্ত্রণালয়ের কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগের গত ৩০ জুলাই জারি করা নির্দেশনার আলোকে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। নির্দেশনা অনুযায়ী, নতুন অ্যাডহক কমিটির সভাপতি মনোনয়নের জন্য স্থানীয় উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) এবং জেলা প্রশাসকের (ডিসি) মাধ্যমে তিন সদস্যের একটি প্যানেল প্রস্তাব করবেন প্রতিষ্ঠান প্রধান (অধ্যক্ষ বা সুপার)। (জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## হামের উপসর্গে আরও ৪ শিশুর মৃত্যু

দেশে হামের উপসর্গ নিয়ে ২৪ ঘণ্টায় চার শিশুর মৃত্যু হয়েছে। এ নিয়ে হামের উপসর্গে মোট মৃতের সংখ্যা বেড়ে দাঁড়িয়েছে ৭৪৮ জনে। সেই সঙ্গে নিশ্চিত হামে ৯৬ জন মারা গেছে। রোববার (২ আগস্ট) স্বাস্থ্য অধিদপ্তরের হেলথ ইমার্জেন্সি অপারেশন সেন্টার ও কন্ট্রোল রুমের হাম-সংক্রান্ত নিয়মিত সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, শনিবার সকাল ৮টা থেকে রোববার সকাল ৮টার মধ্যে নিশ্চিত হামে কেউ মারা না গেলেও সন্দেহজনক হামে মারা গেছে চার শিশু। এ নিয়ে গত ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত হাম-সংক্রান্ত রোগে প্রাণহানির সংখ্যা দাঁড়িয়েছে ৮৪৪ জনে। এছাড়া নতুন করে নিশ্চিত হাম শনাক্ত হয়েছে ১১৫ জনের। ফলে এখন পর্যন্ত এমন রোগীর সংখ্যা দাঁড়িয়েছে ১৬ হাজার ২৯৫ জন। একইসঙ্গে নতুন করে সন্দেহজনক হামের রোগী শনাক্ত হয়েছে এক হাজার ২২ জন। এনিয়ে এমন রোগীর সংখ্যা এখন পর্যন্ত পৌঁছেছে এক লাখ ৩০ হাজার ৮৩ জনে। স্বাস্থ্য অধিদপ্তর আরও জানায়, ১৫ মার্চ থেকে এখন পর্যন্ত সন্দেহজনক হাম রোগ নিয়ে হাসপাতালে ভর্তি রোগীর সংখ্যা এক লাখ ১২ হাজার

৬২০ জন। তাদের মধ্যে সুস্থ হয়ে হাসপাতাল ত্যাগ করেছে এক লাখ আট হাজার ২৮৩ জন। সেই সঙ্গে সন্দেহজনক হামেও সবচেয়ে বেশি ৩২৫ জনের মৃত্যু হয়েছে ঢাকা বিভাগে। সিলেটে ১১১ জন, রাজশাহীতে ৯১, ময়মনসিংহে ৭১, চট্টগ্রামে ৬১, বরিশালে ৪৫, খুলনায় ৩২ ও রংপুরে ১২ জন প্রাণ হারিয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## জুলাই মাসে ২.৮৫ বিলিয়ন ডলারের রেমিট্যান্স আয়

চলতি (২০২৬-২৭) অর্থবছরের প্রথম মাস জুলাইয়ে দেশে ২ দশমিক ৮৫ বিলিয়ন (২৮৫ কোটি ৮৬ লাখ ৮০ হাজার) মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। এ সময়ে বৈধ পথে প্রবাসী আয় বেড়েছে ১৫ দশমিক ৪ শতাংশ, যা আগের অর্থবছরের একই সময়ের তুলনায় প্রায় ৩৮ কোটি ডলার বেশি। গত বছরের জুলাইয়ে রেমিট্যান্স এসেছিল ২৪৭ কোটি ৭৮ লাখ ৭০ হাজার ডলার। রেমিট্যান্স প্রবাহের ধারাবাহিকতায় দেশের বৈদেশিক মুদ্রার রিজার্ভও ইতিবাচক অবস্থানে রয়েছে। বর্তমানে রিজার্ভের পরিমাণ ৩৬ দশমিক ৪৫ বিলিয়ন ডলার, যা আগের সপ্তাহে ছিল ৩৬ দশমিক ৪৮ বিলিয়ন ডলার। বাংলাদেশ ব্যাংকের হালনাগাদ প্রতিবেদন অনুযায়ী, ১ থেকে ৩১ জুলাই পর্যন্ত দেশে মোট ২৮৫ কোটি ৮৬ লাখ ৮০ হাজার (২ দশমিক ৮৫৮ বিলিয়ন) মার্কিন ডলারের রেমিট্যান্স এসেছে। দেশীয় মুদ্রায় (প্রতি ডলার ১২৩ টাকা হিসাবে) এর পরিমাণ প্রায় ৩৫ হাজার ১৬০ কোটি ৭৮ লাখ টাকা। গত (২০২৫-২৬) অর্থবছরের একই সময়ে এ পরিমাণ ছিল ২৪৭ কোটি ৭৮ লাখ ৭০ হাজার ডলার। (জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## বাংলাদেশে গাড়িচালকদের জন্য উবারের হাইব্রিড সাবস্ক্রিপশন চালু

বাংলাদেশে গাড়িচালকদের জন্য হাইব্রিড সাবস্ক্রিপশন সুবিধা চালুর ঘোষণা দিয়েছে রাইড-শেয়ারিং প্ল্যাটফর্ম উবার। নতুন এ ব্যবস্থায় চালকরা সময়ভিত্তিক অথবা আয়ভিত্তিক- দুই ধরনের সাবস্ক্রিপশন পাসের মধ্যে যে-কোনো একটি বেছে নিতে পারবেন। রোববার (২ আগস্ট) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে প্রতিষ্ঠানটি। বিজ্ঞপ্তিতে বলা হয়, চলতি বছরের শুরুতে মোটরসাইকেল চালকদের জন্য হাইব্রিড সাবস্ক্রিপশন চালুর পর এবার গাড়িচালকদের জন্যও একই সুবিধা চালু করা হয়েছে। প্রতিষ্ঠানটির ভাষ্য, স্থানীয় চালকদের চাহিদার ভিত্তিতে এ উদ্যোগ নেওয়া হয়েছে, যাতে ফুল-টাইম ও পার্ট-টাইম- উভয় ধরনের চালক নিজেদের সুবিধামতো প্ল্যাটফর্মটি ব্যবহার করতে পারেন। উবারের দাবি, নতুন সাবস্ক্রিপশন ব্যবস্থার ফলে চালকরা প্রয়োজন অনুযায়ী প্যাকেজ বেছে নেওয়ার সুযোগ পাবেন। এতে তারা আরও বেশি ট্রিপ সম্পন্ন করতে উৎসাহিত হবেন, যা যাত্রীদের জন্যও গাড়ির প্রাপ্যতা বাড়াতে সহায়ক হতে পারে। বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, হাইব্রিড সাবস্ক্রিপশন ব্যবহারকারী চালকরা প্রতিটি ট্রিপে '০ শতাংশ কমিশন' সুবিধা পাবেন। অর্থাৎ ট্রিপ থেকে অর্জিত অর্থের ওপর কমিশন কাটা হবে না। তবে চালকদের নির্ধারিত সাবস্ক্রিপশন ফি পরিশোধ করতে হবে। প্রতিষ্ঠানটির দাবি, এ ব্যবস্থার ফলে নতুন চালকদের প্ল্যাটফর্মে যুক্ত হওয়া সহজ হবে এবং তাদের আয়ের সুযোগও বাড়বে। উবার আরও জানায়, তাদের অ্যাপে প্রতিটি ট্রিপে জিপিএস ট্র্যাকিং, ভাড়া নির্ধারণের স্বচ্ছ ব্যবস্থা এবং অ্যাপ থেকেই জরুরি সহায়তা নেওয়ার সুবিধা রয়েছে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## নিরাপদ, সুশৃঙ্খল ও নিয়মিত অভিবাসন নিশ্চিতে জাতীয় কর্মপরিকল্পনা উদ্বোধন

নিরাপদ, সুশৃঙ্খল ও নিয়মিত অভিবাসন বিষয়ক বৈশ্বিক চুক্তির (গ্লোবাল কমপ্যাক্ট ফর সেফ, অর্ডারলি অ্যান্ড রেগুলার মাইগ্রেশন বা জিসিএম) লক্ষ্যসমূহ বাস্তবায়নে জাতীয় কর্মপরিকল্পনা (ন্যাশনাল অ্যাকশন প্ল্যান-ন্যাপ) ২০২৬-২০৩০ উদ্বোধন করেছে সরকার। রোববার (২ আগস্ট) রাজধানীতে আয়োজিত এক অনুষ্ঠানে কর্মপরিকল্পনাটির আনুষ্ঠানিক উদ্বোধন করা হয়। বাংলাদেশ মাইগ্রেশন কমপ্যাক্ট টাস্কফোর্স (বিএমসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের উদ্যোগে এবং আইওএমের সমন্বয়ে এ অনুষ্ঠানের আয়োজন করা হয়। এ উদ্যোগ বাস্তবায়নে সরকারের সহযোগী হিসেবে রয়েছে জাতিসংঘের আন্তর্জাতিক অভিবাসন সংস্থা (আইওএম)। ইউরোপীয় ইউনিয়নের অর্থায়নে আইওএম বাস্তবায়িত প্রত্যাশা-২ প্রকল্পের আওতায় জাতীয় কর্মপরিকল্পনাটি প্রণয়নে কারিগরি সহায়তা প্রদান করা হয়। অনুষ্ঠানে আন্তর্জাতিক অভিবাসন পর্যালোচনা ফোরাম (আইএমআরএফ) ২০২৬-এর ফলাফলও উপস্থাপন করা হয়। যেখানে বৈশ্বিক অভিবাসন কার্যক্রমে বাংলাদেশের নেতৃত্ব ও অবদান তুলে ধরা হয়। জাতীয় কর্মপরিকল্পনাটি এ বছরের ২১ মে মন্ত্রিসভায় অনুমোদিত হয়।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## জুলাইয়ের রাজনৈতিক সংকট ও বিভাজনের জন্য সরকার দায়ী : নাহিদ ইসলাম

জাতীয় সংসদের বিরোধীদলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলাম বলেছেন, বিএনপি দেশের সব জনগোষ্ঠীকে ঐক্যবদ্ধ করতে পারেনি। জনবিচ্ছিন্ন এ দলটির কোনো জবাবদিহিতাও নেই। জুলাইয়ের রাজনৈতিক সংকট ও বিভাজনের জন্য বর্তমান সরকার দায়ী। তিনি দাবি করেন, দেশের ইতিহাসে এই প্রথম পার্বত্য চট্টগ্রামের কোনো প্রতিনিধি ছাড়াই পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয় পরিচালিত হচ্ছে। রোববার (২ আগস্ট) বিকেলে চট্টগ্রাম প্রেস ক্লাবে এনসিপি আয়োজিত 'পাহাড়ে জুলাই' শীর্ষক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি এসব কথা বলেন। জুলাইয়ের রাজনৈতিক সংকট ও বিভাজনের জন্য সরকার দায়ী উল্লেখ করে নাহিদ ইসলাম

বলেন, নির্বাচনের আগে তারা নানান প্রতিশ্রুতি দিলেও, জুলাই সনদে প্রস্তাবিত সংস্কারগুলো বাস্তবায়ন করেনি। ফলে রাজনৈতিক বিভাজন আরও বেড়েছে। তিনি বলেন, জুলাই গণ-অভ্যুত্থান শুধু সমতলের নয়, পাহাড়েরও আন্দোলন। এ আন্দোলনে চাকমা, মারমা, ত্রিপুরা, ম্রো, তঞ্চঙ্গ্যাসহ বিভিন্ন ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বাঙালি সবাই অংশ নিয়েছিল। পাহাড়ি অঞ্চলের বাঙালি ও ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর মানুষ গণতন্ত্র ও জুলাই সনদের প্রশ্নে ঐক্যবদ্ধ থাকবে বলে মন্তব্য করেন এনসিপির আহ্বায়ক। তিনি বলেন, জুলাই সনদ বাস্তবায়িত হলে পাহাড়ের মানুষ কীভাবে উপকৃত হবে, সে বিষয়ে জনগণকে সচেতন করা দলের অন্যতম লক্ষ্য। তিনি আরও বলেন, দেশে সুশাসন ও গণতন্ত্র প্রতিষ্ঠিত হলে উন্নয়নের সুফল সবার কাছে পৌঁছাবে। অতীতে জবাবদিহিতার অভাবে একটি সরকার জনগণের সমর্থন হারিয়েছিল। বর্তমান সরকারের মধ্যেও জবাবদিহিতার ঘাটতি দেখা যাচ্ছে বলে মন্তব্য করেন তিনি।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## 'হ্যালো ডিসি'-এর আবেদনে সাড়া, দোহারের ১৪ নারী পেলেন সেলাই মেশিন

সরকারি সেবা আরও সহজলভ্য করতে চালু হওয়া 'হ্যালো ডিসি' প্ল্যাটফর্মে আবেদন করে স্বাবলম্বী হওয়ার সুযোগ পেয়েছেন ঢাকার দোহার উপজেলার ১৪ জন অসহায় ও দরিদ্র নারী। যাচাই-বাছাই শেষে নির্বাচিত এসব নারীর হাতে সেলাই মেশিন তুলে দিয়েছে ঢাকা জেলা প্রশাসন, যেন তারা আত্মকর্মসংস্থানের মাধ্যমে পরিবারের আয় বাড়াতে পারেন। রোববার (২ আগস্ট) আয়োজিত এক অনুষ্ঠানে উপকারভোগীদের হাতে সেলাই মেশিন তুলে দেন ঢাকা জেলা প্রশাসক ফরিদা খানম। জেলা প্রশাসন সূত্রে জানা গেছে, 'হ্যালো ডিসি' প্ল্যাটফর্মে আবেদন জমা পড়ার পর উপজেলা প্রশাসন আবেদনকারীদের আর্থসামাজিক অবস্থা সরেজমিনে যাচাই করে। যাচাই শেষে প্রকৃত অসহায়, দুস্থ ও দরিদ্র ১৪ জন নারীকে এই সহায়তার জন্য নির্বাচন করা হয়। অনুষ্ঠানে জেলা প্রশাসক ফরিদা খানম বলেন, সামাজিক সুরক্ষা কর্মসূচিকে আরও ফলপ্রসূ করতে জেলা প্রশাসন শুধু অনুদান দেওয়ার মধ্যে সীমাবদ্ধ নেই; বরং আত্মকর্মসংস্থানের সুযোগ সৃষ্টি করে মানুষের জীবনমান উন্নয়নে কাজ করছে। 'হ্যালো ডিসি'-এর মাধ্যমে প্রকৃত সুবিধাবঞ্চিত মানুষের কাছে দ্রুত ও স্বচ্ছ প্রক্রিয়ায় সরকারি সহায়তা পৌঁছে দেওয়া হচ্ছে। তিনি বলেন, বিতরণ করা সেলাই মেশিন কাজে লাগিয়ে উপকারভোগীরা নিজেদের আয় বাড়ানোর পাশাপাশি পরিবারের আর্থিক অবস্থার উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবেন। (জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## গুলশানে ২৮ লাখ টাকার জাল নোটসহ গ্রেফতার ২

রাজধানীর গুলশানে অভিযান চালিয়ে ২৮ লাখ টাকার জাল নোট উদ্ধারসহ দু-জনকে গ্রেফতার করেছে পুলিশ। গ্রেফতাররা হলেন- আল-আমিন (২৭) ও মো. সোহান হোসাইন (২৬)। রোববার (২ আগস্ট) ঢাকা মেট্রোপলিটন পুলিশের (ডিএমপি) মিডিয়া অ্যান্ড পাবলিক রিলেশন্স বিভাগের অতিরিক্ত উপ-পুলিশ কমিশনার নিয়াজ মেহেদী এ তথ্য জানান। গুলশান থানার বরাত দিয়ে নিয়াজ মেহেদী বলেন, রোববার বিকেলে গোপন সংবাদের ভিত্তিতে গুলশান থানার একটি অভিযানিক দল জানতে পারে, গুলশান-১ এলাকার একটি বাসার সামনে কয়েকজন ব্যক্তি বিপুল পরিমাণ জাল নোট নিয়ে অবস্থান করছেন। এমন সংবাদের ভিত্তিতে সেখানে অভিযান চালিয়ে আল-আমিন ও মো. সোহান হোসাইনকে গ্রেফতার করা হয়। অভিযানকালে তাদের কাছ থেকে ২৮ লাখ টাকার জাল নোট উদ্ধার করা হয়। গ্রেফতারদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ প্রক্রিয়াধীন বলেও জানান এই কর্মকর্তা।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

## আগস্টে স্বল্পমেয়াদি বন্যার শঙ্কা, হতে পারে একটি নিম্নচাপ

চলতি আগস্ট মাসে মৌসুমি ভারী বৃষ্টিপাতের কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের বিভিন্ন এলাকায় স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে বলে জানিয়েছে বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর। সংস্থাটি জানিয়েছে, চলতি মাসে বঙ্গোপসাগরে এক থেকে দুটি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে একটি মৌসুমি নিম্নচাপে পরিণত হতে পারে। একইসঙ্গে এই মাসের তাপমাত্রা স্বাভাবিকের চেয়ে বেশি থাকতে পারে। আবহাওয়া অধিদপ্তরের দীর্ঘমেয়াদি পূর্বাভাস দিতে গঠিত বিশেষজ্ঞ কমিটি এই পূর্বাভাস দিয়েছে। রোববার (২ আগস্ট) আবহাওয়া অধিদপ্তরের ঢাকার ঝড় সতর্কীকরণ কেন্দ্রে কমিটির নিয়মিত বৈঠক অনুষ্ঠিত হয়। অধিদপ্তরের পরিচালক মো. মমিনুল ইসলাম এতে সভাপতিত্ব করেন। দীর্ঘমেয়াদি পূর্বাভাস প্রতিবেদনে বলা হয়েছে, আগস্ট মাসে দেশে স্বাভাবিক বৃষ্টিপাত হতে পারে। এ মাসে দেশের বিভিন্ন স্থানে পাঁচ থেকে ছয়দিন বজ্রঝড় হওয়ার আশঙ্কা রয়েছে। প্রতিবেদনে আরও বলা হয়েছে, বঙ্গোপসাগরে এক থেকে দুটি মৌসুমি লঘুচাপ সৃষ্টি হতে পারে। এর মধ্যে একটি পরিণত হতে পারে মৌসুমি নিম্নচাপে। এ মাসে দিনের ও রাতের তাপমাত্রা স্বাভাবিকের তুলনায় বেশি থাকতে পারে। পাশাপাশি দেশের বিভিন্ন অঞ্চলে এক থেকে দুটি বিচ্ছিন্ন মৃদু (৩৬ থেকে ৩৭ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস) থেকে মাঝারি (৩৮ থেকে ৩৯ দশমিক ৯ ডিগ্রি সেলসিয়াস) ধরনের তাপপ্রবাহ বয়ে যেতে পারে। নদ-নদীর পরিস্থিতি সম্পর্কে পূর্বাভাসে বলা হয়েছে, আগস্টে দেশের প্রধান নদ-নদীগুলোর পানির সমতল সামগ্রিকভাবে বাড়তে পারে। মৌসুমি ভারী বৃষ্টিপাতের কারণে দেশের উত্তরাঞ্চল, উত্তর-পূর্বাঞ্চল ও দক্ষিণ-পূর্বাঞ্চলের বিভিন্ন এলাকায় স্বল্পমেয়াদি বন্যা পরিস্থিতির সৃষ্টি হতে পারে।
(জাগো নিউজ ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ রুবাইয়া)

# রেডিও টুডে

## প্রধানমন্ত্রীর সভাপতিত্বে ঢাকার চারপাশে নৌপথ চালু নিয়ে সভা

বাংলাদেশ সরকারের প্রধানমন্ত্রী তারেক রহমানের সভাপতিত্বে ঢাকার চারপাশে নৌপথ চালু নিয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। আজ (রবিবার, ২ আগস্ট ২০২৬) সকাল ১০টা ৩০ মিনিটে বাংলাদেশ সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগের সভাকক্ষে এ সভা হয়। রাজধানী ঢাকার চারপাশের নৌপথগুলো সচল করার সিদ্ধান্ত নেওয়া হয়েছে এ সভায়। এছাড়া আগ্রহী বেসরকারি কোম্পানিগুলোর প্রস্তাব বিবেচনা করে নৌপথে তাদের ওয়াটার বাস পরিচালনার সুযোগ দেওয়ার বিষয়েও সিদ্ধান্ত হয়। নৌপথ সচল করার পাশাপাশি কীভাবে ঢাকার নদীগুলোর দূষণ প্রতিরোধ করা যায়, ড্রেনেজ ব্যবস্থার উন্নয়ন করা যায় এবং নদীর নাব্যতা ও পানিপ্রবাহ স্বাভাবিক রাখা যায়, সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে নির্দেশনা দেন প্রধানমন্ত্রী। এছাড়া প্রধানমন্ত্রী নদীর চারপাশে নির্মিত ওয়াকওয়ের পাশে বিভিন্ন প্রজাতির গাছ লাগানোর নির্দেশনা দেন, যাতে পরিবেশ সুরক্ষা নিশ্চিত হয় এবং নদীর তীরের সৌন্দর্য বৃদ্ধি পায়। এসময় উপস্থিত ছিলেন- সড়ক পরিবহণ ও সেতু, রেলপথ এবং নৌপরিবহণ মন্ত্রী শেখ রবিউল আলম, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন প্রতিমন্ত্রী শেখ ফরিদুল ইসলাম, ঢাকা উত্তর সিটি করপোরেশনের প্রশাসক মো. শফিকুল ইসলাম খান, ঢাকা দক্ষিণ সিটি করপোরেশনের প্রশাসক মো. আব্দুস সালাম, প্রধানমন্ত্রীর অতিরিক্ত প্রেস সচিব আতিকুর রহমান রুমনসহ সংশ্লিষ্ট মন্ত্রণালয় ও সংস্থার ঊর্ধ্বতন কর্মকর্তারা।(রেডিও টুডে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ এলিনা)

## রাজধানীতে স্ত্রী-শাশুড়িকে কুপিয়ে হত্যা, জামাই আটক

রাজধানীর কলাবাগান এলাকায় স্ত্রী ও শাশুড়িকে ছুরিকাঘাতে হত্যার অভিযোগ উঠেছে হৃদয় ওরফে শিপন নামে এক ব্যক্তির বিরুদ্ধে। ঘটনার পর তিনি কলাবাগান থানায় গিয়ে আত্মসমর্পণ করেছেন। রোববার সকাল সাড়ে ৯টার দিকে কলাবাগান থানার কাঁঠালবাগানের আল-আমিন রোডের একটি বাসায় এ ঘটনা ঘটে। নিহতরা হলেন- ফারজানা আক্তার রাত্রী (২০) ও তার মা ফিরোজা বেগম (৪০)। কলাবাগান থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) ফজলে আশিক বলেন, পারিবারিক কলহের জেরে এ হত্যাকাণ্ড ঘটেছে। ঘটনার পর অভিযুক্ত হৃদয় ওরফে শিপন থানায় এসে আত্মসমর্পণ করেন। এ ঘটনায় মামলা প্রক্রিয়াধীন। পুলিশ জানায়, গতকাল শনিবার স্বামী-স্ত্রী মোহাম্মদপুরে একটি অনুষ্ঠানে গিয়েছিলেন। সেখান থেকে এসে রাতে কাঁঠাল বাগানের আল-আমিন রোডে শ্বশুরের বাসায় ওঠেন। রোববার সকালে তাদের মধ্যে ঝগড়ার একপর্যায়ে এ ঘটনা ঘটে। পুলিশ ও স্থানীয় সূত্রে জানা গেছে, পিকআপ ভ্যানচালক হৃদয় স্ত্রী ও সন্তানকে নিয়ে আলামিন রোডের একটি ভাড়া বাসায় থাকতেন। রোববার সকাল ৯টার দিকে স্বামী-স্ত্রীর মধ্যে ঝগড়া শুরু হয়। একপর্যায়ে ফারজানার মা ফিরোজা বেগম মেয়ের পক্ষ নিলে জামাতা শিপন এই ঘটনা ঘটান।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ এলিনা)

## 'সরকার বিশ্বাস করে পুলিশ কোনো দলের লাঠিয়াল বাহিনী নয়' : স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ বলেছেন, "বিগত ফ্যাসিবাদী সরকারের আমলে পুলিশ ক্ষতিগ্রস্ত হয়েছে। সরকার বিশ্বাস করে, পুলিশ কোনো দলের লাঠিয়াল বাহিনী নয়।" রোববার সকালে অনুষ্ঠিত এ সমাপনী কুচকাওয়াজে প্রধান অতিথির বক্তব্যে স্বরাষ্ট্রমন্ত্রী এসব কথা বলেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, "কোনো ব্যক্তি যেন সেবা নিতে গিয়ে হয়রানির শিকার না হন, সে বিষয়ে সতর্ক থাকতে হবে।" তিনি বলেন, "ছাত্র-জনতার গণ-অভ্যুত্থানের মাধ্যমে মুক্ত হয়েছে গণতন্ত্র। তাদের প্রত্যাশা ও গণআকাঙ্খা- বৈষম্যহীন দেশ গড়ার প্রত্যয় নিয়ে আমাদের এগিয়ে যেতে হবে।" ছয় মাসব্যাপী মৌলিক প্রশিক্ষণ শেষে ২০২৬ সালের ১ ফেব্রুয়ারি শুরু হওয়া এ প্রশিক্ষণের সমাপনী কুচকাওয়াজে অংশ নেন ২৭তম বিসিএস (পুলিশ) ব্যাচের প্রথম পর্যায়ের ৫৮ জন শিক্ষানবিশ সহকারী পুলিশ সুপার (এএসপি)। কুচকাওয়াজের মধ্যদিয়ে তারা আনুষ্ঠানিকভাবে কর্মজীবনে প্রবেশ করেন। স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, মহান মুক্তিযুদ্ধ এবং ২০২৪ সালের ছাত্র-গণ-অভ্যুত্থানে শহিদদের আত্মত্যাগের আদর্শ ধারণ করে নবীন কর্মকর্তাদের দায়িত্ব পালন করতে হবে। ১৮ বছরের দীর্ঘ বঞ্চনা কাটিয়ে নতুন বাস্তবতায় যাত্রা শুরু করা এসব কর্মকর্তাকে চেইন অব কমান্ড বজায় রেখে বৈষম্যহীন সমাজ গঠন, আইনের শাসন প্রতিষ্ঠা এবং মানুষের মনে স্বস্তি ফিরিয়ে আনতে কাজ করতে হবে। তিনি আরও বলেন, ডিজিটাল অপরাধ দমন ও সাইবার নিরাপত্তা নিশ্চিত করতে পুলিশ সদস্যদের কারিগরি দক্ষতা বাড়াতে হবে। সাধারণ মানুষের অকৃত্রিম বন্ধু ও সেবক হিসেবে নিজেদের গড়ে তুলতে হবে।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ এলিনা)

## আইন কর্মকর্তাদের সততার সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান অ্যাটর্নি জেনারেলের

রাষ্ট্রপতি কর্তৃক নিয়োগের পর দায়িত্ব বুঝে নিয়ে প্রথম কর্মদিবস শুরু করেছেন নবনিযুক্ত ৮৬ জন ডেপুটি অ্যাটর্নি জেনারেল ও ১৮০ জন সহকারী অ্যাটর্নি জেনারেল। নতুন দায়িত্বে ন্যায়বিচার নিশ্চিত করা, রাষ্ট্রের মামলা দক্ষতার সঙ্গে পরিচালনা এবং বিচার বিভাগের স্বাধীনতা সমুন্নত রাখার প্রত্যয় ব্যক্ত করেছেন তারা। রোববার (২ আগস্ট) প্রথম কর্মদিবসে নতুন আইন কর্মকর্তাদের সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন অ্যাটর্নি জেনারেল অ্যাডভোকেট রুহুল কুদ্দুস কাজল। নতুন আইন কর্মকর্তাদের সঙ্গে শুভেচ্ছা বিনিময় শেষে অ্যাটর্নি জেনারেল বলেন, রাষ্ট্রের পক্ষে মামলা পরিচালনার দায়িত্ব পালন করতে গিয়ে সংবিধান, আইন ও ন্যায়বিচারের নীতিকে সর্বোচ্চ

গুরুত্ব দিতে হবে। এসময় ব্যক্তিগত বা অন্য কোনো বিবেচনার ঊর্ধ্বে উঠে সততা, নিষ্ঠা ও পেশাদারিত্বের সঙ্গে দায়িত্ব পালন করার আহ্বান জানান তিনি। একইসঙ্গে আদালতে রাষ্ট্রপক্ষের কার্যক্রম আরও গতিশীল করা, বিচারপ্রার্থীদের ন্যায়বিচার নিশ্চিত করা এবং বিচার বিভাগের মর্যাদা অক্ষুণ্ণ রাখার উপরও গুরুত্বারোপ করেন। অ্যাটর্নি জেনারেল আরও বলেন, স্বাধীন ও নিরপেক্ষ বিচার ব্যবস্থা প্রতিষ্ঠায় রাষ্ট্রপক্ষের আইন কর্মকর্তারা দায়িত্বশীল ভূমিকা পালন করবেন। আদালতে মামলা পরিচালনার সময় কোনো নাগরিকের সাংবিধানিক ও আইনগত অধিকার যেন ক্ষুণ্ণ না হয়, সে বিষয়েও তারা সচেতন থাকবেন বলে জানান। পাশাপাশি, দেশে মুক্ত ও দায়িত্বশীল গণমাধ্যমের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে অপতথ্য ও বিভ্রান্তিকর তথ্য প্রচার থেকে বিরত থাকার আহ্বান জানান তিনি।
(রেডিও টুডে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ এলিনা)

## সরকারের সমালোচনা অপরাধ নয়, রাষ্ট্রের বিরুদ্ধে বলা অপরাধ : তথ্য ও সম্প্রচার মন্ত্রী

সরকারের সমালোচনা অপরাধ নয়, রাষ্ট্রের বিরুদ্ধে বলা অপরাধ হিসেবে গণ্য হবে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার মন্ত্রী জহির উদ্দীন স্বপন। রোববার ঢাকা বিশ্ববিদ্যালয়ের গণসংযোগ ও সাংবাদিকতা বিভাগের প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় তিনি এমন মন্তব্য করেন। মন্ত্রী জানান, মুক্ত সাংবাদিকতার জন্য ৭৩ এর আইনটি সংশোধন করার সিদ্ধান্ত নিয়েছে সরকার। জুলাই গণ-অভ্যুত্থানেও একটি পক্ষের সাংবাদিকরা বিগত সরকারকে টিকিয়ে রাখার সাংবাদিকতা করেছে বলে অভিযোগ করেন মন্ত্রী। এ সময় মতপ্রকাশের স্বাধীনতা রোধে বিদ্যমান আইনের সমালোচনা করেন দৈনিক নিউ এইজ পত্রিকার সম্পাদক নূরুল কবীর।(রেডিও টুডে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ এলিনা)

## মানবতাবিরোধী অপরাধ মামলায় ওবায়দুল কাদেরসহ ৭ আসামির সাক্ষ্যগ্রহণ সম্পন্ন

জুলাই গণ-অভ্যুত্থানে মানবতাবিরোধী অপরাধের মামলায় আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদেরসহ সাত আসামির বিরুদ্ধে সাক্ষ্যগ্রহণ সম্পন্ন হয়েছে। একইসঙ্গে যুক্তিতর্ক উপস্থাপনের জন্য আগামী ৪ আগস্ট দিন করেছে আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল। রোববার বিচারপতি নজরুল ইসলাম চৌধুরীর নেতৃত্বাধীন তিন সদস্যের আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২ এ আদেশ দেন। ওবায়দুল কাদের ছাড়াও আওয়ামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক আ ফ ম বাহাউদ্দিন নাছিম, সাবেক তথ্য প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত, যুবলীগের সভাপতি শেখ ফজলে শামস পরশ ও সাধারণ সম্পাদক মাইনুল হোসেন খান নিখিল, ছাত্রলীগের সভাপতি সাদ্দাম হোসেন ও সাধারণ সম্পাদক শেখ ওয়ালী আসিফ ইনান। গত ১৭ ফেব্রুয়ারি সূচনা বক্তব্যের মাধ্যমে আলোচিত এ মামলার আনুষ্ঠানিক বিচার শুরু হয়। এর আগে, ২২ জানুয়ারি তাদের বিরুদ্ধে অভিযোগ গঠনের মাধ্যমে বিচার শুরুর আদেশ দেন আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল-২। এই মামলায় সাত আসামিই পলাতক।(রেডিও টুডে ওয়েব পেজ: ০২.০৮.২০২৬ এলিনা)

## মিয়ানমার থেকে পাইপলাইনে গ্যাস আমদানির প্রস্তাব বাংলাদেশের

দেশের চলমান জ্বালানি ও গ্যাস-সংকট নিরসনে মালয়েশিয়ার পর এবার প্রতিবেশী দেশ মিয়ানমারের সহায়তা চেয়েছে বাংলাদেশ। দেশটি থেকে থেকে পাইপলাইনের মাধ্যমে সরাসরি গ্যাস আমদানির আনুষ্ঠানিক প্রস্তাব দেওয়া হয়েছে। এক্ষেত্রে মিয়ানমারের সঙ্গে দীর্ঘমেয়াদি জ্বালানি সহযোগিতা বাড়ানোকে অগ্রাধিকার দিচ্ছে সরকার। রোববার সচিবালয়ে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদের সঙ্গে মিয়ানমারের রাষ্ট্রদূত কিয়াও সোয়ে মোয়ে সৌজন্য সাক্ষাৎ করলে এসব আলোচনা হয়। পরবর্তীতে মন্ত্রণালয় থেকে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে বিষয়টি নিশ্চিত করা হয়। বিজ্ঞপ্তিতে বলা হয়, দেশের প্রাকৃতিক গ্যাসের চাহিদা মেটাতে মিয়ানমার থেকে পাইপলাইনের মাধ্যমে গ্যাস আনার বিষয়ে বিশেষ আগ্রহ দেখায় বাংলাদেশ। এই প্রস্তাবকে ইতিবাচকভাবে গ্রহণ করেন মিয়ানমারের রাষ্ট্রদূত। বিজ্ঞপ্তিতে বলা হয়, মিয়ানমার থেকে বাংলাদেশের চট্টগ্রাম পর্যন্ত পাইপলাইন নির্মাণের যে প্রাথমিক আলোচনা অতীতে হয়েছিল, তা নতুন করে শুরুর আগ্রহ ব্যক্ত করেছে বাংলাদেশ। এসময় মিয়ানমারের রাষ্ট্রদূত বাংলাদেশে পাইপলাইনের পাশাপাশি তরলীকৃত প্রাকৃতিক গ্যাস হিসেবেও সরবরাহ করার সম্ভাব্যতা নিয়ে বিস্তারিত আলোচনার প্রস্তাব দিলে জ্বালানিমন্ত্রী তাতে ইতিবাচক সাড়া দেন। এতে আরও বলা হয়, জ্বালানি খাতের এই দ্বিপক্ষীয় আলোচনাকে বেগবান করার লক্ষ্যে বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ দুই দেশের সংশ্লিষ্ট মন্ত্রী পর্যায়ের বৈঠকের প্রস্তাব দেন। এ সময় তিনি মিয়ানমারের জ্বালানি মন্ত্রীকে বাংলাদেশ সফরের জন্য আনুষ্ঠানিক আমন্ত্রণ জানাবেন বলে জানান এবং প্রয়োজনে তিনি নিজেও মিয়ানমার সফর করার ব্যাপারে বিশেষ আগ্রহ প্রকাশ করেন। জ্বালানি মন্ত্রণালয়ের বিজ্ঞপ্তিতে বলা হয়, প্রধানমন্ত্রী তারেক রহমানের চীন সফরের কথা স্মরণ করিয়ে মন্ত্রী বলেছেন, চীন-মিয়ানমার-বাংলাদেশ করিডোর গড়ে তোলার যে প্রস্তাব দেওয়া হয়েছিল, পাইপলাইন স্থাপন করা হলে তা সেই করিডোর বাস্তবায়নে অত্যন্ত সহায়ক ভূমিকা পালন করতে পারে। মিয়ানমারের সঙ্গে বাংলাদেশের দীর্ঘমেয়াদি বাণিজ্যিক সম্পর্ক উন্নয়ন এবং জ্বালানি সহযোগিতা বাড়ানোর বিষয়টি নিয়েও আলোচনা হয়। মিয়ানমারের রাষ্ট্রদূত জানান, বাংলাদেশ-মিয়ানমার যৌথ কারিগরি কমিটি বৈঠক আয়োজন করে কারিগরি ও বাণিজ্যিক বিষয়গুলো পর্যালোচনা করা যেতে পারে। (রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৮.২০২৬ আসাদ)

## বিদায়ি অর্থবছরে বিদেশি ঋণ পরিশোধে রেকর্ড, ৪৫০ কোটি ডলার শোধ

বিদায়ি অর্থবছরে (২০২৫-২৬) বিদেশি ঋণ পরিশোধের ক্ষেত্রে এক নতুন রেকর্ড স্থাপন করেছে বাংলাদেশ। এ অর্থবছরে বিদেশি ঋণ পরিশোধ করতে হয়েছে প্রায় ৪৫০ কোটি ডলার, যা এযাবৎকালের রেকর্ড। রোববার বিদেশি ঋণ ছাড়, প্রতিশ্রুতি, ঋণ শোধ- এসব বিষয়ে হালনাগাদ চিত্র প্রকাশ করেছে অর্থনৈতিক সম্পর্ক বিভাগ ইআরডি। ইআরডির প্রতিবেদন অনুসারে, বিদায়ি অর্থবছরের (২০২৫-২৬) বিদেশি ঋণের সুদ ও আসলসহ মিলিয়ে প্রায় ৪৪৯ কোটি ৪০ লাখ ডলার শোধ করেছে বাংলাদেশ। এর আগে, কখনও এত ঋণ শোধ করা হয়নি। আগের অর্থবছরে ৪০৯ কোটি ডলার ঋণ পরিশোধ করা হয়েছিল। ইআরডি সূত্রে জানা গেছে, গত জুলাই-জুন সময়ে ৪৪৯ কোটি ৪০ লাখ ডলারের সমপরিমাণ অর্থ বিদেশি ঋণের সুদ ও আসল পরিশোধ করেছে বাংলাদেশ। এর মানে প্রতি মাসে গড়ে সাড়ে ৩৭ কোটি ডলারের বেশি ঋণ পরিশোধ করতে হয়েছে। এ সময়ে ঋণের আসল বাবদ পরিশোধ করা হয়েছে ২৯৫ কোটি ডলার। ঋণের সুদ বাবদ পরিশোধ করা হয়েছে ১৫৪ কোটি ডলার।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৮.২০২৬ আসাদ)

## প্রশাসনে নিজেদের লোক নিয়োগ বহির্বিশ্বেও প্রচলিত : রিজভী

সরকার পরিবর্তনের পরে প্রশাসনে নিজেদের লোক নিয়োগ বহির্বিশ্বেও প্রচলিত রয়েছে বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব ও প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা রুহুল কবির রিজভী। তিনি বলেন, সরকার পরিবর্তনের পর প্রশাসনের গুরুত্বপূর্ণ পদে নতুন সরকার নিজেদের লোক নিয়োগ দেয়, যা বিশ্বের বিভিন্ন দেশেও প্রচলিত। যুক্তরাষ্ট্রের ‘স্পয়েলস সিস্টেমের’ উদাহরণ দিয়ে রিজভী বলেন, সরকার পরিবর্তনের সঙ্গে সঙ্গে মার্কিন যুক্তরাষ্ট্রে হাজার হাজার পদে নতুন নিয়োগ হয়। এটি বেআইনি নয়। এটিও রাষ্ট্র চালানোর একটি প্রক্রিয়ার অংশ। আজ রোববার সন্ধ্যায় রাজশাহী বিশ্ববিদ্যালয় ছাত্রদল আয়োজিত ‘রক্তাক্ত জুলাই : স্মরণ ও প্রত্যয়’ শীর্ষক আলোচনা সভায় তিনি এমন মন্তব্য করেন। জামায়াতে ইসলামী সরকার গঠন করলে নিয়োগে বড়ো অনিয়ম হবে দাবি করে বিএনপির এই নেতা বলেন, ‘ভবিষ্যতে জামায়াত ক্ষমতায় এলে বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে বড়ো দলীয়করণ ঘটবে। এরই মধ্যে অন্তর্বর্তী সময়ে তাদের বিভিন্ন কার্যক্রমে এটি স্পষ্ট হয়েছে। জাতীয় নাগরিক পার্টির রাজনীতির সমালোচনা করে রিজাভী বলেন, তরুণদের রাজনৈতিক চিন্তা-ভাবনা হওয়া উচিত প্রগতিশীল ও অগ্রগামী। দেশকে নতুন কিছু দেওয়ার প্রত্যয় থেকেই তরুণদের রাজনীতি করা উচিত। কিন্তু তরুণদের দল এনসিপি একটি পশ্চাদমুখী রাজনৈতিক দলের সঙ্গে জোট করেছেন। রাজনৈতিক দর্শনের দিক থেকেও এটি সঠিক সিদ্ধান্ত নয়।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৮.২০২৬ আসাদ)

## বিরোধী দল দমনে সরকার বলপ্রয়োগের পথই বেছে নিয়েছে : হাসনাত

আমরা মনে করেছিলাম, নির্বাচন পরবর্তী সময়ে বলপ্রয়োগের মাধ্যমে বিরোধী দলকে দমনের যে রাজনৈতিক সংস্কৃতি ছিল, তার পরিবর্তন ঘটবে। কিন্তু অপ্রত্যাশিতভাবে নির্বাচিত সরকারও বিরোধী দলকে দমনে সেই পুরোনো নিপীড়নের পথই বেছে নিয়েছে বলে মন্তব্য করেছেন সংসদ সদস্য ও জাতীয় নাগরিক পার্টি দক্ষিণাঞ্চলের মুখ্য সংগঠক হাসনাত আবদুল্লাহ। রোববার বিকেলে দেবিদ্বার উপজেলা পরিষদের পরিদর্শন কক্ষে স্থানীয় সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এসব কথা বলেন। হাসনাত আবদুল্লাহ বলেন, একটি গণতান্ত্রিক রাষ্ট্রে ভিন্নমত ও রাজনৈতিক বিরোধিতা থাকা স্বাভাবিক। কিন্তু বিরোধী দলের স্বাভাবিক রাজনৈতিক কর্মসূচিতে বাধা দেওয়া কোনোভাবেই গ্রহণযোগ্য নয়। তিনি অভিযোগ করে বলেন, হবিগঞ্জে আমাদের কর্মসূচিতে পুলিশ দিয়ে বাধা দেওয়া হয়েছে। একইসঙ্গে একাধিকবার আমাদের নেতাকর্মীদের গাড়ি ভাঙচুর করা হয়েছে। এসব ঘটনা অপ্রত্যাশিত এবং রাজনৈতিকভাবে বিএনপির জন্য নেতিবাচক হিসেবে বিবেচিত হবে মন্তব্য করেন তিনি। দেবিদ্বার পৌরসভার সিএনজি স্ট্যান্ড ইজারা প্রসঙ্গে তিনি বলেন, পৌরসভার উন্নয়নমূলক কর্মকাণ্ড সচল রাখার স্বার্থে নিয়ম অনুযায়ী সিএনজি ও অটোরিকশা থেকে নির্ধারিত পৌর কর আদায় করতে হবে। তবে ইজারার এক্তিয়ারের বাইরে গিয়ে এক টাকাও বাড়তি আদায় করা যাবে না। দেবিদ্বারে কোনো ধরনের চাঁদাবাজি সহ্য করা হবে না। প্রশাসনের অনুমোদন এবং নির্ধারিত কর হার ছাড়া কোনো ব্যক্তি বা গোষ্ঠী কোনো স্থান থেকে অর্থ আদায় করতে পারবে না।
(রেডিও টুডে ওয়েব পেজ:০২.০৮.২০২৬ আসাদ)

# BBC

## TRUMP CANCELS IRAN STRIKES SUBJECT TO DEAL BEING MADE 'RAPIDLY'

Donald Trump says he has cancelled strikes against Iran, provided a deal is struck "rapidly" with the country. In a post on Truth Social, the US president said he had been asked by Iran and other countries in the Middle East to "hold off" on any attack as the "perimeters" of a deal had been agreed. Trump's comments came after reports that the US and Israel may have been planning new, intense strikes on Iran. It is not the first time that Trump has issued apocalyptic warnings, only to subsequently insist that diplomacy was being given a chance. Iran's semi-official Mehr news agency denied that Tehran had asked the US to hold off on further military action, saying Trump's claims were "nothing but a new lie". Iran's acting

Defence Minister Majid Ibn al-Reza said Tehran viewed every threat from its adversaries as "real and credible" even if it formed part of psychological warfare.
(BBC News Web Page: 02/08/26, FARUK)

**FIVE DEAD, 41 MISSING AFTER INDONESIA FERRY CATCHES FIRE**

Five people have been found dead and 41 are missing after an Indonesian ferry carrying at least 250 people caught fire while at sea, officials say. The captain of the ship reported the fire - off Madura island - as the vessel sailed from the country's second-largest city, Surabaya in East Java, to Makassar in South Sulawesi, according to Basarnas, the National Search and Rescue Agency. Footage played by local Indonesian news outlet iNews shows large numbers of people in life jackets on what appears to be a lifeboat. Other clips show people climbing down from the ferry that has flames and plumes of smoke coming from the top of the vessel. Basarnas posted a video to its TikTok, with a statement saying at 08:24 the Surabaya Search and Rescue office received information that passenger ship KMP Mutiara Sentosa 2 was on fire. (BBC News Web Page: 02/08/26, FARUK)

**TOURIST PLANE CRASHES IN PERU, KILLING 13**

A small plane carrying tourists has crashed in Peru, killing all 13 people on board, according to local news reports and Peruvian officials. The aircraft, a Cessna Caravan C-208, had been flying over Nazca Lines archaeological site when it went down on Saturday. Eleven passengers and two pilots were on board. The passengers included two German, two Spanish and seven Italian tourists, Peru's state news agency reported. The cause of the crash is not yet clear. The Nazca Lines is a popular tourist attraction and Unesco World Heritage sure in southern Peru that features ancient drawings of animals in desert sand. Tourists often fly in small planes to see the extent of the drawings. The crash happened around 13:00 local time in the Pueblo Viejo region after the plane departed from an airport in Pisco, Peru. (BBC News Web Page: 02/08/26, FARUK)

**ITALY PUTTING NEARLY ALL MAJOR CITIES ON HIGHEST HEAT ALERT**

Italy is putting nearly all of its major cities on the highest "red" alert for high temperatures, as a new heatwave grips the country. Health officials say 19 cities from north to south - including the capital Rome, Venice and Naples - are already at red alert, and by Monday all but two cities will be. Temperatures hit mid-30s C in many places on Saturday, and authorities are warning of risks to even healthy and active people - not just groups including the elderly, very young children and people with chronic illnesses. The warnings come as several European nations battle devastating wildfires after a succession of heatwaves that have created favourable conditions for blazes. In its latest heatwave bulletin published on Saturday, the Italian health ministry says that by Monday, some 25 of the country's 27 major cities will be on red alert. (BBC News Web Page: 02/08/26, FARUK)

**THREE KILLED AFTER BOMB DETONATED AT MOSCOW RESTAURANT: STATE MEDIA**

At least three people have been killed and 21 injured after a homemade explosive device was detonated at an Italian restaurant in Moscow, Russian state media reports, quoting security officials. The blast happened at about 20:00 local time on Kudrinskaya square near the city centre. The National Anti-Terrorist Committee said a woman carrying the explosives tried to enter the restaurant but was stopped by a security guard. The device detonated, killing the woman, the guard and a visitor to the Balzi Rossi restaurant, which had been holding a private function. Authorities have not said who they believe was the target, but many Muscovites will suspect a link to the war in Ukraine. The mayor of Moscow, Sergei Sobyanin, said the blast was "a cruel act of terror which took human lives".
(BBC News Web Page: 02/08/26, FARUK)

**CURRENT EBOLA OUTBREAK WORST EVER IN DR CONGO: WHO**

The Ebola outbreak in the Democratic Republic of Congo is the biggest in the country's history, the World Health Organization (WHO) has said. As of 30 July, there were 3,605 confirmed cases including 1,587 deaths - a fatality rate of 44%. The current outbreak is caused by the Bundibugyo strain of the virus. It was declared on 15 May 2026 and surpasses the previous biggest outbreak between 2018 and 2020, which had nearly 3,500 recorded cases of whom almost 2,300 died. There is currently no approved vaccine or treatment for the Bundibugyo strain, but vaccines are being developed in the UK and Singapore. Ebola, which spreads through contact with bodily fluids, has killed 15,000 people

across Africa over the last 50 years. The WHO said in a statement posted on X that the outbreak was "intensifying, with sustained transmission and continued increases in reported cases and deaths". (BBC News Web Page: 02/08/26, FARUK)

**ISRAELI FORCES KILL 8 IN GAZA, TOLL NOW 18 SINCE LATEST TRUMP PEACE PLAN**

Israeli forces have killed at least eight more Palestinians in Gaza, including two children, bringing the death toll to 18 in the three days since US President Donald Trump announced a plan he described as a "monumental step" towards peace and security in the shattered enclave. The eight deaths on Sunday included three people killed in an air strike on a residential apartment in the Al-Sousi Tower in western Gaza City - Abdullah Abu Taif, 33, his wife Abeer Anan, 29, and their five-year-old son Azzam - according to medical sources at Al-Shifa Hospital. An attack targeting an apartment in Al-Qarara, northwest of the city of Khan Younis, killed three members of the Al-Hams family - father Mahmoud, 38, his wife Fatima, 37, and their young daughter. Three others were wounded, medical sources at Nasser Hospital said. Kamu Abu Muailiq, 68, and his wife Huda, 59, were killed in a strike on their home near Deir al-Balah in central Gaza, medics said. An overnight Israeli strike also targeted medicine warehouses attached to Al-Aqsa Martyrs Hospital in Deir Al-Balah.
(BBC News Web Page: 02/08/26, FARUK)

**HUNGARY PLANS TO SHUT DOWN ONLY NUCLEAR POWER PLANT AMID DROUGHT**

Hungary has announced it will shut down its only nuclear power plant after record-low levels on the Danube River reduced the water available for cooling its reactors. Prime Minister Peter Magyar said the Paks Nuclear Power Plant in central Hungary would be powered down on Sunday, the first full shutdown in its 44-year history. The plant supplies nearly half of Hungary's electricity. Magyar said output had fallen to 965 megawatts on Friday and to 240 overnight, far below the normal 2,000. The Soviet-built, four-reactor plant south of Budapest siphons water from the Danube for cooling, but low river levels have impacted its pumps ability to draw in enough water. A river level of minus 134cm at Paks forces a full shutdown, and the level is expected to fall as low as 144cm, far below the previous 98cm record set in 2018. (BBC News Web Page: 02/08/26, FARUK)

**SOUTH KOREA HAS HOTTEST DAY ON RECORD AMID EXTREME WEATHER GLOBALLY**

South Korea has recorded its highest temperature since national weather records began more than a century ago, as an intense heatwave grips the country, the latest in a year of climate extremes that have caused droughts, wildfires, floods and powerful storms around the globe. The southeastern city of Yangsan reached 42.5 degrees Celsius at 01:26pm local time on Sunday, according to the Korea Meteorological Administration (KMA). It was the fifth consecutive day that temperatures in Yangsan exceeded 40C. Heat warnings remain in effect across much of South Korea, with temperatures climbing into the upper 30s in many cities. More than 20 localities were under emergency heatwave alerts on Sunday, a warning category introduced this year in response to increasingly severe summer temperatures. The emergency alert is issued when forecasts predict either a perceived temperature of at least 38C or an actual temperature of 39C or higher for a single day.
(BBC News Web Page: 02/08/26, FARUK)

## :: THE END ::